৫। Disability inclusive Disaster Risk Management' সংক্রান্ত জাতীয় টাস্কফোর্সের ৫ম সভা ১৬ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বন্যাপ্রবণ জেলাসমূহে Multipurpose Accessible Rescue Boat সরবরাহের লক্ষ্যে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ নৌবাহিনীর সঙ্গে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী ০৪ ডিসেম্বর ২০১৯ তারিখে চুক্তি সম্পাদনপূর্বক প্রতি বছর ২০টি করে ৩ বছরে মোট ৬০ টি Multipurpose Accessible Rescue Boat বন্যাপ্রবণ জেলাসমূহে সরবরাহ করা হবে। ডিসেম্বর ২০২১ এর মধ্যে ২০ টি বোট হস্তান্তর করা হবে এবং সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে ৮টি জেলায় তৈরিকৃত বোট হস্তান্তর করা হবে।

৬। Disability inclusive Disaster Risk Management' সংক্রান্ত জাতীয় টাস্কফোর্সের সভার সিদ্ধান্ত অনুযায়ী 'প্রতিবন্ধিতা বান্ধব দুর্যোগ ঝুঁকিহ্রাস বিষয়ক প্রশিক্ষণ মডিউল' এবং 'দুর্যোগ প্রতিবন্ধী ব্যক্তিদের সাথে কার্যকর যোগাযোগ স্থাপন এবং নিরাপদ উদ্ধার ও অপসারণ বিষয়ক প্রশিক্ষণ মডিউল' প্রণয়ন করা হয়েছে।

৭। People's Republic of China এর বাণিজ্য মন্ত্রণালয় ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত MOU এর আলোকে চীন সরকারের অর্থায়নে ন্যাশনাল ইমারজেন্সি অপারেশন সেন্টার (NEOC) প্রতিষ্ঠার জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ০৯/০২/২০১৬ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল সভায় (NDMC) খাদ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কেন্দ্রীয় খাদ্য গুদামের অভ্যন্তরে ০১ (এক) একর জমি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং জমি হস্তান্তর প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

৮। জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা (NPDM) ২০২১-২০২৫ এর খসড়া প্রণয়নপূর্বক মার্চ ২০২০ মাসে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

৯। "অভ্যন্তরীণ বাস্তুচ্যুত ব্যবস্থাপনা বিষয়ক জাতীয় কৌশলপত্র" ফেব্রুয়ারি ২০২১ এ চূড়ান্ত করা হয়েছে এবং কৌশলপত্র বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রস্তুত করা হচ্ছে যা ডিসেম্বর ২০২১ এর মধ্যে সম্পন্ন হবে।

১০। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং সশস্ত্র বাহিনী বিভাগের যৌথ উদ্যোগে ২৭-৩১ অক্টোবর ২০১৯ তারিখে ঢাকা এবং রংপুরে একযোগে ডিজাস্টার রেসপন্স এক্সারসাইজ এন্ড এক্সচেঞ্জ (DREE)-এ বাংলাদেশর সরকারি ও বেসরকারি সংস্থাসমূহ, ১৮ টি দেশের প্রতিনিধিবৃন্দ এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর এর প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

১১। টাঙ্গাইল পৌরসভার ১৩ নং ওয়ার্ড এবং রংপুর সিটি কর্পোরেশনের ১৯ নং ওয়ার্ডের জন্য আর্থকোয়েক কন্টিনজেন্সি প্যান প্রণয়ন করে মার্চ ২০২০ মাসে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

১২। ২৫ জন ভিকটিমকে দুর্যোগ পরবর্তী সময়ে সাইকোসোশ্যাল কাউন্সিলিং প্রদান করা হয়েছে।

১৩। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইন্সিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারিবিলিটি স্টাডিজ এর ৪০ জন শিক্ষার্থীর ইন্টার্নশীপের আওতায় ০৫টি বিষয়ে সমীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং মাননীয় মন্ত্রির উপস্থিতিতে এগুলোর ফিডব্যাক নিয়ে চূড়ান্ত করা হয়েছে।

১৪। বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP) এর সহায়তায় ২-৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখে ২ দিনব্যাপী "Adaptive Social Protection, Technical and Policy Consideration" শীর্ষক সিম্পোজিয়াম অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

১৫। বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP) এর সহায়তায় ০৭ জানুয়ারি ২০২০ তারিখে "Building Resilience to Achieve Zero Hunger (BRAZH)" এর Launching Ceremony আয়োজন করা হয়েছে।

১৬। কোভিড-১৯ এর প্রথমাবস্থায় মার্চ ২০২০ মাসে করোনার অভিঘাত মোকাবিলায় বিশেষত প্রতিবন্ধী জনগোষ্ঠীসহ সকলের সুরক্ষার জন্য সার্বিক প্রস্তুতি গ্রহণের নিমিত্ত SOD অনুযায়ী ওয়ার্ড, ইউনিয়ন এবং উপজেলা কমিটিগুলোকে দ্রুত কার্যকর করার জন্য সকল জেলা প্রশাসককে পত্র দেয়া হয়েছে।

৪.৪ ন্যাশনাল ডিজাষ্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)

দুর্যোগ মানে প্রকৃতি বা মনুষ্যসৃষ্ট অথবা জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট যেকোন ঘটনা যার ব্যাপকতা ও ভয়াবহতা আক্রান্ত এলাকার জনগোষ্ঠীর জীবন ও জীবিকা, গবাদি পশু, পাখি ও মৎস্যসম্পদ, স্বাভাবিক জীবনযাত্রা ও পরিবেশের এরুপ ক্ষতিসাধন করে অথবা এরুপ মাত্রায় ভোগান্তির সৃষ্টি করে, যা মোকাবিলায় ঐ জনগোষ্ঠীর নিজস্ব সম্পদ, সামর্থ্য ও সক্ষমতা যথেষ্ট নয় এবং যা মোকাবিলার জন্য আক্রান্ত এলাকার বাইরে থেকে মানবিক ও অন্যান্য সহায়তার প্রয়োজন হয়। দুর্যোগ দুর্ঘটনাবশত অকস্মাৎ অথবা জটিল ও দীর্ঘমেয়াদি প্রক্রিয়ার ফলস্বরূপ সংঘটিত হতে পারে। সাম্প্রতিককালে বন্যা, খরা, জলোচ্ছ্বাস, ভূমিধ্বস, দাবানলের মত নানা দুর্যোগে সারা পৃথিবীর ন্যায় বাংলাদেশও হুমকির মুখে। তদুপরি অতিমারী করোনা (COVID-19) সংক্রমণ ও মৃত্যু ঝুঁকিতে বাংলাদেশ অন্যতম।

বাংলাদেশ নিঃসন্দেহে বিশ্বের অন্যতম দুর্যোগপ্রবণ একটি দেশ। দুর্যোগ এ দেশে বিশেষ করে দরিদ্র মানুষের অর্থনৈতিক সংস্থানের ভিত্তিকে বিপন্ন করে দেয় এবং অর্থনৈতিক উন্নয়নের গতি রুদ্ধ করে। মানুষের জীবন ও জীবিকা তথা আর্থ-সামাজিক উন্নয়নের ধারা অব্যাহত রাখতে কার্যকর সমন্বয় দুর্যোগ ব্যবস্থাপনায় অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে দারিয়েছে। সাম্প্রতিক সময়ে প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনায় বাংলাদেশ বিশ্বজুড়ে বিশ্বাসযোগ্যতা এবং খ্যাতি অর্জন করেছে। এক্ষেত্রে প্রাতিষ্ঠানিক প্রয়াস ও আইনি প্রচেষ্টা বাংলাদেশের দুর্যোগকবলিত মানুষের দুর্ভোগ ও বিরম্বনা প্রশমনের ক্ষেত্রে ভূমিকা রাখছে।

দুর্যোগ মোকাবেলায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বিভাগ, এজেন্সি, স্থানীয় সরকার সংস্থা এবং জনগণের মধ্যে যথাযথ সমন্বয় বজায় রাখতে এবং দুর্যোগ আক্রান্ত জনগণের ভোগান্তি হ্রাস করার লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলোর কার্যকারিতা নিশ্চিত করতে বাংলাদেশ সরকার জাতীয় থেকে তৃণমূলের স্তর পর্যন্ত আনুষঙ্গিক ব্যবস্থা নিশ্চিত করেছে। এ প্রক্রিয়া সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে স্ট্যান্ডিং অর্ডার অন ডিজাস্টার (এসওডি) নির্দেশকের ভূমিকা পালন করে। এসওডি অনুসারে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল থেকে শুরু করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নেতৃত্বে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (ইউডিএমসি) ও ইউনিয়ন ওয়ার্ড সদস্যের সভাপতিত্বে ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি পর্যন্ত দুর্যোগ ব্যবস্থাপনায় ভূমিকা পালন করছে।

দুর্যোগ ব্যবস্থাপনায় দুর্যোগ সংক্রান্ত তথ্য ব্যবস্থাপনা (Disaster Information Management) অধিক গুরুত্বপূর্ণ একটি বিষয়। দুর্যোগব্যবস্থাপনার ক্ষেত্রে দুর্যোগের আগাম তথ্য অর্থাৎ পূর্বাভাস পাওয়া জরুরী। যে কোন দুযোগের পূর্বাভাস ব্যবস্থাপনার উপর দুর্যোগে জনজীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি নির্ভর করে। বাংলোদেশ আবহাওয়া অধিদপ্তর এবং বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের মাধ্যমে প্রাপ্ত দুর্যোগ সংক্রান্ত আগাম বার্তা বা দুর্যোগের পূর্বাভাসসমূহ সঠিক সময় দ্রুত জাতীয় পর্যায় থেকে ওয়ার্ড পর্যায়ে অবস্থিত দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসমূহ ও দুর্যোগে সাড়াদানকারী প্রতিষ্ঠানসমূহের নিকট পৌঁছে দেয়া এবং তৃণমূল পর্যায়ের জনগণের মাঝে প্রচার করা হয়। এতে সাড়াদানকারী প্রতিষ্ঠানসমূহ ও স্বেচ্ছাসেবকদলসহ রেডক্রিসেন্ট, বাংলাদেশ স্কাউট ও স্থানীয় জনপ্রতিনিধি এবং জননেত্রীবৃন্দ দ্রুত সাড়াদান করতে সক্ষম হয়, পাশাপাশি জনগণ সম্ভাব্য দুর্যোগ মোকাবেলায় প্রস্তুতি গ্রহণ করতে পারে। সরকারের পক্ষেও দুর্যোগ মোকাবেলায় পুর্বপ্রস্তুতি গ্রহণে দিকনির্দেশনা প্রদানসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ সহজতর হয়। এক্ষেত্রে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র (NDRCC) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। একই সাথে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রাপ্ত দুর্যোগ সংক্রান্ত তথ্য সংশিষ্ট স্থানীয় (জেলা/উপজেলা) প্রশাসন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং অপরাপর সরকারী সংস্থা থেকে সমন্বয়ের মাধ্যমে দৈনিক প্রতিবেদন প্রস্তুত করে।

এ প্রতিবেদন দুর্যোগ মোকাবিলা ও যথা সম্ভব জরুরি ভিত্তিতে সংঘটিত দুর্যোগে ক্ষতিগ্রস্থ মানুষের বিরম্বনা নিরসনে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়। সম্ভাব্য দুর্যোগ মনিটরিংসহ সতর্ক প্রদানকারী সংস্থা ও সংশিষ্ট দায়িত্বপ্রাপ্ত সংস্থার মধ্যে তথ্য আদান প্রদান নিশ্চিত করে। এছাড়াও NDRCG এর পক্ষে দুর্যোগ ও তৎসংক্রান্ত সাড়াদান বিষয়ক আনুষ্ঠানিক তথ্য ভান্ডার হিসাবে কাজ করে। মাঠ পর্যায় থেকে দুর্যোগের ক্ষয়ক্ষতি এবং ত্রাণ বিতরণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করে NDRCC হতে প্রতিদিন নিয়মিত প্রতিবেদন প্রকাশ করা হয়।

- দুর্যোগের আগাম সতর্ক বার্তা প্রচারের মাধ্যমে তাৎক্ষণিকভাবে সাড়াদান করা সম্ভব হয়।
- জাতীয় ও স্থানীয় পর্যায়ে তথ্য বিনিময় ও দ্রুত সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে দুর্যোগে কার্যকর প্রস্তুতি এবং সাড়াদানে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়।
- প্রযুক্তি ও তথ্য ব্যবহারের মাধ্যমে পূর্বপ্রস্তুতি ও সাড়াদান দক্ষতার সাথে বাস্তবায়নের ফলে দুর্যোগের ক্ষয়ক্ষতি বহুলাংশে কমিয়ে উন্নয়ন টেকসইকরণে ভূমিকা রাখা সম্ভব।
- জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্রের মাধ্যমে সংকলিত দুর্যোগ সংক্রান্ত তথ্য "সরকারের তথ্যসূত্র" হিসেবে দেশী ও বিদেশী বিভিন্ন ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় ব্যবহার করা হয়।

পাশাপাশি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় দুর্যোগ পরবর্তী ক্ষয়ক্ষতির তথ্যসমূহ সুষ্ঠ ব্যবস্থাপনার মাধ্যমে প্রক্রিয়াকরণ এবং সংরক্ষণ করা প্রয়োজন মনে করছে। এ জন্য online এ software ব্যবস্থার উন্নয়ন করে জাতীয় পর্যায় থেকে ইউনিয়ন পর্যায়ের সংশ্লিস্ট ব্যক্তি/প্রতিষ্ঠানকে অন্তর্ভূক্ত করার কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। বাংলাদেশে দুর্যোগের পূর্বাভাস/আগাম তথ্য প্রদান, দুর্গতদের উদ্ধার, মানবিক সহায়তা এবং পুনর্বাসন কার্যক্রমসহ এ সংক্রান্ত তথ্য ব্যবস্থাপনার জন্য software development এর কার্যক্রম হাতে নেয়া হয়েছে।

NDRCC'র কার্যক্রমসমূহঃ

১) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র থেকে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের পূর্বাভাস/আগাম তথ্য টেলিফোন, ফ্যাক্স, ইমেইল/ ক্ষুদে বার্তা এর মাধ্যমে সংগ্রহ এবং সংশিষ্ট ব্যক্তি/ প্রতিষ্ঠান ও উর্ধ্বতন কর্মকর্তা বরাবরে দ্রুতপ্রেরণ করণ। একই সাথে সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনাসমুহও প্রেরণ করণ।

২) দুর্যোগের পূর্বাভাস ও দেশের সকল নদ-নদীর অবস্থা সংক্রান্ত তথ্য সমন্বিত প্রতিবেদন তৈরী এবং বিভিন্ন কর্তৃপক্ষকে অবহিত করণ।

৩) ঘূর্ণিঝড়, বন্যা ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহপূর্বক জেলাওয়ারী ক্ষয়ক্ষতির বিস্তারিত প্রতিবেদন প্রণয়ন ও এ মন্ত্রণালয় হতে ত্রাণ সামগ্রী বরাদ্দের বিবরণ তৈরী করাসহ সরকারের উচ্চ পর্যায়ে অবহিতকরণ সংক্রান্ত কার্যাবলী সম্পন্ন করণ।

৪) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়ের বিভিন্ন শাখা কর্তৃক জারীকৃত ত্রাণ সামগ্রী / অর্থের বরাদ্দের তথ্য বেতার/ টেলিফোন/ ফ্যাক্স/ইমেইল/ক্ষুদে বার্তা' এর মাধ্যমে জেলা পর্যায়ে প্রেরণ।

৫) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, স্পারসো, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রে, ডিজাষ্টার ম্যানেজমেন্ট ইনফরমেশন সেন্টার, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিটি কর্পোরেশন প্রভৃতি প্রতিষ্ঠানের সাথে দুর্যোগ সংক্রান্ত তথ্যের আদান প্রদান সমন্বয় করণ।

৬) ঘূর্ণিঝড়/ জলোচ্ছ্বাস/ সুনামী/ ভূমিকম্প/ অগ্নিকান্ড/ খরা/ বন্যা প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগ সংক্রান্ত তথ্য বেতার/টেলিফোন/ফ্যাক্স/ইমেইল/ক্ষুদে বার্তা'র মাধ্যমে সংগ্রহ এবং সংশিষ্ট ব্যক্তি, প্রতিষ্ঠান ও উর্ধ্বতন কর্মকর্তা বরাবরে প্রেরণ সংক্রান্ত কার্যাবলী।

৭) বন্যার পূর্বাভাস ও দেশের সকল নদ-নদীর অবস্থা সংক্রান্ত প্রতিবেদন তৈরী এবং বিভিন্ন কর্তৃপক্ষকে অবহিত করণ।

৮) ভূমিকম্প সংঘটিত হওয়ার সংবাদ প্রাপ্তির সাথে সাথে সংশিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অবহিতকরণ।

৯) সুনামী পূর্বাভাস এবং এ সংক্রান্ত তথ্যাদি গ্রহণের সাথে সাথে উর্ধ্বতন ও সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষকে অবহিতকরণ।

১০) আবহাওয়ার পূর্বভাস/ বঙ্গোপসাগরে নিম্নচাপের সৃষ্টি হলে নিম্নচাপ সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহ করতঃ তাৎক্ষনিকভাবে উর্দ্ধতন ও সংশিষ্ট স্থানীয় কর্তৃপক্ষকে অবহিতকরণ এবং এই বিষয়ে সরকারের উচ্চ পর্যায়ের নির্দেশ/ সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট দপ্তর/জেলাসমূহে প্রেরণ।

১১) ঘূর্ণিঝড়/ সুনামী/ ভূমিকম্প/ বন্যা ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ পূর্বক জেলাওয়ারী ক্ষয়ক্ষতির বিস্তারিত প্রতিবেদন প্রণয়ন ও এ মন্ত্রণালয় হতে ত্রাণ সামগ্রী বরাদ্দের বিবরণ তৈরী করাসহ সরকারের উচ্চ পর্যায়ে অবহিতকরণ সংক্রান্ত কার্যাবলী।

১২) ই-মেইল/ ফ্যাক্সের মাধ্যমে দেশ বিদেশে দুর্যোগকালীন ও দুর্যোগ উত্তর সময়ে দুর্যোগ সংক্রান্ত তথ্য বিনিময়।

১৩) COVID-19 সংক্রমনের ক্ষয়ক্ষতি সংক্রান্ত তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ।

১৪) NDRCG- National Disaster Response Co-ordination Group-কে সাচিবিক সহায়তা প্রদান এবং প্রয়োজনে সভা আহ্বান করা।

১৫) সিভিল মিলিটারী Co-ordination এ সহায়তা প্রদান (জরুরী ত্রাণ কার্য সম্পাদনের সময়)।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মোঃ এনামুর রহমান ঢাকায় দৈনিক কালের কণ্ঠের সম্মেলন কক্ষে 'ভূমিকম্পের ঝুঁকি ও প্রস্তুতি' শীর্ষক গোলটেবিল বৈঠকে বক্তৃতা করেন (বুধবার, ১৬ জুন ২০২১)-পিআইডি

৪.৫ প্রশাসন অনুবিভাগ

৪.৫.১ সাধারণ প্রশাসন

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রশাসন অধিশাখা তথ্য অধিকার আইন, মন্ত্রণালয়/অধিদপ্তরে ন্যস্তকৃত কর্মকর্তাদের (প্রেষণে/সংযুক্তি) অভ্যন্তরীন পদায়ন/অবমুক্তি, ১১-২০ তম গ্রেডের কর্মচারী নিয়োগ, ঋণ মঞ্জুরী, ভবিষ্য তহবিল হতে অগ্রিম উত্তোলন মঞ্জুরী, পদোন্নতি, বিভাগীয় ব্যবস্থা, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী, ছুটি লিয়েন, বাসা বরাদ্দ, লাম্প গ্রান্ট এমাউন্ট মঞ্জুরী, না-দাবী প্রত্যয়নপত্র প্রদান, পেনশন ও আনুতোষিক ভাতা মঞ্জুরী এবং অবসর প্রদানসহ জনপ্রশাসন বিষয়ক যাবতীয় কার্যাবলী সম্পাদন করে থাকে। এছাড়া তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষের আদেশক্রমে অন্যান্য কার্যাদি নিষ্পন্ন করা হয়ে থাকে।

২০২০-০২১ অর্থ বছরে এ অধিশাখা হতে নিম্নবর্ণিত গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ সম্পাদিত হয়েছে-

১. বিভিন্ন গ্রেডের (১১ তম হতে ২০ তম) ৩৯ জন কর্মচারী নিয়োগ প্রদানের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

২. প্রশাসনিক কর্মকতা পদে ০৫ জন, ব্যক্তিগত কর্মকতা পদে ০৪ জন, সুপারিনটেনডেন্ট পদে ০৪ জন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ০২ জন এবং ক্যাশ সরকার পদে ০১ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে। তাছাড়া জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী চাকুরির ১০ বছর পূর্তিতে অডিটর ০৬ জন, ড্রাইভার ০২ জন এবং অফিস সহায়ক ০৩ জন কর্মচারীকে উচ্চতর গ্রেডে প্রদান করা হয়েছে।

৩. ১ম শ্রেণীর ০৩ জন কর্মকর্তার অনুকূলে পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অগ্রায়ন করা হয়।

৪. মন্ত্রণালয় ও অধিদপ্তরের ৫২ জন কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে শ্রান্তি বিনোদন ছুটি এবং মন্ত্রণালয়ের ২ জন কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে অর্জিত ছুটি মঞ্জুর করা হয়েছে।

৪.৫.২ অডিট অধিশাখা

নিরীক্ষা কার্যক্রমের বার্ষিক বিবরণী

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ সমূহের নাম	অডিট আপত্তি (নতুন আপত্তি সহ)			নিষ্পত্তিকৃত অডিট আপত্তি		অনিষ্পন্ন অডিট আপত্তি	
		সংখ্যা	টাকার পরিমান (কোটি টাকায়)	ব্রডশীটে জবাবের সংখ্যা	সংখ্যা	টাকার পরিমান (কোটি টাকায়)	সংখ্যা	টাকার পরিমান (কোটি টাকায়)
	১	২	৩	৬	৭	৮	৯	১০
০১	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সংবিধিবদ্ধ অডিট আপত্তি)	২০১৭	২২১৮.৮৮	৩৫	৭৩৯	৮৯.৫৬	১২৭৮	২১২৯.৩২
০২	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (অভ্যন্তরীণ অডিট আপত্তি)	৪০৭৯	২১৩.৪৬	১০৪	৯৪২	২৯.৮২	৩১৩৭	১৮৩.৬৪
	সর্বমোট	৬০৯৬	২৪৩২.৩৪	১৩৯	১৬৮১	১১৯.৩৮	৪৪১৫	২৩১২.৯৬

৪.৬ বাজেট, পরিকল্পনা ও উন্নয়ন কার্যক্রম

৪.৬.১ পরিকল্পনা অধিশাখা

২০২০-২১ অর্থ বছরে পরিকল্পনা অধিশাখা হতে এ মন্ত্রণালয়ের ০১ (একটি) টি নতুন প্রকল্প অনুমোদিত হয়। পরিকল্পনা অধিশাখা হতে ২০২০-২১ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত উন্নয়ন প্রকল্প এবং অনুন্নয়ন বাজেটে অন্তর্ভুক্ত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতির ওপর ১২টি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। মাসিক ও ত্রৈমাসিক রিপোর্ট IMED তে যথাসময়ে প্রেরণ করা হয়। বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভা নিয়মিত আহ্বান করা হয় এবং সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ করা হয়। এ ছাড়া এ অধিশাখার কর্মকর্তারা নিয়মিত প্রকল্প এলাকা পরিদর্শন করেন, পরিদর্শন প্রতিবেদন দাখিল এবং অগ্রগতি পরিবীক্ষণ করেন ।

২০২০-২১ অর্থ বছরে মূল ADP তে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১৩ টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ছিল ১৬৮৯ কোটি ৭৬ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি ১৩৯৮ কোটি ১৩ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২৯১ কোটি ৬৩ লক্ষ টাকা। অপরদিকে, জুন ২০২১ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১৫৩৮ কোটি ০৮ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১৩২৬ কোটি ৪৭ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২১১ কোটি ৬১ লক্ষ টাকা এবং মন্ত্রণালয়ের আর্থিক অগ্রগতি ৯১.০২%, যার মধ্যে জিওবি ৯৭.০২% ও প্রকল্প সাহায্য ৭২.৫৬%।

৪.৬.২ প্রকৌশল সেল

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ৬টি অবকাঠামো নির্মাণধর্মী প্রকল্প বাস্তবায়নাধীন আছে। এগুলো হলোঃ (১) "গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ, (২) গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প, (৩) বাংলাদেশ উপকূলীয় ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প, (৪) বন্যা প্রবণ ও নদী ভাংগন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) শীর্ষক প্রকল্প, (৫) "জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্যকেন্দ্র নির্মাণ"-শীর্ষক প্রকল্প এবং (৬) "মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন"- শীর্ষক প্রকল্প। এ প্রকল্পগুলির ড্রইং, ডিজাইন, প্রাক্কলন ও এলজিইডি/পিডব্লিউডি এর রেট সিডিউল অনুযায়ী ঠিক আছে কি না তা পরীক্ষা নিরীক্ষা করা হয়। প্রতি মাসে মাঠ পর্যায়ে প্রকল্প পরিদর্শন করে প্রকল্পের নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট প্রকল্প এলাকা পরিদর্শন করে সুপারিশ করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত বন্যা আশ্রয়কেন্দ্রেও প্রকল্প স্থান নির্বাচন, মাটি পরীক্ষা ও নকশা প্রণয়ন

সংক্রান্ত সুপারিশ করা হয়। বন্যা ও ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের নির্মাণ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সংগ্রহ করা হয়। জাতীয় সংসদের পশ্নোত্তরসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়। বিভাগ ও জেলা পর্যায়ের কর্মকর্তাগণের প্রকল্প পরিদর্শনের সুপারিশের ভিত্তিতে প্রকল্পটির বাস্তবায়ন কাজ হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট প্রতিবেদন প্রেরণ করা হয় এবং তা যাচাই করা হয়।

৪.৬.৩ বাজেট অধিশাখা

২০২০-২১ অর্থবছরে মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দ এবং তার বিপরীতে প্রকৃত ব্যয়

মন্ত্রণালয়/বিভাগ: ৪৯- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

প্রতিষ্ঠানিক কোড	পরিচালন ইউনিট	বিবরণ	বাজেট	সংশোধিত	অর্থ বিভাজন	প্রকৃত ব্যয়
১৪৯০১০১	সচিবালয়	অফিসার বেতন	৭,০০,০০	৭,০০,০০	৭,০০,০০	৬,৬৭,২৮
		প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন	২,১০,০০	২,১০,০০	২,১০,০০	১,৫৫,৪১
		ভাতাদি	৬,৩৫,০৬	৫,৩৮,৩৯	৫,৩৮,৩৯	৪,৭৫,৯৩
		সরবরাহ ও সেবা	১১,৪৩,০০	১৪,০৬,০০	১৪,০৬,০০	৫,১৬,৯৮
		মেরামত ও সংরক্ষণ	৩৮,১৬১	৪০,০৬১	৪০,০৬১	৩০,১৬৩
উপমোট			৩০,৬৯,৬৭	৩২,৫৫,০০	৩২,৫৫,০০	২১,১৬,৯৪
মূলধন		সম্পদ সংগ্রহ/ক্রয়	৯৮,৫০০	১১০,০০০	০০	০০
		সরকারি কর্মচারীদের জন্য ঋণ ও অগ্রিম	১৩,০০	৫,০০	০০	০০
মোট মূলধন			৯৯,৮০০	১১০,৫০০	০০	০০
মোট			৪০,৬৭,৬৭	৪৩,৬০,০০	৩২,৫৫,০০	২১,১৬,৯৪

৪.৭ আইন অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মামলা সংক্রান্ত বিবরণীঃ

ক্রমিক নং	মামলার ধরণ	পুঞ্জিভূত মামলার সংখ্যা	২০২০-২১ অর্থ বছরে দায়েরকৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	২০২০-২১ অর্থ বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	বর্তমানে অনিষ্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১।	রীট পিটিশন	৬৭টি	১২টি	৭৯টি	৫টি	৬টি	৭৩টি	
২।	সিপিএলএ	২৪টি	-	২৪টি	-	-	২৪টি	
৩।	প্রশাসনিক ট্রাইব্যুনাল	১২টি	৩টি	১৫টি	৫টি	৬টি	৯টি	
৪।	প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল	৫টি	১টি	৬টি	১টি	১টি	৫টি	
৫।	কনটেম্পট মামলা	৭টি	৪টি	১১টি	০	০	১১টি	
	মোট	১১৫টি	২০টি	১৩৫টি	১১টি	১৩টি	১২২টি	

৪.৮ প্রশিক্ষণ অধিশাখা

মন্ত্রণালয়ের বৈদেশিক ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম

জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত সময়ে বৈদেশিক প্রশিক্ষণ ও অভ্যন্তরীণ প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের সংখ্যা নিম্নরূপঃ

ক্রমিক নং	মাস	অভ্যন্তরীণ প্রশিক্ষণ		মন্তব্য
		বৈদেশিক প্রশিক্ষণ	অভ্যন্তরীণ প্রশিক্ষণ	
০১।	জুলাই/২০২০	অনলাইন প্রশিক্ষণ ০২ জন	০০	
০২।	আগস্ট/২০২০		৭২	
০৩।	সেপ্টেম্বর/২০২০		৮৫	
০৪।	অক্টোবর/২০২০		৮৯	
০৫।	নভেম্বর/২০২০	অনলাইন প্রশিক্ষণ ০২ জন	-	
০৬।	ডিসেম্বর/২০২০		২৩০	
০৭।	জানুয়ারি/২০২১		৩৯	
০৮।	ফেব্রুয়ারি/২০২১		১১৭	
০৯।	মার্চ/২০২১		৫৫	
১০।	এপ্রিল/২০২১		০০	
১১।	মে/২০২১		৫৪	
১২।	জুন/২০২১		৬৪	
	মোট=	০৪	৮০৫	

৪.৯ সংসদ, সমন্বয় ও মিডিয়া অনুবিভাগ

সমন্বয়, সংসদ ও মিডিয়া অনুবিভাগ হতে এ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভা আয়োজন করা হয়। বিভিন্ন অনুবিভাগের মধ্যে সমন্বয়যোগ্য বিষয়াদি নিস্পত্তি করা, এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রিসভার সিদ্ধান্তসমূহ, জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্তসমূহ, সচিব সভার সিদ্ধান্তসমূহ প্রভৃতির বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত ও সংশ্লিষ্ট অফিসে প্রেরণ, প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন, জাতীয় সংসদের প্রশ্নোত্তর সংগ্রহ ও জবাব প্রস্তুত, রাষ্ট্রপতির ভাষণের প্রয়োজনীয় তথ্যাদি, অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতা প্রভৃতির তথ্যাদি সংগ্রহ, প্রতিবেদন প্রস্তুত এবং প্রেরণ করা এ অনুবিভাগের কাজ। এ ছাড়া দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির ওপর প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ এ অনুবিভাগ থেকেই করা হয়ে থাকে।

১১ম জাতীয় সংসদে এ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠক/ সভা নিয়মিত অনুষ্ঠিত হয়েছে। সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া জেলা প্রশাসক সম্মেলনের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী সিদ্ধান্তসমূহের মধ্যে স্বল্পমেয়াদী সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হয়েছে এবং দীর্ঘমেয়াদী সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন রয়েছে। এ অনুবিভাগের মিডিয়া সেলের মাধ্যমে "দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা" প্রকাশ করা হচ্ছে।

৪.১০ শরণার্থী বিষয়ক সেলের কার্যক্রম

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কক্সবাজার ও নোয়াখালী জেলার ভাসানচরে অবস্থানরত বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনা করে। Allocation of Business among the Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996)-এ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের কার্যক্রমের ২১ নম্বর ক্রমিকে বর্ণিত "Implementation of the refugee related programmes" অনুসারে এ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। মন্ত্রণালয়ের শরণার্থী বিষয়ক সেলের মাধ্যমে এ কার্যক্রম তদারকি, পরিবীক্ষণ ও নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে। মাঠপর্যায়ে এ মন্ত্রণালয়ের অধীনস্ত সংস্থা শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয় মানবিক সহায়তার এ কার্যক্রম বাস্তবায়ন করে।

১৯৯১-৯২ সাল হতে ২৫ আগস্ট ২০১৭ এবং এর পরবর্তী সময়ে মিয়ানমার হতে আগত প্রায় ১১ লক্ষ বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক কক্সবাজারের উখিয়া ও টেকনাফ উপজেলার প্রায় ৬৫০০ একর জায়গায় ৩৪ টি ক্যাম্পে বসবাস করছে। বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরম মমতায় এ সকল নাগরিকদের আশ্রয় দিয়ে বিশ্বের অন্যতম বৃহত্তম মানবিক বিপর্যয় রোধ করেন। আঞ্চলিক স্থিতিশীলতা রক্ষা ও মানবিক বিপর্যয় রোধ করে বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার মানবিকতা, কুটনৈতিক বিচক্ষণতা ও মানবসৃষ্ট এ দুর্যোগ মোকাবিলায় সফল নেতৃত্ব সারা বিশ্ব অকুণ্ঠচিত্তে প্রশংসা করে এবং বাংলাদেশকে উদার সমর্থন দেয়। সুইজারল্যান্ড, ইন্দোনেশিয়া, ভিয়েতনাম, তুরস্ক, আমেরিকা, জার্মানি, কানাডা, মালয়েশিয়া, সৌদি আরবসহ বিশ্বের বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান, সরকার প্রধান, মন্ত্রীবর্গ এবং জাতিসংঘ, বিশ্বব্যাংক, বিশ্ব খাদ্য সংস্থা, ইউএনএইচসিআর, আইওএমসহ পৃথিবীর প্রধান প্রধান আন্তর্জাতিক সংস্থার কর্ণধারগণ বাংলাদেশ সফর করেন ও শেখ হাসিনা সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বাংলাদেশের অবস্থানের প্রতি তাঁদের দৃঢ় সমর্থন ব্যক্ত করেন।

মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ সকল 'বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক'-দের মানবিক সহায়তার কার্যক্রম সমন্বয় ও সম্পাদন করে আসছে। বাংলাদেশ সরকার জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সহযোগিতায় প্রায় ১১ লক্ষ বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের নিত্যদিনের সকল প্রকার মৌলিক চাহিদা, নিরাপত্তা ও মানবিক মর্যাদা নিশ্চিত করে আসছে। শরণার্থী বিষয়ক সেলের মাধ্যমে মাঠ পর্যায়ে শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয় এ দায়িত্ব পালন করছে। কক্সবাজারের বিভিন্ন ক্যাম্পে অবস্থানরত বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের জন্য মানবিক সহায়তা পরিচালনা বিষয়ে ১৯৯২ সাল হতে বাংলাদেশ সরকার ও ইউএনএইচসিআর এর মধ্যে প্রতিবছর Project Partnership Agreement (PPA) স্বাক্ষর করা হয়। এ চুক্তির আলোকেই শরণার্থী বিষয়ক সেলের মাধ্যমে বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের জন্য মানবিক সহায়তা কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

৪.১০.১ ক্যাম্পে সংঘটিত দুর্যোগ

কক্সবাজারের টেকনাফ ও উখিয়া উপজেলায় মাত্র ৬৫০০ একর জমিতে প্রায় ১১ লক্ষ বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক বসবাস করে। জনসংখ্যার অতি ঘনবসতি ও প্রাকৃতিক দুর্যোগে প্রতিনিয়ত এখানে দুর্ঘটনা ঘটে। বিগত ২২ মার্চ ২০২১ তারিখে আগুনে বালুখালী ক্যাম্পে প্রাণহানি ঘটে এবং বহু শেল্টার পুড়ে যায়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয় তাৎক্ষনিক দুর্ঘটনাস্থল পরিদর্শন করেন।

২২ মার্চ ২০২১ তারিখে বালুখালি ক্যাম্পে সংঘটিত অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ক্যাম্পের চিত্র

বালুখালি ক্যাম্পে সংঘটিত অগ্নিকান্ডে ক্যাম্পের অবস্থা পরিদর্শনে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মোহসীন

৪.১০.২ কক্সবাজার হতে নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার ভাসানচরে স্থানান্তর

কক্সবাজারে অতি ঘনবসতির কারণে ঝুঁকিপূর্ণভাবে বসবাসরত ১,০০,০০০ বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের নোয়াখালী জেলার ভাসানচরে স্থানান্তরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এজন্য বাংলাদেশ সরকার নিজস্ব অর্থায়নে আশ্রয়ন-৩ প্রকল্পের (বাংলাদেশ নৌবাহিনী) মাধ্যমে প্রায় ৩ হাজার কোটি টাকা ব্যয়ে নির্মিত আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত আশ্রয়কেন্দ্র গড়ে তুলেছে। এখানে ১২০টি ক্লাস্টারে সকল সুযোগসুবিধা সম্বলিত ১ লক্ষ লোকের বাসস্থান এবং ৪ তলা বিশিষ্ট ১২০ টি বহুমুখী সাইক্লোন শেল্টার নির্মাণ করা হয়েছে। গত ০৩ ডিসেম্বর ২০২০ তারিখে মোট ১৬৮০ জন বলপূর্বক বাস্তুচ্যুত নাগরিকদের ভাসানচরে স্থানান্তর করা হয়েছে। ইতোমধ্যে প্রায় মোট ১৯ হাজার বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের ভাসানচরে স্থানান্তর করা হয়েছে।

ভাসানচরে স্থানান্তর কার্যক্রম

ভাসানচরে জাতিসংঘ সংস্থাসমূহকে সম্পৃক্তকরণের অংশ হিসেবে বিগত ০৩ এপ্রিল ২০২১ তারিখ পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে বাংলাদেশস্থ যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া সহ মোট ১০ সদস্যের একটি কুটনৈতিক প্রতিনিধিদল ভাসানচর পরিদর্শন করেন।

ভাসানচরে কূটনৈতিক প্রতিনিধিবৃন্দের হস্তশিল্প কার্যক্রম পরিদর্শন

ভাসানচরের সুযোগ-সুবিধা এবং অন্যান্য বিষয়াদি পর্যবেক্ষণের জন্য বিগত ১৬-২০ মার্চ ২০২১ তারিখে বাংলাদেশস্থ জাতিসংঘ সংস্থাসমূহের ১৮ সদস্যের একটি দল ভাসানচর পরিদর্শন করে। ২৮ মার্চ ২০২১ তারিখে OIC-এর একটি প্রতিনিধিদল ও ৩১ মে ২০২১ তারিখে জাতিসংঘের ২ জন শরণার্থী বিষয়ক সহকারী হাই কমিশনার Ms. Gillian Triggs ও Mr. Raouf Mazou ভাসানচর পরিদর্শন করেন। পরিদর্শনের পর কক্সবাজার থেকে ভাসানচরে রোহিঙ্গাদের স্থানান্তর বিষয়ে সকলেই ইতিবাচক মনোভাব ব্যক্ত করেন।

মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন কর্তৃক জাতিসংঘের শরণার্থী বিষয়ক সহকারী হাই কমিশনার Ms. Gillian Triggs ও Mr. Raouf Mazou-এঁর উপস্থিতিতে প্রেস ব্রিফ

ভাসানচরে 'বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক'দের মানবিক সহায়তা কার্যক্রমে জাতিসংঘের সংস্থাসমূহকে সম্পৃক্তকরণের নিমিত্ত প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গঠিত কমিটির কার্যক্রম চলমান রয়েছে এবং ভাসানচর বিষয়ে বাংলাদেশ সরকার ও জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাই কমিশনার কার্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

৪.১০.৩ শরণার্থী বিষয়ক সেলের ভূমিকা

- বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ রক্ষা ও প্রয়োজনীয় চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষরকরণ।
- মাঠ পর্যায়ে চলমান মানবিক সহায়তা কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় সাধন।
- মাঠ পর্যায়ে চলমান কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
- বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিদের জন্য প্রেরিত খাদ্য ও ত্রাণ সহায়তার শুল্কমুক্ত ছাড়করণের জন্য প্রয়োজনীয় সুপারিশ/অনুমতি প্রদান।
- মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনাবলি প্রতিপালন।
- শরণার্থী বিষয়ক সেলে এবং শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রশাসনিক কার্যক্রম।

কক্সবাজারের ক্যাম্প পরিদর্শনে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মোহসীন

৪.১০.৪ প্রত্যাবাসনেই স্থায়ী সমাধান

মিয়ানমারের সাথে ২০১৭ ও ২০১৮ সালে বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের প্রত্যাবাসন বিষয়ে ২টি দ্বি-পাক্ষিক চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তি অনুসারে বাংলাদেশের পক্ষ থেকে বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের তালিকা হস্তান্তরসহ সকল ব্যবস্থা গ্রহণ করা স্বত্ত্বেও মিয়ানমার পক্ষ প্রত্যাবাসনের উপযুক্ত পরিবেশ সৃষ্টিতে কোন ব্যবস্থা গ্রহণ করেনি। বিভিন্ন অজুহাতে তারা প্রত্যাবাসনকে বিলম্বিত করছে। মিয়ানমারের সাথে দ্বি-পাক্ষিকভাবে এ সমস্যা সমাধানের প্রচেষ্টার পাশাপাশি সংকটের স্থায়ী সমাধানের লক্ষ্যে মিয়ানমারের উপর চাপ সৃষ্টির জন্য জাতিসংঘসহ আন্তর্জাতিক অঙ্গনের সকল পর্যায়ে বাংলাদেশ নিবিড়ভাবে কাজ করে যাচ্ছে।

বলপূর্বক বাস্তুচ্যুত এ সকল মিয়ানমার নাগরিকদের এ সংকটের স্থায়ী সমাধানের লক্ষ্যে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সাধারণ পরিষদের ৭২তম, ৭৩তম ও ৭৪ তম অধিবেশনে জোরালো বক্তব্য রাখেন। তিনি জানান, মিয়ানমারে এ সমস্যার সৃষ্টি। মিয়ানমারকেই এ সমস্যার সমাধান করতে হবে। বিশ্ব শান্তি নিশ্চিত করার জন্য মিয়ানমারকে অবশ্যই তাদের এ সকল নাগরিকদের ফেরত নিতে হবে।

বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের সংকটে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অসামান্য মানবিকতার স্বীকৃতিস্বরূপ আন্তর্জাতিক গণমাধ্যম কর্তৃক তাঁকে Mother of Humanity উপাধিতে ভূষিত করা হয়েছে। দূরদর্শী নেতৃত্ব, মানবিকতা ও সুবিবেচনাপ্রসূত নীতি গ্রহণের জন্য তিনি Inter Press Service (IPS) International Achievement Award এবং 2018 Special Distinction Award for Leadership-এ ভূষিত হন।

জাতিসংঘের শরণার্থী সংস্থা ইউএনএইচসিআর এর সহকারী হাইকমিশনার Gillian Triggs ও Raouf Mazou এর নেতৃত্বে প্রতিনিধিদল ভাসানচরে বলপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের সাথে কথা বলেন।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

প্রশাসন অনুবিভাগ

৫.১ জনবল কাঠামো

একটি কার্যকর দুর্যোগ ব্যবস্থাপনা কাঠামো তৈরি করার বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ তে নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সৃষ্টি হওয়ার পর অধিদপ্তরের সংশোধিত জনবল কাঠামো তৈরির নিমিত্ত জনবল কাঠামোর একটি খসড়া দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। বর্তমানে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়, জেলা এবং উপজেলা কাঠামোতে সর্বমোট ২,৭১২ জন কর্মকর্তা/ কর্মচারীর পদ রয়েছে; তা নিম্নের ছকে দেয়া হলোঃ

ক্রমিক নং	পদের নাম	মঞ্জুরকৃত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ	
১.	মহাপরিচালক	০১	০১	০০	■ মামলা জনিত জটিলতার কারণে ১ম শ্রেণির উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের ৫৫টি শূন্য পদে পদোন্নতি দেয়া সম্ভব হচ্ছেনা। ■ ৩য় ও ৪র্থ শ্রেণির (৮৩০+৬১)=৮৯১টি শূন্য পদের মধ্যে ৪৮৪টি কার্যসহকারির পদ মঞ্জুরি থাকলেও নিয়োগ বিধিতে উল্লেখ না থাকায় নিয়োগ কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছেনা। তবে কোভিড-১৯ মহামারি ক্রমান্বয়ে উন্নতি হওয়ায় ২০২টি শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ লক্ষে ১৭-০৯-২০২১ খ্রি. চাকরি প্রার্থিদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। ক্রমান্বয়ে অবশিষ্ট শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করা হবে।
২.	পরিচালক	০৮	০৬	০২	
৩.	উপপরিচালক	১৯	১৪	০৫	
৪.	নির্বাহী প্রকৌশলী	০২	০০	০২	
৫.	প্রোগ্রামার	০২	০১	০১	
৬.	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা	৬৪	৫৫	১৩	
৭.	সহকারী পরিচালক	১৩	০১	১২	
৮.	কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট	০১	০১	০০	
৯.	হিসাবরক্ষণ কর্মকর্তা	০১	০০	০১	
১০.	গবেষণা কর্মকর্তা	০২	০০	০২	
১১.	সহকারী প্রকৌশলী	০২	০১	০১	
১২.	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (১ম শ্রেণি)	২০০	১৪৫	৫৫	
১৩.	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (২য় শ্রেণি)	৩০৭	৩২০	শূন্য নাই (অতিরিক্ত ১৩ জন)	
১৪.	তৃতীয় শ্রেণির কর্মচারী	১৩৮৯	৫৫৯	৮৩০	
১৫.	৪র্থ শ্রেণির কর্মচারী	৬৯৭	৬৩৬	৬১	
	সর্বমোট	২৭১২	১৭৪০	(৯৮৫-১৩)=৯৭২	

- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ২৬-০৮-২০২০ খ্রি. তারিখের ৫১.০১.০০০০.০০৪.১২.০০৭.১৯.৪৬৭ নং অফিস আদেশ মূলে ২১ জন এবং ২৪-১১-২০২০ খ্রি. তারিখের ৫১.০১.০০০০.০০৪.১২ .০০৭.১৯.৬৮১ নং অফিস আদেশ মূলে ১৭ জন অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিককে উচ্চমান সহকারী পদে পদোন্নতি প্রদান করা হয়।

- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ৩১-০৩-২০২১ খ্রি. তারিখের ৫১.০১.০০০০.০০৪.১১.০০৮.১৯.১৮৭ নং অফিস আদেশ মূলে ০৭ জন অফিস সহায়ক-কে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে পদোন্নতি প্রদান করা হয়।

- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০৯-১১-২০২০ খ্রি. তারিখের স্মারক নং- ৫১.০১.০০০০.০০৪.১১. ০৩৯.২০.৬৩৪ মূলে ০৮ জন উচ্চমান সহকারী, ৫১.০১.০০০০.০০৪.১১.০৩৯.২০.৬৩৫ স্মারক মূলে ০৯ জন বেতার যন্ত্রচালক, ৫১.০১.০০০০.০০৪.১১.০৩৯.২০.৬৩৬ স্মারক মূলে ৫২ জন অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ৫১.০১.০০০০.০০৪.১১.০৩৯.২০.৬৩৭ স্মারক মূলে ০১ জন গাড়িচালক, ৫১.০১.০০০০.০০৪.১১.০৩৯.২০.৬৩৮ স্মারক মূলে ১৭ জন অফিস সহায়ক ও ৫১.০১.০০০০.০০৪.১১.০৩৯.২০.৬৩৯ স্মারক মূলে ১৮ জন নিরাপত্তা প্রহরী মোট ১০৫ জন কর্মচারী নিয়োগ করা হয়।

- শূন্য পদের ব্যাখ্যাঃ সহকারী পরিচালক এর ১২টি পদের মধ্যে ২০% হিসেবে ২টি পদ প্রশাসন ক্যাডার হতে প্রেষণে পূরণযোগ্য। অবশিষ্ট ১০টি পদের মধ্যে ৩য় শ্রেণির কর্মচারিদের মধ্যে হতে ৪০% হিসেবে ৫ জন এবং ২য় শ্রেণির উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের মধ্যে হতে ৪০% হিসেবে ৫ জন পূরণযোগ্য। ইতোমধ্যে ১০ জন সহকারী পরিচালক এর শূন্য পদ পূরণের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

  মামলা জনিত জটিলতার কারণে ১ম শ্রেণির উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের ৫৫টি শূন্য পদে পদোন্নতি দেওয়া সম্ভব হচ্ছেনা।

  ৩য় ও ৪র্থ শ্রেণির (৮৩০+৬১)=৮৯১টি শূন্য পদের মধ্যে ৪৮৪টি কার্যসহকারীর পদ মজুরি থাকলেও নিয়োগ বিধিতে উল্লেখ না থাকায় নিয়োগ কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছেনা। তবে কোভিড-১৯ মহামারি ক্রমান্বয়ে উন্নতি হওয়ায় ২০২টি শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ লক্ষে ১৭-০৯-২০২১ খ্রি. চাকরি প্রার্থিদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। ক্রমান্বয়ে অবশিষ্ট শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করা হবে।

৫.২ বাজেট বরাদ্দ

৫.২.১ ২০২০-২১ অর্থ বছরে বাজেটের বিভিন্ন খাতে বরাদ্দ প্রাপ্ত অর্থ, ব্যয়িত অর্থ ও অবশিষ্ট/ অনুত্তোলিত অর্থের বিবরণ ১৪৯০২০১-প্রধান কার্যালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরঃ

(অংক সমূহ হাজার টাকায়)

কোড নম্বর ও খাত	২০২০-২০২১ অর্থ বছরের বাজেট	২০২০-২০২১ অর্থ বছরে ছাড়কৃত অর্থ	ibas++ ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
৩১১১১০১ -মূল বেতন (অফিসার)	৫,৯৫,০০	৪,৯৫,১৮	৪,৯৫,১৮	৯৯,৮২	
৩১১১২০১- মূল বেতন (কর্মচারী)	৪,৯৫,০০	৩,৪৯,৭৭	৩,৪৯,৭৭	১,৪৫,২৩	
৩১১১৩০১- দায়িত্ব ভাতা	৩,০০	৭০	৭০	২,৩০	
৩১১১৩০২- যাতায়াত ভাতা	৫,৫০	৪,৪৫	৪,৪৫	১,০৫	
৩১১১৩০৬- শিক্ষা ভাতা	২০,০০	১৫,৪৫	১৫,৪৫	৪,৫৫	
৩১১১৩১০- বাড়ীভাড়া ভাতা	৪,০০,০০	৩,৪০,৮৫	৩,৪০,৮৫	৫৯,১৫	
৩১১১৩১১- চিকিৎসা ভাতা	৫৫,০০	৩৯,৪২	৩৯,৪২	১৫,৫৮	
৩১১১৩১২- মোবাইল/সেলফোন ভাতা	৩,৫০	২,১১	২,১১	১,৩৯	

(অংক সমূহ হাজার টাকায়)

কোড নম্বর ও খাত	২০২০-২০২১ অর্থ বছরের বাজেট বরাদ্দ	২০২০-২০২১ অর্থ বছরে ছাড়কৃত অর্থ	ibas++ ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
৩১১১৩১৩- আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা	৬,৫০	৫,০২	৫,০২	১,৪৮	
৩১১১৩১৪- টিফিন ভাতা	৫,৫০	২,৯৮	২,৯৮	২,৫২	
৩১১১৩১৬- ধোলাই ভাতা	২,০০	৭৬	৭৬	১,২৪	
৩১১১৩২৫- উৎসব ভাতা	১,৫০,০০	১,২২,৭৫	১,২২,৭৫	২৭,২৫	
*৩১১১৩২৭- অধিকাল ভাতা	৮০,০০	৬৫,৬০	৬৫,৬০	১৪,৪০	
৩১১১৩২৮- শ্রান্তি ও বিনোদন ভাতা	২৩,০০	১০,৭২	১০,৭২	১২,২৮	
৩১১১৩৩১- আপ্যায়ন ভাতা	১,৫০	৪২	৪২	১,০৮	
৩১১১৩৩২- সম্মানী ভাতা	২৫,০০	২১,৫৫	২১,৫৫	৩,৪৫	
৩১১১৩৩৫- বাংলা নববর্ষ ভাতা	১৫,০০	১১,৯৯	১১,৯৯	৩,০১	
৩১১১৩৩৮- অন্যান্য ভাতা	৫০	১৯	১৯	৩১	
৩১১১৩৪৪- খোরপোষ ভাতা (সাসপেনশন)	১০,০০	০	০	১০,০০	
উপমোট-নগদ মজুরী ও বেতনঃ	১৮,৯৬,০০	১৪,৮৯,৯১	১৪,৮৯,৯১	৪,০৬,০৯	
৩২১১১০২- পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী	৪,০০	৪,০০	৪,০০	০	
৩২১১১০৬- আপ্যায়ন ব্যয়	১০,০০	৪,১৪	৪,১৪	৫,৮৬	
৩২১১১১০- আইন সংক্রান্ত ব্যয়	১০,০০	১,৩৭	১,৩৭	৮,৬৩	
*৩২১১১১১- সেমিনার/কনফারেন্স ব্যয়	৩৫,০০	৯,০৭	৯,০৭	২৫,৯৩	
*৩২১১১১৩- বিদ্যুৎ	৪৫,০০	৪০,৮২	৪০,৮২	৪,১৮	
৩২১১১১৪- উপযোগ সেবা (Utility service) চার্জ	১,০০	২৪	২৪	৭৬	
*৩২১১১১৫- পানি	২০,০০	১৫,৩৩	১৫,৩৩	৪,৬৭	
৩২১১১১৬- কুরিয়ার	১,০০	০	০	১,০০	
৩২১১১১৭- ইন্টারনেট/ফ্যাক্স/ টেলেক্স	৫,০০	৪,৮৪	৪,৮৪	১৬	
*৩২১১১১৯- ডাক	৫০	৫০	৫০	০	
*৩২১১১২০- টেলিফোন	৫,০০	২,৭৫	২,৭৫	২,২৫	
*৩২১১১২৫- প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	২০,০০	৯,৬৯	৯,৬৯	১০,৩১	
৩২১১১২৭- বইপত্র ও সাময়িকী	৪,০০	৩,৮১	৩,৮১	১৯	
৩২১১১৩০- যাতায়াত ব্যয়	৩,৮০	৮৫	৮৫	২,৯৫	
৩২১১১৩৪- শ্রমিক (অনিয়মিত) মজুরি	৬০,০০	৪৯,৮৯	৪৯,৮৯	১০,১১	
৩২১১১৩৫- নিয়োগ পরীক্ষা	১,৫০,০০	১,১৩,৪৩	১,১৩,৪৩	৩৬,৫৭	
উপমোট- প্রশাসনিক ব্যয়ঃ	৩,৭৪,৩০	২,৬০,৭৩	২,৬০,৭৩	১,১৩,৫৭	
৩২২১১০২- লাইসেন্স ফি	৩,০০	১৮	১৮	২,৮২	

(অংক সমূহ হাজার টাকায়)

কোড নম্বর ও খাত	২০২০-২০২১ অর্থ বছরের বাজেট বরাদ্দ	২০২০-২০২১ অর্থ বছরে ছাড়কৃত অর্থ	ibas++ ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
৩২২১১০৫- টেস্টিং ফি	১৫,০০	১৪,৮৯	১৪,৮৯	১১	
৩২২১১০৭- অনুলিপি ব্যয়	৫০	১৩	১৩	৩৭	
উপমোট- ফি, চার্জ ও কমিশন	১৮৫০	১৫,২০	১৫,২০	৩,৩০	
৩২৩১৩০১- প্রশিক্ষণ	২,০০,০০	১,৭১,৯৯	১,৭১,৯৯	২৮,০১	
উপমোট-প্রশিক্ষণঃ	২,০০,০০	১,৭১,৯৯	১,৭১,৯৯	২৮,০১	
৩২৪৩১০১- পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট	৬৩,২৫	৫৩,৯২	৫৩,৯২	৯,৩৩	
৩২৪৩১০২- গ্যাস ও জ্বালানী	৬০,০০	৫০,৭৮	৫০,৭৮	৯,২২	
উপমোট-পেট্রোল ওয়েল ও লুব্রিকেন্টঃ	১,২৩,২৫	১,০৪,৭০	১,০৪,৭০	১৮,৫৫	
৩২৪৪১০১- ভ্রমণ ব্যয়	৩২,৫০	২৯,৪২	২৯,৪২	৩,০৮	
উপমোট- ভ্রমণ ও বদলীঃ	৩২,৫০	২৯,৪২	২৯,৪২	৩,০৮	
৩২৫৫১০১- কম্পিউটার সামগ্রী	১০,০০	৬,৪৭	৬,৪৭	৩,৫৩	
৩২৫৫১০২- মুদ্রণ ও বাঁধাই	৬,০০	৫,৫৯	৫,৫৯	৪১	
৩২৫৫১০৪- স্ট্যাম্প ও সীল	৩০	২৭	২৭	৩	
৩২৫৫১০৫- অন্যান্য মনিহারি	১৭,০০	১৫,৫৮	১৫,৫৮	১,৪২	
উপমোট- মুদ্রণ ও মনিহারিঃ	৩৩,৩০	২৭,৯১	২৭,৯১	৫,৩৯	
৩২৫৬১০১- সাধারণ সরবরাহ	০	০			
২৫৬১০৬- পোশাক	১০,৭০	৭,৫২	৭,৫২	৩,১৮	
উপমোট- সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রীঃ	১০,৭০	৭,৫২	৭,৫২	৩,১৮	
৩২৫৭১০৩- গবেষণা ব্যয়	৩,০০	০	০	৩,০০	
৩২৫৭১০৫- উদ্ভাবন	৫,০০	৭৮	৭৮	৪,২২	
৩২৫৭১০৬- শুদ্ধাচার	৫,০০	২,৮২	২,৮২	২,১৮	
৩২৫৭৩০১- অনুষ্ঠান/উৎসবাদি	১৫,০০	১৩,৫২	১৩,৫২	১,৪৮	
উপমোট-পেশাগত সেবা সম্মানী ও বিশেষ ব্যয়ঃ	২৮,০০	১৭,১২	১৭,১২	১০,৮৮	
৩২৫৮- মেরামত ও সংরক্ষণ					
৩২৫৮১০১- মোটরযান	৩০,০০	২৯,৯৩	২৯,৯৩	৭	
৩২৫৮১০২- আসবাবপত্র	১,৫০	১,৪৭	১,৪৭	৩	
৩২৫৮১০৩- কম্পিউটার	৪,০০	৭১	৭১	৩,২৯	
৩২৫৮১০৫- অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	২,০০	১,০৩	১,০৩	৯৭	
৩২৫৮১০৭-অনাবাসিক ভবন	৩৪,৩১	২৯,৩৬	২৯,৩৬	৪,৯৫	
৩২৫৮১১৫-স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ	২,০০	৫৬	৫৬	১,৪৪	
৩২৫৮১১৯- বৈদ্যুতিক স্থাপনা	৭,০০	৫,৯১	৫,৯১	১,০৯	

(অংক সমূহ হাজার টাকায়)

কোড নম্বর ও খাত	২০২০-২০২১ অর্থ বছরের বাজেট বরাদ্দ	২০২০-২০২১ অর্থ বছরে ছাড়কৃত অর্থ	ibas++ ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
৩২৫৮১৪০- মোটরযান রক্ষণাবেক্ষণ ব্যয়	১,১৫,০০	৮১,০০	৮১,০০	৩৪,০০	
উপমোট-মেরামত ও সংরক্ষণঃ	১,৯৫,৮১	১,৪৯,৯৭	১,৪৯,৯৭	৪৫,৮৪	
উপমোট-পণ্য ও সেবার ব্যবহারঃ	১০,১৬,৩৬	৭,৮৪,৫৬	৭,৮৪,৫৬	২,৩১,৮০	
*৩৮২১১০২- ভূমি উন্নয়ন কর	১৪,০০	০৫	০৫	১৩,৯৫	
*৩৮২১১০৩- গৌর কর	৭০,০০	৭০,০০	৭০,০০	০	
উপমোট-আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয়ঃ	৮৪,০০	৭০,০৫	৭০,০৫	১৩,৯৫	
উপমোট-আবর্তক ব্যয়ঃ	২৯,৯৬,৩৬	২৩,৪৪,৫২	২৩,৪৪,৫২	৬,৫১,৮৪	
৪১১২২০১- তথ্য যোগাযোগ প্রযুক্তি সরঞ্জামাদি	২০,০০	১২,৯৪	১২,৯৪	৭,০৬	
৪১১২২০২- কম্পিউটার ও আনুষাংগিক	১২,৮৭	৫,৭৪	৫,৭৪	৭,১৩	
৪১১২৩০৪- প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি	৩,০০	০০	০০	৩,০০	
৪১১২৩০৫- অগ্নিনির্বাপক সরঞ্জামাদি	৩,০০	১,৯২	১,৯২	১,০৮	
৪১১২৩১০- অফিস সরঞ্জামাদি	৩,৫০	২৫	২৫	৩,২৫	
৪১১২৩১৪- আসবাবপত্র	৫,০০	৩,১৬	৩,১৬	১,৮৪	
উপমোট-যন্ত্রপাতি ও সরঞ্জামাদিঃ	৪৭,৩৭	২৪,০১	২৪,০১	২৩,৩৬	
উপমোট-অআর্থিক সম্পদঃ	৩০,৪৩,৭৩	২৩,৬৮,৫৩	২৩,৬৮,৫৩	৬,৭৫,২০	
মোট-প্রধান কার্যালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরঃ	৩০,৪৩,৭৩	২৩,৬৮,৫৩	২৩,৬৮,৫৩	৬,৭৫,২০	

১.২.২ ২০২০-২১ অর্থ বছরে বাজেটের বিভিন্ন খাতে বরাদ্দপ্রাপ্ত অর্থ, ব্যয়িত অর্থ ও অবশিষ্ট/ অনুত্তোলিত অর্থের বিবরণ ১৪৯০২০৩-উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসসমূহ:

(অংক সমূহ হাজার টাকায়)

কোড নম্বর ও খাত	২০২০-২০২১ অর্থ বছরের বাজেট বরাদ্দ	২০২০-২০২১ অর্থ বছরে ছাড়কৃত অর্থ	ibas++ ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩		৪	৫
৩১১১১০১- মূলবেতন (অফিসার)	১৯,৫০,০০	১৯,৫০,০০	১২,৮৭,৩৮	৬,৬২,৬২	
৩১১১২০১- মূল বেতন (কর্মচারী)	১৪,৫০,০০	১৪,৫০,০০	৯,১৩,৮৪	৫,৩৬,১৬	
৩১১১৩০১- দায়িত্ব ভাতা	১,৫০	১,৫০	২৯	১,২১	
৩১১১৩০৬- শিক্ষা ভাতা	৭৭,০০	৭৭,০০	৩৫,০০	৪২,০০	
৩১১১৩০৯- পাহাড়ি ভাতা	৩৫,০০	৩৫,০০	১০,৫৩	২৪,৪৭	
৩১১১৩১০- বাড়ীভাড়া ভাতা	১১,৩০,০০	১১,৩০,০০	৮,০৮,৭৮	৩,২১,২২	
৩১১১৩১১- চিকিৎসা ভাতা	১,৯০,০০	১,৯০,০০	১,৩০,০৮	৫৯,৯২	
৩১১১৩১৪- টিফিন ভাতা	১৩,০০	১৩,০০	৬,৫০	৬,৫০	
৩১১১৩২৫- উৎসব ভাতা	৪,৫০,০০	৪,৫০,০০	৩,৩৩,৫১	১,১৬,৪৯	
০১১১৩২৮- শ্রান্তি ও বিনোদন ভাতা	৫০,০০	৫০,০০	৩৮,৩৯	১১,৬১	
৩১১১৩৩২- সম্মানী ভাতা	২,০০	২,০০	০	২,০০	
৩১১১৩৩৫- বাংলা নববর্ষ ভাতা	৫০,০০	৫০,০০	৩২,২৯	১৭,৭১	
৩১১১৩৩৮- অন্যান্য ভাতা	১,০০	১,০০	০৩	৯৭	
৩১১১৩৪৩- হাওড়/দ্বীপ/চরভাতা	১৫,০০	১৫,০০	৭,২২	৭,৭৮	
৩১১১৩৪৪- খোরপোষ ভাতা (সাসপেনশন)	৫০,০০	৫০,০০	৪,৮১	৪৫,১৯	
উপমোট-নগদ মজুরি ও বেতনঃ	৫৪,৬৪,৫০	৫৪,৬৪,৫০	৩৬,০৮,৬৫	১৮,৫৫,৮৫	
উপমোট-কর্মচারীদের প্রতিদান: (Compensation)	৫৪,৬৪,৫০	৫৪,৬৪,৫০	৩৬,০৮,৬৫	১৮,৫৫,৮৫	
*৩২১১১১৩- বিদ্যুৎ	৫৫,৪০	৫৫,৪০	৪৩,১৪	১২,২৬	
৩২১১১১৭- ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স	৩০,০০	০	০	৩০,০০	
*৩২১১১১৯- ডাক	১,৫০	১,৫০	৩৩	১,১৭	
*৩২১১১২০- টেলিফোন	১৫,০০	১৫,০০	১০,০৪	৪,৯৬	
৩২১১১৩১-আউট সোর্সিং	৯,৯৪,০০	৯,৯৪,০০	৮,৯৮,৫৩	৯৫,৪৭	
উপমোট- প্রশাসনিক ব্যয়:	১০,৯৫,৯০	১০,৬৫,৯০	৯,৫২,০৪	১,৪৩,৮৬	
৩২৪৪- ভ্রমণ ও বদলি					
৩২৪৪১০১- ভ্রমণ ব্যয়	২,৯৫,০০	২,৯৫,০০	২,৪৫,৩১	৪৯,৬৯	
উপমোট- ভ্রমণ ও বদলিঃ	২,৯৫,০০	২,৯৫,০০	২,৪৫,৩১	৪৯,৬৯	
৩২৫৫- মুদ্রণ ও মনিহারি					
৩২৫৫১০১- কম্পিউটার সামগ্রী	২১,২৫	২১,২৫	১৮,৩৩	২,৯২	
৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি	৪,০০,০০	৪,০০,০০	৩,৮৭,০৪	১২,৯৬	
উপমোট-মুদ্রন ও মনিহারিঃ	৪,২১,২৫	৪,২১,২৫	৪,০৫,৩৭	১৫,৮৮	

(অংক সমূহ হাজার টাকায়)

কোড নম্বর ও খাত	২০২০-২০২১ অর্থ বছরের বাজেট বরাদ্দ	২০২০-২০২১ অর্থ বছরে ছাড়কৃত অর্থ	ibas++ ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩		৪	৫
৩২৫৮- মেরামত ও সংরক্ষণ					
৩২৫৮১০২- আসবাবপত্র	৩২,০০	৩২,০০	২৯,০৫	২,৯৫	
৩২৫৮১০৩-কম্পিউটার	১,১২,৫৯	১,১২,৫৯	৯৩,০৯	১৯,৫০	
উপমোট-মেরামত ও সংরক্ষণঃ	১,৪৪,৫৯	১,৪৪,৫৯	১,২২,১৪	২২,৪৫	
উপমোট-পণ্য ও সেবার ব্যবহারঃ	১৯,৫৬,৭৪	১৯,২৬,৭৪	১৭,২৪,৮৬	২,৩১,৮৮	
উপমোট- আবর্তক ব্যয়:	৭৪,২১,২৪	৭৩,৯১,২৪	৫৩,৩৩,৫১	২০,৮৭,৭৩	
৪০- মূলধন ব্যয়					
৪১- আর্থিক সম্পদ					
৪১১২- যন্ত্রপাতি ও সরঞ্জামাদি					
৪১১২৩১৪- আসবাবপত্র	১,৩৫,০০	১,৩৫,০০	৯৬,৩৯	৩৮,৬১	
উপমোট- যন্ত্রপাতি ও সরঞ্জামাদিঃ	১,৩৫,০০	১,৩৫,০০	৯৬,৩৯	৩৮,৬১	
মোট-উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসসমূহ:	৭৫,৫৬,২৪	৭৫,২৬,২৪	৫৪,২৯,৯০	২১,২৬,৩৪	

৫.২.৩ ২০২০-২১ অর্থ বছরে বাজেটের বিভিন্ন খাতে বরাদ্দ প্রাপ্ত অর্থ, ব্যয়িত অর্থ ও অবশিষ্ট/ অনুত্তোলিত অর্থের বিবরণ ১৪৯০২০২- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়সমূহ:

(অংকে সমূহ হাজার টাকায়)

কোড নম্বর ও খাত	২০২০-২০২১ অর্থ বছরের বাজেট	২০২০-২০২১ অর্থ বছরে ছাড়কৃত অর্থ	ibas++ ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩		৪	৫
৩১১১১০১- মূলবেতন (অফিসার)	৬,০৮,০০	৬,০৮,০০	৫,৫৯,৫৬	৪৮,৪৪	
৩১১১২০১- মূল বেতন (কর্মচারী)	৮,৭৫,০০	৮,৭৫,০০	৭,৬৮,৭০	১,০৬,৩০	
৩১১১৩০১- দায়িত্ব ভাতা	৩,০০	৩,০০	৩৬	২,৬৪	
৩১১১৩০২- যাতায়াত ভাতা	৩,০০	৩,০০	২,১১	৮৯	
৩১১১৩০৬- শিক্ষা ভাতা	৪০,০০	৪০,০০	২৪,৮৪	১৫,১৬	
৩১১১৩০৯- পাহাড়ি ভাতা	১০,০০	১০,০০	৫,৮০	৪,২০	
৩১১১৩১০- বাড়ীভাড়া ভাতা	৪,৮০,০০	৪,৮০,০০	৪,৩১,৬০	৪৮,৪০	
৩১১১৩১১- চিকিৎসা ভাতা	১,০৫,০০	১,০৫,০০	৭১,০৯	৩৩,৯১	
৩১১১৩১৪- টিফিন ভাতা	১২,০০	১২,০০	৭,৩৭	৪,৬৩	
৩১১১৩১৬- ধোলাই ভাতা	১০,০০	১০,০০	২,১৩	৭,৮৭	
৩১১১৩২৫- উৎসব ভাতা	১,৮৫,০০	১,৮৫,০০	১,৭১,৩৮	১৩,৬২	
৩১১১৩২৭- অধিকাল ভাতা	১,০০,০০	১,০০,০০	৯৭,২৩	২,৭৭	
০১১১৩২৮- শ্রান্তি ও বিনোদন ভাতা	৩০,০০	৩০,০০	১৯,৬৭	১০,৩৩	
৩১১১৩৩২- সম্মানী ভাতা	২,০০	২,০০	৩৯	১,৬১	
৩১১১৩৩৫- বাংলা নববর্ষ ভাতা	২৫,০০	২৫,০০	১৭,৫৫	৭,৪৫	
৩১১১৩৩৮- অন্যান্য ভাতা	১,০০	১,০০	২৭	৭৩	
৩১১১৩৪৩- হাওর/দ্বীপ/চরভাতা	১০,০০	১০,০০	০	১০,০০	
৩১১১৩৪৪- খোরপোষ ভাতা (সাসপেনশন)	৫,০০	৫,০০	০	৫,০০	
উপমোট-নগদ মজুরি ও বেতনঃ	২৫,০৪,০০	২৫,০৪,০০	২১,৮০,০৫	৩,২৩,৯৫	
উপমোট-কর্মচারীদের প্রতিদান (compensation)	২৫,০৪,০০	২৫,০৪,০০	২১,৮০,০৫	৩,২৩,৯৫	
৩২১১১১৩- বিদ্যুৎ	৩,০০	৩,০০	১,৫৩	১,৪৭	
৩২১১১১৭- ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স	১০,০০	০	০	১০,০০	
৩২১১১১৯- ডাক	২,০০	২,০০	১,৩১	৬৯	
৩২১১১২০- টেলিফোন	৫,০০	৫,০০	৫,০০	০	
উপমোট- প্রশাসনিক ব্যয়:	২০,০০	১০,০০	৭,৮৪	১২,১৬	
৩২৪৩- পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট					
৩২৪৩১০১- পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট	৭০,০০	৭০,০০	৬৪,০৫	৫,৯৫	
উপমোট- পেট্রোল, ওয়েল এন্ড লুব্রিকেন্ট:	৭০,০০	৭০,০০	৬৪,০৫	৫,৯৫	
৩২৪৪- ভ্রমণ ও বদলি					

(অংকে সমূহ হাজার টাকায়)

কোড নম্বর ও খাত	২০২০-২০২১ অর্থ বছরের বাজেট	২০২০-২০২১ অর্থ বছরে ছাড়কৃত অর্থ	ibas++ ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩		৪	৫
৩২৪৪১০১- ভ্রমণ ব্যয়	৬৫,০০	৬৫,০০	৫৮,০৪	৬,৯৬	
উপমোট- ভ্রমণ ও বদলিঃ	৬৫,০০	৬৫,০০	৫৮,০৪	৬,৯৬	
৩২৫৫- মুদ্রণ ও মনিহারি					
৩২৫৫১০১- কম্পিউটার সামগ্রী	২০,৩৫	২০,৩৫	২০,০০	৩৫	
৩২৫৫১০৫- অন্যান্য মনিহারি	৪৩,০০	৪৩,০০	৪১,৪০	১,৬০	
উপমোট- মুদ্রন ও মনিহারি:	৬৩,৩৫	৬৩,৩৫	৬১,৪০	১,৯৫	
৩২৫৬- সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী					
৩২৫৬১০৬- পোশাক	৯,০০	৯,০০	৮,৮৫	১৫	
উপমোট-সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রীঃ	৯,০০	৯,০০	৮,৮৫	১৫	
৩২৫৮- মেরামত ও সংরক্ষণ					
৩২৫৮১০১- মোটরযান	৩০,০০	৩০,০০	২৮,৭১	২,২৯	
৩২৫৮১০২- আসবাবপত্র	১০,০০	১০,০০	৯,৩১	৬৯	
৩২৫৮১০৩- কম্পিউটার	২০,০০	২০,০০	১৭,০৩	২,৯৭	
৩২৫৮১০৮- অন্যান্য ভবন ও স্থাপনা	৫০,০০	৫০,০০	২৪,৯৯	২৫,০১	
উপমোট- মেরামত ও সংরক্ষণঃ	১,১০,০০	১,১০,০০	৮০,০৪	২৯,৯৬	
উপমোট-পণ্য ও সেবার ব্যবহারঃ	৩,৩৭,৩৫	৩,২৭,৩৫	২,৮০,২২	৫৭,১৩	
৩৮- অন্যান্য ব্যয়					
৩৮২১- আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণীবদ্ধ নয়:					
*৩৮২১১০২- ভূমি উন্নয়ন কর	৯৫,০০	৯৫,০০	৯১,৭২	৩,২৮	
উপমোট- আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণী শ্রেণীবদ্ধ নয়:	৯৫,০০	৯৫,০০	৯১,৭২	৩,২৮	
উপমোট-অন্যান্য ব্যয়ঃ	৪,৩২,৩৫	৪,৩২,৩৫	৩,৭১,৯৪	৬০,৪১	
উপমোট- আবর্তক ব্যয়:	২৯,৩৬,৩৫	২৯,২৬,৩৫	২৫,৫১,৯৯	৩,৮৪,৩৬	
৪০- মূলধন ব্যয়					
৪১- অআর্থিক সম্পদ					
৪১১২- যন্ত্রপাতি ও সরঞ্জামাদি					
৪১১২৩১৪- আসবাবপত্র	২০,০০	২০,০০	১৯,৫০	৫০	
উপমোট- যন্ত্রপাতি ও সরঞ্জামাদিঃ	২০,০০	২০,০০	১৯,৫০	৫০	
মোট-জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়সমূহঃ	২৯,৫৬,৩৫	২৯,৪৬,৩৫	২৫,৭১,৪৯	৩,৮৪,৮৬	

৫.২.৪ ২০২০-২১ অর্থ বছরে বাজেটের বিভিন্ন খাতে বরাদ্দপ্রাপ্ত অর্থ, ব্যয়িত অর্থ ও অবশিষ্ট/ অনুত্তোলিত অর্থের বিবরণ ১৪৯০২০৪-মেট্রোথানা প্রকল্প বাস্তবায়ন অফিসসমূহ:

(অংক সমূহ হাজার টাকায়)

কোড নম্বর ও খাত	২০২০-২০২১ অর্থ বছরের বাজেট	২০২০-২০২১ অর্থ বছরে ছাড়কৃত অর্থ	ibas++ ব্যয়	অবশিষ্ট/অনুত্তোলিত অর্থ	মন্তব্য
১	২	৩		৪	৫
৩১১১১০১- মূলবেতন (অফিসার)	১৮,৩৫	১৮,৩৫	৭,৫৩	১০,৮২	
৩১১১২০১- মূল বেতন (কর্মচারী)	১৫,৯০	১৫,৯০	৫,৮০	১০,১০	
৩১১১৩০২- যাতায়াত ভাতা	৭৫	৭৫	১১	৬৪	
৩১১১৩০৬- শিক্ষা ভাতা	১,৪০	১,৪০	১২	১,২৮	
৩১১১৩১০- বাড়ীভাড়া ভাতা	১১,৮০	১১,৮০	৬,৭৫	৫,০৫	
৩১১১৩১১- চিকিৎসা ভাতা	২,২০	২,২০	৯০	১,৩০	
৩১১১৩১৪- টিফিন ভাতা	৩৫	৩৫	০৭	২৮	
৩১১১৩২৫- উৎসব ভাতা	৬,৬০	৬,৬০	১,৯৬	৪,৬৪	
০১১১৩২৮- শ্রান্তি ও বিনোদন ভাতা	১,০০	১,০০	০	১,০০	
৩১১১৩৩৫- বাংলা নববর্ষ ভাতা	১,৬০	১,৬০	১৯	১.৪১	
৩১১১৩৩৮- অন্যান্য ভাতা	৫	৫	০	০৫	
৩১১১৩৪৪- খোরপোষ ভাতা (সাসপেনশন)	৩৫	৩৫	০	৩৫	
উপমোট-নগদ মজুরি ও বেতনঃ	৬০,৩৫	৬০,৩৫	২৩,৪৩	৩৬,৯২	
উপমোট-কর্মচারীদের প্রতিদানঃ (Compensation)	৬০,৩৫	৬০,৩৫	২৩,৪৩	৩৬,৯২	
*৩২১১১১৩- বিদ্যুৎ	৩০	৩০	০	৩০	
*৩২১১১১৯- ডাক	১০	১০	০	১০	
*৩২১১১২০- টেলিফোন	১০	১০	৭	০৩	
৩২১১১৩১- আউট সোর্সিং	৬,০০	৬,০০	৯৭	৫,০৩	
উপমোট- প্রশাসনিক ব্যয়:	৬,৫০	৬,৫০	১,০৪	৫,৪৬	
৩২৪৪-ভ্রমণ ও বদলি					
৩২৪৪১০১- ভ্রমণ ব্যয়	২,৫০	২,৫০	২,৪১	০৯	
উপমোট- ভ্রমণ ও বদলিঃ	২,৫০	২,৫০	২,৪১	০৯	
৩২৫৫- মুদ্রণ ও মনিহারি					
৩২৫৫১০৫- অন্যান্য মনিহারি	৪,০০	৪,০০	২,৩২	১,৬৮	
উপমোট- মুদ্রন ও মনিহারিঃ	৪,০০	৪,০০	২,৩২	১,৬৮	
৩২৫৮- মেরামত ও সংরক্ষণ					
৩২৫৮১০২- আসবাবপত্র	১,৫০	১,৫০	১,৫০	০	
৩২৫৮১০৩-কম্পিউটার	৭৪	৭৪	৭২	০২	
উপমোট-মেরামত ও সংরক্ষণঃ	২,২৪	২,২৪	২,২২	০২	
উপমোট-পণ্য ও সেবার ব্যবহারঃ	১৫,২৪	১৫,২৪	৭,৯৯	৭,২৫	
উপমোট- আবর্তক ব্যয়:	৭৫,৫৯	৭৫,৫৯	৩১,৪২	৪৪,১৭	
৪০- মূলধন ব্যয়					
৪১- আর্থিক সম্পদ					
৪১১২- যন্ত্রপাতি ও সরঞ্জামাদি					
৪১১২২০২- কম্পিউটার ও আনুষঙ্গিক	৪,৭৬	২,৭০	৯০	৩,৮৬	
৪১১২৩১৪- আসবাবপত্র	১,০০	১,০০	৭৫	২৫	
উপমোট- যন্ত্রপাতি ও সরঞ্জামাদি:	৫,৭৬	৩,৭০	১,৬৫	৪,১১	
সোট-মেট্রোথানা প্রকল্প বাস্তবায়ন অফিসসমূহ:	৮১,৩৫	৭৯,২৯	৩৩,০৭	৪৮,২৮	

৫.৩ মুজিববর্ষ-২০২০ উপলক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম

৫.৩.১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকীতে এ অধিদপ্তরে মুজিব কর্ণার স্থাপন করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আত্মজীবনীমূলক গ্রন্থসহ তাঁর কর্ম ও মুক্তিযুদ্ধের সংগ্রামী জীবনের উপর ৫১৭টি বই ক্রয় করে মুজিব কর্নারে রাখা হয়েছে।

চিত্রঃ ০১ ডাঃ মোঃ এনামুর রহমান এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে স্থাপিত মুজিব কর্নার এর শুভউদ্বোধন।

চিত্রঃ ০২ ডাঃ মোঃ এনামুর রহমান এমপি, মাননীয় প্রতিমন্ত্রী ও জনাব মোঃ মোহসীন, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জনাব মোঃ আতিকুল হক, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে স্থাপিত মুজিব কর্নার পরিদর্শন।

চিত্রঃ ০৩ ডাঃ মোঃ এনামুর রহমান এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে স্থাপিত মুজিব কর্নারের পরিদর্শন বইতে স্বাক্ষর।

চিত্রঃ ০৪ Delegates of Nepal Army Command and Staff College এর প্রতিনিধি দলের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে স্থাপিত মুজিব কর্নার পরিদর্শন। এ সময় উপস্থিত ছিলেন এ অধিদপ্তরের মহাপরিচালক, জনাব মোঃ আতিকুল হক।

চিত্রঃ ০৫ Delegates of Nepal Army Command and Staff College এর প্রতিনিধি দলের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে স্থাপিত মুজিব কর্নার পরিদর্শন এবং দলনেতা কর্তৃক পরিদর্শন বইতে স্বাক্ষর। এ সময় উপস্থিত ছিলেন এ অধিদপ্তরের মহাপরিচালক, জনাব মোঃ আতিকুল হক ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

৫.৩.২ অধিদপ্তরের মিলনায়তনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কর্মময় জীবন ও মুক্তিযুদ্ধ বিষয়ে এ অধিদপ্তর ও মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারীদের উপস্থিতিতে দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চিত্রঃ ০৬ জনাব মোঃ মোহসীন, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও জনাব মোঃ আতিকুল হক, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপন।

চিত্রঃ ০৭ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত জনাব মোঃ মোহসীন, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও জনাব মোঃ আতিকুল হক, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (বামে) এবং সভায় উপস্থিত কর্মকর্তা/ কর্মচারীগণ।

ত্রাণ অনুবিভাগ

৬.১ ২০২০-২০২১ অর্থ বছরে ত্রাণ কার্যক্রম

বাংলাদেশ একটি প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ। প্রতি বছর কোন না কোন প্রাকৃতিক দুর্যোগ হয়ে থাকে। এদেশে বিভিন্ন ঋতুতে বিভিন্ন দুর্যোগ হয়ে থাকে। কালবৈশাখি ঝড়, ভূমিকম্প, ভবন ধস, পাহাড় ধস, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, টর্নেডো, বজ্রপাত, ভূমিকম্প, খরা, বন্যা, অগ্নিকান্ড, অতিবৃষ্টি, জলাবদ্ধতা ইত্যাদি প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ প্রতিনিয়ত সংঘটিত হয়। সংঘটিত দুর্যোগে ক্ষতিগ্রস্ত দু:স্থ জনগণের পাশে উপস্থিত হয়ে খাদ্য সহায়তা প্রদান ও গৃহহারা মানুষের ঘরবাড়ি নির্মাণ ও পুন:নির্মাণের প্রয়োজনীয়তা দেখা দেয়। দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময় এবং কৃষি ক্ষেত্রে কর্মহীন সময় (Lean period) এ জনগোষ্ঠীর একটি বড় অংশকে তাদের জীবন ও জীবিকা নির্বাহের জন্য সরকার এবং অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থা বিভিন্ন প্রকার মানবিক সহায়তা দিয়ে থাকে। এ সহায়তা কর্মসূচি বাস্তবায়নে সরকার বিভিন্ন সময়ে আলাদা আলাদা পরিপত্র জারী করে থাকে। বিভিন্ন সময়ে জারীকৃত পরিপত্রসমূহ সরকারের জারীকৃত দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী, ২০১৯ বা Standing Order on Disaster (SOD), 2019 এর আদেশাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক প্রতি বছর জেলা পর্যায়ে প্রাকৃতিক দুর্যোগ পরিস্থিতি মোকাবিলার জন্য জিআর চাল, জিআর ক্যাশ, ঢেউটিন, ঢেউটিনের সাথে গৃহনির্মাণ মজুরী, শুকনা ও অন্যান্য খাবার, গোখাদ্য, শিশুখাদ্য, কম্বল, শীতবস্ত্রসহ বিভিন্ন ত্রাণসামগ্রীর বরাদ্দ প্রদান করা হয় এবং স্থানীয় প্রশাসন/ জনপ্রতিনিধির মাধ্যমে ক্ষতিগ্রস্থদের মাঝে বিদ্যমান মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা' ২০১২-২০১৩ মোতাবেক বিতরণ করা হয়ে থাকে।

৬.১.১ মানবিক সহায়তার ধরন

মানবিক সহায়তা কর্মসূচির আওতায় বর্তমানে চলমান নিম্নলিখিত সহায়তাসমূহ অন্তর্ভূক্ত করা হয়েছে:

(ক) দুঃস্থদের খাদ্য সহায়তা/নগদ টাকা (ভি.জি.এফ)
(খ) নগদ অর্থ সহায়তা (জি.আর.)
(গ) খাদ্যশস্য সহায়তা (জি.আর)
(ঘ) শীতবস্ত্র/কম্বল সহায়তা (জি.আর.)
(ঙ) ঢেউটিন সহায়তা (জি.আর)
(চ) গৃহ নির্মাণ বাবদ নগদ মজুরী সহায়তা (টাকা)
(ছ) শুকনা ও অন্যান্য খাবার
(জ) গোখাদ্য সহায়তা (নগদ টাকা)
(ঝ) শিশু খাদ্য সহায়তা (নগদ টাকা)

উল্লেখ্য, সরকার যদি প্রয়োজনের নিরিখে অন্য কোনরূপ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে এবং তার জন্য যদি পৃথক কোন নির্দেশমালা জারী করা না হয়, সেক্ষেত্রেও এ নির্দেশিকাই প্রযোজ্য হবে।

৬.১.২ মানবিক সহায়তা কর্মসূচির প্রয়োগ এলাকা

বাংলাদেশের সকল জেলা, সিটি করপোরেশন, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড এলাকায় সংশ্লিষ্ট ত্রাণ কার্য সম্পাদনের জন্য মানবিক সহায়তা বাস্তবায়ন নির্দেশিকা' ২০১২-২০১৩ প্রযোজ্য হবে।

৬.১.৩ মানবিক সহায়তা কর্মসূচির বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কমিটিসমূহ

এ নির্দেশিকায় উল্লিখিত জাতীয় পর্যায়, জেলা/উপজেলা/পৌরসভা/ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটিসমূহ স্ব স্ব অধিক্ষেত্রে নির্দেশনায় বর্ণিত নিয়ম নীতি অনুসরণে কর্মসূচি বাস্তবায়নের দায়িত্বে থাকবে।

৬.১.৪ মানবিক সহায়তা কর্মসূচির আওতাভূক্ত ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠান/জনগোষ্ঠী/সম্প্রদায়সমূহ

এ কর্মসূচির আওতায় সহায়তা প্রাপ্তির জন্য নিম্নোক্ত ব্যক্তি /পরিবার/প্রতিষ্ঠান/জনগোষ্ঠী/সম্প্রদায়সমূহ অন্তর্ভূক্ত হবে:

(ক) স্বাভাবিক অবস্থায় দুঃস্থ ও অতিদরিদ্র ব্যক্তি/পরিবারসমূহ;
(খ) দুর্যোগকালে ও দুর্যোগের অব্যবহিত পরে দুর্দশাগ্রস্ত ও অস্বচ্ছল ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানসমূহ;
(গ) সাময়িক খাদ্য সংকটে পতিত বিভিন্ন পেশায় নিয়োজিত দরিদ্র সম্প্রদায়;
(ঘ) অপুষ্টির ঝুঁকিতে থাকা প্রাথমিক স্তরের শিক্ষার্থীবৃন্দ;
(ঙ) ধর্মীয় উৎসব পালনের জন্য বিভিন্ন ধর্মের অনুসারী দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আহার্য বিষয়াদি।

এছাড়াও প্রয়োজনের নিরিখে/বিশেষ বিবেচনায় সরকার সহায়তার ক্ষেত্র সম্প্রসারণ করে অন্য যে কোন ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠান/জনগোষ্ঠী/সম্প্রদায়কে এ কর্মসূচির অন্তর্ভূক্ত করতে পারবে।

৬.১.৫ দু:স্থ ও অতিদরিদ্র ব্যক্তি/পরিবার

নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণকারী ব্যক্তি/পরিবার এ মানবিক সহায়তা কর্মসূচিসমূহের আওতায় দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবার হিসেবে গণ্য হবে:

১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ি ছাড়া কোন জমি নেই;
২. যে পরিবার দিনমজুরের আয়ের উপর নির্ভরশীল;
৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল;
৩৮০	মৌলভীবাজার	মৌলভীবাজার সদর	৪১৬.৫১	২০	১৯	৩৮৯.১৯	২৭.৩২	৯৫%
৩৮১	মৌলভীবাজার	রাজনগর	২৬৫.৮৬	১০	১০	২২৯.২৭	৩৬.৫৯	১০০%
৩৮২	মৌলভীবাজার	শ্রীমঙ্গল	৩১০.৭৮	১২	১২	৩০৩.৮০	৬.৯৮	১০০%
৩৮৩	যশোর	অভয়নগর	১৭৫.৬৫	১১	১১	১৬৬.৭৭	৮.৮৮	১০০%
৩৮৪	যশোর	কেশবপুর	২৪৮.৩৫	১৬	১৫	২২৩.৫০	২৪.৮৫	৯৪%
৩৮৫	যশোর	চৌগাছা	২১৯.৮৩	১১	১১	২০৮.৯৪	১০.৮৯	১০০%
৩৮৬	যশোর	ঝিকরগাছা	২৩৩.৯৬	১৫	১৩	১৯২.৩৭	৪১.৫৯	৮৭%
৩৮৭	যশোর	বাঘারপাড়া	১৭৬.৩৮	৭	৭	১৬৭.৫৩	৮.৮৫	১০০%
৩৮৮	যশোর	মনিরামপুর	৩৫৬.৭১	২৩	২১	২৯৪.০১	৬২.৭০	৯১%
৩৮৯	যশোর	যশোর সদর	৩২৫.৯৬	১৬	১৬	৩২৫.৯৫	০.০১	১০০%
৩৯০	যশোর	শার্শা	২১৮.৯২	৯	৯	১৯৫.৩২	২৩.৬০	১০০%

ক্রমিক নং	জেলা	উপজেলা	বরাদ্দের পরিমাণ	অনুমোদিত সেতুর সংখ্যা	বরাদ্দপ্রাপ্ত সেতুর সংখ্যা	ব্যয়িত অর্থের পরিমাণ	অবশিষ্ট অর্থের পরিমাণ	কাজের অগ্রগতির হার
৩৯১	রংপুর	কাউনিয়া	২০৪.২৩	৭	৬	১৬৪.৬৩	৩৯.৬০	৮৬%
৩৯২	রংপুর	গংগাচড়া	৩৩৬.৪২	১৫	১৫	৩১৯.৬০	১৬.৮২	১০০%
৩৯৩	রংপুর	তারাগঞ্জ	১৭২.৫২	৮	৮	১৬৩.৮৯	৮.৬৩	১০০%
৩৯৪	রংপুর	পীরগঞ্জ	৪৯৬.৬৪	১৮	১৭	৪৩৬.৯০	৫৯.৭৪	৯৪%
৩৯৫	রংপুর	পীরগাছা	২৮৬.৩৮	১১	১০	২৩০.৮১	৫৫.৫৭	৯১%
৩৯৬	রংপুর	বদরগঞ্জ	৩২৮.৬২	১৫	১৫	৩১২.১৮	১৬.৪৪	১০০%
৩৯৭	রংপুর	মিঠাপুকুর	৫৪৩.৪৮	২৫	২০	৪১৩.২৭	১৩০.২১	৮০%
৩৯৮	রংপুর	রংপুর সদর	১৪৬.৩৫	৯	৯	১৩৯.০৪	৭.৩১	১০০%
৩৯৯	রাংগামাটি	কাউখালী	১৪২.৩৮	৫	৪	১১৯.০০	২৩.৩৮	৮০%
৪০০	রাংগামাটি	কাপ্তাই	১৭০.৮৮	৫	৫	১৬২.৩৩	৮.৫৫	১০০%
৪০১	রাংগামাটি	জুরাছড়ি	১৩৪.৩৭	৫	৫	১২৭.৫৫	৬.৮২	১০০%
৪০২	রাংগামাটি	নানিয়ারচর	৬৭.৩	৩	৩	৬৩.৮৪	৩.৪৬	১০০%
৪০৩	রাংগামাটি	বরকল	১০০.৯৬	৪	৪	৯৭.৯১	৩.০৫	১০০%
৪০৪	রাংগামাটি	বাঘাইছড়ি	৪৯৯.১৯	১৫	১৫	৪৭৪.২২	২৪.৯৭	১০০%
৪০৫	রাংগামাটি	বিলাইছড়ি	১২৬.৪৯	৪	৪	১১৮.৮০	৭.৬৯	১০০%
৪০৬	রাংগামাটি	রাংগামাটি সদর	১০৩.৬৭	৩	৩	৯৮.৩৫	৫.৩২	১০০%
৪০৭	রাংগামাটি	রাজস্থলী	১১৬.১১	৪	৪	১১০.৩০	৫.৮১	১০০%
৪০৮	রাংগামাটি	লংগদু	২৫৯.২২	৯	৯	২৪৬.২৬	১২.৯৬	১০০%
৪০৯	রাজবাড়ী	কালুখালী	২৫৫.৫৬	৯	৯	২৫৫.৪৮	০.০৮	১০০%
৪১০	রাজবাড়ী	গোয়ালন্দ	১৩৬.৪৭	৫	৫	১২৯.৬২	৬.৮৫	১০০%
৪১১	রাজবাড়ী	পাংশা	২৫৫.২১	৮	৮	২৫৫.০৮	০.১৩	১০০%
৪১২	রাজবাড়ী	বালিয়াকান্দি	২৬২.৫	৯	৯	২৬২.৪৯	০.০১	১০০%
৪১৩	রাজবাড়ী	রাজবাড়ী সদর	৩৪৩.৪	১৫	১৫	৩৪৩.২৩	০.১৭	১০০%
৪১৪	রাজশাহী	গোদাগাড়ী	৩১৭.৮২	১২	৯	২৪৪.০৩	৭৩.৭৯	৭৫%
৪১৫	রাজশাহী	চারঘাট	১৭০.২৫	৭	৬	১৩২.৬১	৩৭.৬৪	৮৬%
৪১৬	রাজশাহী	তানোর	২১১.৬৮	৯	৯	১৯৯.৫২	১২.১৬	১০০%
৪১৭	রাজশাহী	দুর্গাপুর	২৬.৫২	২	২	২৪.৯৬	১.৫৬	১০০%
৪১৮	রাজশাহী	পুঠিয়া	১১৩.৪৮	৬	৬	১০৭.৫৪	৫.৯৪	১০০%
৪১৯	রাজশাহী	পবা	২১৬.১১	১১	৯	১৭৭.৩৮	৩৮.৭৩	৮২%
৪২০	রাজশাহী	বাঘমারা	৫৪৪.৮৮	১৮	১৮	৫১৭.৬৪	২৭.২৪	১০০%
৪২১	রাজশাহী	বাঘা	৪৬.১১	২	২	৪৩.৮১	২.৩০	১০০%
৪২২	রাজশাহী	মোহনপুর	৭০.২৫	৪	৪	৬১.৫৫	৮.৭০	১০০%
৪২৩	লক্ষীপুর	কমলনগর	৩০৮.৩৫	১৩	৯	২১৭.৩৯	৯০.৯৬	৬৯%
৪২৪	লক্ষীপুর	রামগঞ্জ	৩৫৭.১৩	১৬	১৬	৩৪২.০৫	১৫.০৮	১০০%
৪২৫	লক্ষীপুর	রামগতি	২৮৪.৪৩	১৫	১২	২৩২.০০	৫২.৪৩	৮০%
৪২৬	লক্ষীপুর	রায়পুর	৩৬৪.০৬	১৬	১৬	২৫৯.৫৭	১০৪.৪৯	১০০%
৪২৭	লক্ষীপুর	লক্ষীপুর সদর	৭৩৯.২৪	২৭	২৭	৬৭১.২৪	৬৮.০০	১০০%
৪২৮	লালমনিরহাট	আদিতমারী	২০২.৯২	৭	৭	১৯২.২৮	১০.৬৪	১০০%
৪২৯	লালমনিরহাট	কালীগঞ্জ	২০৭.৯৪	৭	৭	১৯৮.১৭	৯.৭৭	১০০%

ক্রমিক নং	জেলা	উপজেলা	বরাদ্দের পরিমাণ	অনুমোদিত সেতুর সংখ্যা	বাস্তবায়িত সেতুর সংখ্যা	ব্যয়িত অর্থের পরিমাণ	অবশিষ্ট অর্থের পরিমাণ	কাজের অগ্রগতির হার
৪৩০	লালমনিরহাট	পাটগ্রাম	১৫৯.৯৬	৬	৬	১৫১.৪০	৮.৫৬	১০০%
৪৩১	লালমনিরহাট	লালমনিরহাট সদর	১৬৯.৩৫	৬	৬	১৬০.৮৮	৮.৪৭	১০০%
৪৩২	লালমনিরহাট	হাতীবান্ধা	২৪৮.১৮	১০	১০	২৩৩.০৪	১৫.১৪	১০০%
৪৩৩	শরীয়তপুর	গোসাইরহাট	১৭২.১৯	৮	৭	১৪৫.০১	২৭.১৮	৮৮%
৪৩৪	শরীয়তপুর	জাজিরা	৪১২.৬৪	১৬	১৪	৩৪৮.৯১	৬৩.৭৩	৮৮%
৪৩৫	শরীয়তপুর	ডামুড্যা	২৮১.৫৫	১১	১১	২৬৮.৭৩	১২.৮২	১০০%
৪৩৬	শরীয়তপুর	নড়িয়া	৪৮৫.০৫	২০	১৯	৪৪৩.৯৮	৪১.০৭	৯৫%
৪৩৭	শরীয়তপুর	ভেদরগঞ্জ	৪৫০.৮৬	১৯	১৯	৪২৮.০১	২২.৮৫	১০০%
৪৩৮	শরীয়তপুর	শরীয়তপুর সদর	৩৮০.৯৫	১৪	১৪	৩৫৭.৬১	২৩.৩৪	১০০%
৪৩৯	শেরপুর	ঝিনাইগাতী	২১৭.৬৫	৮	৮	২০৬.৬৭	১০.৯৮	১০০%
৪৪০	শেরপুর	নকলা	২৯৮.৪৬	১৩	১৩	২৪৪.০০	৫৪.৪৬	১০০%
৪৪১	শেরপুর	নালিতাবাড়ী	৪০০.৩২	১৭	১৭	৩৮০.২৬	২০.০৬	১০০%
৪৪২	শেরপুর	শ্রীবর্দী	৩৪৪.৩২	১৮	১৭	৩১২.৪০	৩১.৯২	৯৪%
৪৪৩	শেরপুর	শেরপুর সদর	৪৫১.৮৪	১৯	১৯	৪৫১.৭৪	০.১০	১০০%
৪৪৪	সুনামগঞ্জ	ছাতক	৪৪২.৩২	১৯	১৯	৪২০.২০	২২.১২	১০০%
৪৪৫	সুনামগঞ্জ	জগন্নাথপুর	২৭২.১৩	১০	১০	২৫৮.৫৩	১৩.৬০	১০০%
৪৪৬	সুনামগঞ্জ	জামালগঞ্জ	১৭৭.৮২	৯	৯	১৭৫.৯২	১.৯০	১০০%
৪৪৭	সুনামগঞ্জ	তাহিরপুর	২৩৮.৭	৮	৭	২০০.৩৬	৩৮.৩৪	৮৮%
৪৪৮	সুনামগঞ্জ	দক্ষিণ সুনামগঞ্জ	২৭৩.৩২	৯	৯	২৫৯.৬৫	১৩.৬৭	১০০%
৪৪৯	সুনামগঞ্জ	দিরাই	৩০৭.৭	১০	১০	২৯২.৩২	১৫.৩৮	১০০%
৪৫০	সুনামগঞ্জ	দোয়ারাবাজার	৩০৫.৮৩	১৩	১১	২৫৯.৬৩	৪৬.২০	৮৫%
৪৫১	সুনামগঞ্জ	বিশ্বম্ভরপুর	১৭০.৯	৯	৯	১৫৯.৫৯	১১.৩১	১০০%
৪৫২	সুনামগঞ্জ	ধর্মপাশা	৩৩০.৪২	১১	১০	২৮১.৯৯	৪৮.৪৩	৯১%
৪৫৩	সুনামগঞ্জ	শাল্লা	১৬১.৩১	৬	৬	১৫২.৫৪	৮.৭৭	১০০%
৪৫৪	সুনামগঞ্জ	সুনামগঞ্জ সদর	২৮৩.৪৫	১১	১১	২৬৯.২৪	১৪.২১	১০০%
৪৫৫	সাতক্ষীরা	আশাশুনি	৩৬১.২৫	১৫	১৪	৩১৪.০১	৪৭.২৪	৯৩%
৪৫৬	সাতক্ষীরা	কলারোয়া	৩৩৩.১	১৪	১৪	৩১৬.৪৪	১৬.৬৬	১০০%
৪৫৭	সাতক্ষীরা	কালিগঞ্জ	৩৯৫.৯৮	১৪	১৪	৩৫৬.৮৪	৩৯.১৪	১০০%
৪৫৮	সাতক্ষীরা	তালা	৪০৩.৭৩	২০	২০	৩৫১.৭৮	৫১.৯৫	১০০%
৪৫৯	সাতক্ষীরা	দেবহাটা	১৭৩.৭৩	৬	৬	১৬৫.০৪	৮.৬৯	১০০%
৪৬০	সাতক্ষীরা	শ্যামনগর	৪১৩.৬৯	১৫	১৫	৩৯২.৯৭	২০.৭২	১০০%
৪৬১	সাতক্ষীরা	সাতক্ষীরা সদর	৪২৯.৬৪	১৮	১৮	৩৬৬.৮৭	৬২.৭৭	১০০%
৪৬২	সিরাজগঞ্জ	উল্লাপাড়া	৪৩৭.৯৩	১৪	১৪	৪১৪.৩৭	২৩.৫৬	১০০%
৪৬৩	সিরাজগঞ্জ	কাজীপুর	৪২২.৭৫	১৫	১৪	৩৭৮.৩৫	৪৪.৪০	৯৩%
৪৬৪	সিরাজগঞ্জ	কামারখন্দ	১৩৬.৪৭	৫	৪	১০৪.৩৪	৩২.১৩	৮০%
৪৬৫	সিরাজগঞ্জ	চৌহালী	২২৪.০৭	৮	৮	২১২.৮৬	১১.২১	১০০%
৪৬৬	সিরাজগঞ্জ	তাড়াশ	১৭২.৫	৭	৭	১৬৩.৮৮	৮.৬২	১০০%
৪৬৭	সিরাজগঞ্জ	বেলকুচি	২০২.২৫	৮	৮	১৯২.১৪	১০.১১	১০০%
৪৬৮	সিরাজগঞ্জ	রায়গঞ্জ	৩০৬	১৪	১৪	২৯০.৬৬	১৫.৩৪	১০০%

ক্রমিক নং	জেলা	উপজেলা	বরাদ্দের পরিমাণ	অনুমোদিত সেতুর সংখ্যা	বাস্তবায়িত সেতুর সংখ্যা	ব্যয়িত অর্থের পরিমাণ	অবশিষ্ট অর্থের পরিমাণ	কাজের অগ্রগতির হার
৪৬৯	সিরাজগঞ্জ	শাহজাদপুর	৪০৩.৫৩	১৫	১২	৩৪০.৯৮	৬২.৫৫	৮০%
৪৭০	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ সদর	৩০৭.০৭	১৪	১৪	২৯১.৬৭	১৫.৪০	১০০%
৪৭১	সিলেট	এসমাঈলগঞ্জ	৩১৪.৫৫	১৬	১৬	২৯৮.৫৬	১৫.৯৯	১০০%
৪৭২	সিলেট	কানাইঘাট	৩২৭.৪২	১৩	১১	২৬১.৬০	৬৫.৮২	৮৫%
৪৭৩	সিলেট	কোম্পানীগঞ্জ	২২৪.৪৫	৮	৮	২১২.৯০	১১.৫৫	১০০%
৪৭৪	সিলেট	গোয়াইনঘাট	৩১৬.১১	১০	৯	২৭৬.০৬	৪০.০৫	৯০%
৪৭৫	সিলেট	গোলাপগঞ্জ	৩৯৪.০৩	২১	২১	৩৫৬.৪৫	৩৭.৫৮	১০০%
৪৭৬	সিলেট	জকিগঞ্জ	৩০৪.৬৫	১২	১২	২৮৮.৩৪	১৬.৩১	১০০%
৪৭৭	সিলেট	জৈন্তাপুর	২১০.৭৯	৮	৮	১৯৫.১০	১৫.৬৯	১০০%
৪৭৮	সিলেট	দক্ষিণ সুরমা	৩৫৯.৯৬	২০	১৯	২৬৭.২৮	৯২.৬৮	৯৫%
৪৭৯	সিলেট	ফেঞ্চুগঞ্জ	১৮৯.৬৭	৬	৬	১৭২.১৯	১৭.৪৮	১০০%
৪৮০	সিলেট	বালাগঞ্জ	৫১১.৮৩	৩১	৩১	৪৮৩.৮৫	২৭.৯৮	১০০%
৪৮১	সিলেট	বিয়ানীবাজার	৩৫১.২৭	১৪	১৪	৩৩২.৭২	১৮.৫৫	১০০%
৪৮২	সিলেট	বিশ্বনাথ	২৭৩.৬৫	১২	১২	২৫৯.৮১	১৩.৮৪	১০০%
৪৮৩	সিলেট	সিলেট সদর	৩৪৯.৮৩	১৩	১৩	৩২৯.৬৯	২০.১৪	১০০%
৪৮৪	হবিগঞ্জ	আজমিরীগঞ্জ	১৭২.১	৮	৮	১৬৬.৪৭	৫.৬৩	১০০%
৪৮৫	হবিগঞ্জ	চুনারুঘাট	২৯৭.২৮	১৪	১৪	২৮২.৪২	১৪.৮৬	১০০%
৪৮৬	হবিগঞ্জ	নবীগঞ্জ	৪৭৬.০৩	১৬	১৬	৩৬১.০৫	১১৪.৯৮	১০০%
৪৮৭	হবিগঞ্জ	বানিয়াচং	৪৬৪.৩৫	১৪	১৪	৩৮৭.৫০	৭৬.৮৫	১০০%
৪৮৮	হবিগঞ্জ	বাহুবল	২০১.৯	৮	৮	১৯০.২৩	১১.৬৭	১০০%
৪৮৯	হবিগঞ্জ	মাধবপুর	২৬১.৮	১১	৬	১৫০.৪০	১১১.৪০	৫৫%
৪৯০	হবিগঞ্জ	শায়েস্তাগঞ্জ	২১০.৭২	১০	১০	২০০.১৯	১০.৫৩	১০০%
৪৯১	হবিগঞ্জ	শায়েস্তাগঞ্জ	১৩৯.৯	৭	৭	১৩২.৯১	৬.৯৯	১০০%
৪৯২	হবিগঞ্জ	হবিগঞ্জ সদর	৩৩৫.৭৪	১৩	১৩	২৮৯.২৪	৪৬.৫০	১০০%
			১৫১,৫২৮.২৯	৬৪২৪	৬১৩৬	১৩৬,৬৬৯.৭৬	১৪,৮৫৮.৫৫	৯৬%

অর্থ বছরঃ ২০২০-২১ (উপজেলা ওয়ারী বিস্তারিত বিবরণ)

পাবনা জেলার সাঁথিয়া উপজেলায় ধুলাউড়ি ও নাগডেমড়া সংযোগ সড়কে বারআনি গ্রামে নির্মিত সেতু।

"গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় পঞ্চগড় জেলার তেতুলিয়া উপজেলায় নির্মিত সেতু পরিদর্শন।

"গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা জেলার মেঘনা উপজেলায় নির্মিত সেতু পরিদর্শন।

উপকূলীয় ও ঘূর্ণিঝড়প্রবণ এলাকায় বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প

প্রকল্পের শিরোনাম: উপকূলীয় ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প।
মন্ত্রণালয়: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
বাস্তবায়নকারী সংস্থা: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
বাস্তবায়নকাল: জুলাই ২০১৬ হতে জুন ২০২২ (সংশোধিত)।
প্রকল্পের প্রাক্কলিত ব্যয়: মোটঃ ৫৫৬০৬.৩১১ (লক্ষ টাকায়) সংশোধিত, (জিওবি)।

১৪.২.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

- দরিদ্র ও সহায় সম্বলহীন জনগোষ্ঠিকে দুর্যোগকালে আশ্রয়ের ব্যবস্থা করা; গবাদিপশু সম্পদ এবং গৃহস্থলীর অন্যান্য মূল্যবান দ্রব্যাদি/সামগ্রী দুর্যোগের হাত থেকে রক্ষা/সংরক্ষণ করা এবং আশ্রয়কেন্দ্রগুলোকে দুর্যোগ পরবর্তী সময়ে শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য জনহিতকর কাজে ব্যবহার করা।

১৪.২.২ প্রকল্পের লক্ষ্যমাত্রাঃ

- মাধ্যমিক বিদ্যালয়/কলেজ/মাদ্রাসার জমিতে আশ্রয়কেন্দ্র গুলো নির্মাণ করা হচ্ছে;
- আশ্রয়কেন্দ্রের সংখ্যা ২২০টি (প্রত্যকটি আশ্রয়কেন্দ্রের মেঝের আয়তন ৭৮০.০২ বর্গমিটার বিশিষ্ট)।
- প্রতিটি আশ্রয়কেন্দ্র তিন তলা বিশিষ্ট, তন্মধ্যে নীচ তলা ফাঁকা;
- দ্বিতীয় তলায় প্রতিবন্ধীদের অবস্থানের জন্য একটি কক্ষ নির্দিষ্ট করা আছে;
- গর্ভবতী মায়েদের জন্য এবং শিশুদের মায়ের বুকের দুধ খাওয়ানোর জন্য বিশেষ কক্ষের সংস্থান রয়েছে;
- ২য় এবং ৩য় তলায় দুর্গত মানুষের অবস্থানের জন্য আটটি (০৮) কক্ষের ব্যবস্থা করা হয়েছে;
- পুরুষ ও মহিলাদের জন্য পৃথক টয়লেট ও প্রতিবন্ধীদের জন্য হাই কমোডের সংস্থান করা হয়েছে। মহিলাদের জন্য ০৩টি ও পুরুষদের জন্য ০২টি এবং শারিরীক প্রতিবন্ধিদের জন্য ০১টি পৃথক টয়লেট স্থাপন।

১৪.২.৩ প্রকল্পের প্রধান কার্যক্রমঃ

- ৩টি বিভাগের ১৬টি জেলার ৮৬টি উপজেলায় ২২০টি বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ করা।
- ২২০টির মধ্যে ১২০টি আশ্রয়কেন্দ্রে গবাদি পশুর আশ্রয়কেন্দ্র নির্মাণ করা।
- ৩২০টি আশ্রয়কেন্দ্রে সোলার প্যানেল সিস্টেম স্থাপনের কাজ নির্মাণ করা।
- ২২০টির আশ্রয়কেন্দ্রে মধ্যে ১৮৬টি আশ্রয়কেন্দ্রে গভীর নলকুপ স্থাপন করা।
- ২২০টির আশ্রয়কেন্দ্রে মধ্যে ১৮৫টি আশ্রয়কেন্দ্রে আরসিসি সংযোগ সড়ক নির্মাণ করা।

১৪.২.৪ প্রকল্পের ভৌত অগ্রগতিঃ

- ২২০টি আশ্রয়কেন্দ্রের মধ্যে ২১৩টি আশ্রয়কেন্দ্রের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে এবং ০৫টি আশ্রয়কেন্দ্রের কাজ ফিনিশিং পর্যায়ে আছে।
- ৩২০টি আশ্রয়কেন্দ্রের মধ্যে ৩০৫টি আশ্রয়কেন্দ্রে সোলার প্যানেল সিস্টেম স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে।
- ১৮৬টি আশ্রয়কেন্দ্রের মধ্যে ১৬৮টি বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রে ডিপ টিউবওয়েল স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে।
- ১২০টি গবাদি পশুর আশ্রয়কেন্দ্রের মধ্যে ১১৬টির নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন শেখেরখিল ইসলামিয়া দাখিল মাদ্রাসা বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পভুল সরেজমিন পরিদর্শন।

বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন তোরার মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পভুল সরেজমিন পরিদর্শন।

বন্যা প্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) প্রকল্প

ক্রমিক নং	জেলার নাম	ভূমি উন্নয়ন কর বাবদ বরাদ্দে পরিমাণ (টাকা)
১.	প্রাক্কলিত ব্যয়	১৫০৭৪৩.০০ (লক্ষ)
২.	অর্থের উৎস	জিওবি
৩.	বাস্তবায়নকাল	জানুয়ারী/২০১৮ হতে জুন/২০২২
৪.	মোট প্রস্তাবিত বন্যা আশ্রয়কেন্দ্রের সংখ্যা	৪২৩টি
৫.	প্রতি তলার আয়তন	৩৯৬.০২ বঃমিঃ / ৪২৬২.৭৫ বঃফুঃ
৬.	ভবনের মোট আয়তন	১১৮৮.০৬ বঃমিঃ / ১২৭৮৮.২৫ বঃফুঃ
৭.	প্রকল্পভুক্ত জেলা	৪২ টি
৮.	প্রকল্পভুক্ত উপজেলা	২৪৭ টি
৯.	ভবনের ফাউন্ডেশন	০৩ (তিন) তলা বিশিষ্ট
১০.	ভবন	০৩ (তিন) তলা
১১.	সোলার সিস্টেম ২০০০ ওয়াট প্রতিটি আশ্রয়কেন্দ্রে- ০১টি	৪২৩ টি
১২.	ডিপটিউবওয়েল (পাম্পসহ)	০১ টি
১৩.	দুর্যোগ আক্রান্ত মানুষ আশ্রয়ের ব্যবস্থা (প্রতিটি কেন্দ্রে)	৪০০ জন
১৪.	গবাদি পশু আশ্রয়ের ব্যবস্থা (প্রতিটি কেন্দ্রে)	১০০ টি

সম্পাদিত কার্যক্রম সমূহ

প্রকল্পের ক্রমপুঞ্জিভূত বাস্তব অগ্রগতি ৩৭.০০% এবং আর্থিক অগ্রগতি ২৫.৩০%। ১ম, ২য় ও ৩য় ধাপে ২৮৮টি বন্যা আশয়কেন্দ্র নির্মাণের জন্য চুক্তি সম্পাদিত হয়েছে। ২৮৫টি বন্যা আশ্রয়কেন্দ্রের নির্মাণ কাজ চলমান আছে। ০৩টি বন্যা আশ্রয়কেন্দ্র পুরাতন অবকাঠামো থাকায় নির্মাণ কাজ শুরু করতে বিলম্ব হচ্ছে। কোভিড-১৯ এর কারণে লক-ডাউন ও নির্মাণ সামগ্রীর স্বল্পতার কারণে প্রকল্পের অগ্রগতি ব্যাহত হচ্ছে। ২৩মে মাননীয় প্রধানমন্ত্রী ৩০টি বন্যা আশ্রয়কেন্দ্র ভার্চুয়ালি উদ্বোধন করেছেন। এছাড়া ৩৫টি বন্যা আশ্রয়কেন্দ্রের নির্মাণ কাজ শেষ পর্যায়ে। ২১টি বন্যা আশ্রয়কেন্দ্রের দরপত্র মূল্যায়ন চলমান আছে। ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন সুচকের ১২৫.০০ হাজার বর্গমিটার অবকাঠামো নির্মাণের লক্ষমাত্রা ১০০% অর্জিত হয়েছে।

২০২০-২০২১ আরএডিপিতে প্রাপ্ত বরাদ্দ ৩১৯৫৯.০০ লক্ষ টাকা। বরাদ্দের বিপরীতে ব্যয় ২৯৬৩৩.৩৮৪ লক্ষ টাকা। বরাদ্দের ভিত্তিতে অগ্রগতি ৯২.৭২%।

২৩ মে/২০২১ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত ৩০টি বন্যা আশ্রয়কেন্দ্রের তালিকা

ক্রমিক নং	জেলা	উপজেলা	বাস্তবায়নাধীন বন্যা আশ্রয়কেন্দ্রের নাম
১	গাইবান্ধা	সাদুল্লাপুর	ইদ্রাকপুর উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
২	রংপুর	গঙ্গাচড়া	চর ইশোরকুল নিম্ন মাধ্যমিক বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
৩	বগুড়া	গাবতলী	টিওর পাড়া হাছনা আলতাফ স্কুল এন্ড কলেজ বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
৪	পাবনা	বেড়া	নাকালিয়া মঞ্জুর কাদের কলেজ বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
৫	নাটোর	সিংড়া	ছাপনদিঘী উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ
৬	সিরাজগঞ্জ	চৌহালী	আপশিমুলিয়া দাখিল মাদ্রাসা বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
৭	সিরাজগঞ্জ	সদর	মলিকা ছানাউলাহ আনছারী উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।

ক্রমিক নং	জেলা	উপজেলা	বাস্তবায়নাধীন বন্যা আশ্রয়কেন্দ্রের নাম
৮	মাদারীপুর	কালকিনী	ডি কে আইডিয়াল সৈয়দ আতাহার আলী স্কুল এন্ড কলেজ বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
৯	গোপালগঞ্জ	গোপালগঞ্জ সদর	বঙ্গবন্ধু স্মৃতি উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
১০	শরীয়তপুর	জাজিরা	মাহফুজা মোজাম্মেল সরকারী প্রাথমিক বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র
১১	শরীয়তপুর	নড়িয়া	রাহ্যপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
১২	কিশোরগঞ্জ	নিকলী	শহীদ স্মরনিকা বালিকা উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ
১৩	ব্রাহ্মণবাড়িয়া	বাঞ্ছারামপুর	উজানচর কে.এন উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
১৪	ব্রাহ্মণবাড়িয়া	নাসিরনগর	চাতলপাড় ওয়াজ উদ্দিন উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
১৫	চাঁদপুর	হাজীগঞ্জ	রাজারগাঁও উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
১৬	চাঁদপুর	হাজীগঞ্জ	কাপাইকাপ ইসলামীয়া সিনিয়র মাদ্রাসা বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
১৭	চাঁদপুর	হাজীগঞ্জ	প্যারাপুর উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ
১৮	চাঁদপুর	হাজীগঞ্জ	রামপুর উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
১৯	চাঁদপুর	মতলব উত্তর	এখলাছপুর উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
২০	চাঁদপুর	সদর	হরিনা চালিতাতলী এডওয়ার্ড ইনষ্টিটিউশন বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
২১	কুমিল্লা	হোমনা	আছাদপুর হাজী সিরাজ উদ-দৌলা ফারুকী উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ
২২	জামালপুর	বকশীগঞ্জ	আইরমারী নতুন পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
২৩	জামালপুর	দেওয়ানগঞ্জ	মৌলভীর চর বালিকা উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ
২৪	টাংগাইল	নাগরপুর	বাড়ীগ্রাম উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ
২৫	মৌলভীবাজার	কুলাউড়া	ভুকশিমইল উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
২৬	সুনামগঞ্জ	তাহিরপুর	পৈড়ুপ দ্বিজেন্দ্র কুমার নিম্ন মাধ্যমিক বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
২৭	যশোর	কেশবপুর	এম এম গোবিন্দপুর উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
২৮	মানিকগঞ্জ	ঘিওর	কে.বি.এম উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
২৯	সাতক্ষীরা	সদর	নুনগোলা এন,বি,বি,কে, আল মদিনা দাখিল মাদ্রাসা বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।
৩০	সাতক্ষীরা	তালা	ধান্দিয়া কাটাখালী আদর্শ দাখিল মাদ্রাসা বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ।

গোপালগঞ্জ জেলার টুংগীপাড়া উপজেলার ত্রিপল্লী শেখ আবু নাসের মাধ্যমিক বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্রের নির্মাণ কাজ পরিদর্শন করেন জনাব মোঃ আতিকুল হক, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলায় নব-নির্মিত ইদ্রাকপুর উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র পরিদর্শন।

জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলায় নব-নির্মিত মৌলভীর চর বালিকা উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র পরিদর্শন।

আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ)

ক্র: নং	সম্পাদিত কার্যক্রম সমূহ	
১	প্রকল্পের নাম : আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএমঅংশ)।	
২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : (ক) অংশীদারী মন্ত্রণালয় : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। (খ) বাস্তবায়নকারী সংস্থা : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। (গ) প্রকল্পের অর্থায়ন : IDA (World Bank) (ঘ) ঋণ চুক্তি স্বাক্ষরিত : ৩০ জুন ২০১৫ (ঋনচুক্তিনং:-৫৫৯৯)।	
৩	প্রকল্পের বাস্তবায়নকাল : ১লা জুলাই ২০১৫ ইং- এপ্রিল ২০২২ ইং।	
৪	প্রকল্পের প্রাক্কলিত ব্যয় : ১২৫.১৫ কোটি	জিওবি ৯.৬৫ কোটি
		প্রকল্প সাহায্য: ১১৫.৫০কোটি
৫	প্রকল্প এলাকা : ঢাকা ও সিলেট।	
৬	প্রকল্পের উদ্দেশ্য : দুর্যোগ (ভূমিকম্প) হ্রাসে কার্যকরী পরিকল্পনা, দুর্যোগকালীন ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার কার্যক্রমে সরকারের সক্ষমতা বৃদ্ধিকরণ।	
৭	প্রকল্পের মূল কাজ : i) জাতীয় পর্যায়ে Emergency Response and Communication Center (ERCC) এবং National Disaster Management Research and Training Institute (NDMRTI) এর Disaster Risk Management (DRM) সুযোগ সুবিধা (Facilities) সমূহের নকসা প্রস্তুত ও প্রয়োজনীয় যন্ত্রপাতি সংস্থাপন (Out fit) করা।	
	ii) Training Exercise and Drills (TED) এর মাধ্যমে জাতীয় পর্যায়ে ERCC ও NDMRTI এবং ঢাকা ও সিলেট জেলায় স্থানীয় পর্যায়ে সিটি কর্পোরেশন ও Fire Service & Civil Defence (FSCD) এর জরুরী পরিস্থিতি মোকাবেলার ব্যবস্থাপনা ও প্রস্তুতির সক্ষমতা বৃদ্ধি করণের লক্ষ্যে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদান করা।	
	প্রকল্পের সম্পাদিত কাজসমূহঃ নিম্নোক্ত সম্পাদিত কাজসমূহ RDPP র প্রভিশন অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। I. ERCC : আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ) প্রকল্পের Renovation Work for ERCC at DDM; প্যাকেজ নংঃ BD-44875-CW-RFB এর রেনোভেশন কাজ সম্পূর্ণ এবং চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে। II. NDMRTI: আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ) প্রকল্পের Renovation Work for NDMRTI at DDM প্যাকেজ নংঃ BD-44877-CW-RFB এর রেনোভেশন কাজ সম্পূর্ণ এবং চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে। III. আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) এর Procurement of computer & Related Equipment for ERCC & NDMRTI প্যাকেজ নং- URP- DDM/G-7 এর মাধ্যমে মালামাল ক্রয় সম্পূর্ণ হয়েছে এবং বিল প্রদান করা হয়েছে। IV. আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) এর Procurement of Office Equipment for ERCC & NDMRTI প্যাকেজ নং- URP- DDM/G-8 এর মাধ্যমে মালামাল ক্রয় সম্পূর্ণ হয়েছে এবং বিল প্রদান করা হয়েছে। V. **Training Exercises and Drills (TED) Program :** বিশ্বব্যাপী করোনা ভাইরাস Pandemic এর কারণে TED চুক্তিটির চুক্তিপত্র অনুসারে ১৮ নভেম্বর ২০২০ তারিখে স্বাভাবিক সমাপ্তির (Completion) বিষয়ে ১৭/১১/২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১২তম প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভায় এবং ১০/১২/২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৩য় প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। পরামর্শক প্রতিষ্ঠান REM-DTCL JV এর সাথে চূড়ান্ত আর্থিক নিষ্পত্তির বিষয়ে Amicable Settlement এর চেষ্টা অব্যাহত রাখা হয়েছে।	

ক্র: নং	সম্পাদিত কার্যক্রম সমূহ	
	বিশ্বব্যাংকের সম্মতিক্রমে জাতিসংঘ অধীনস্থ সংস্থা United Nations Development Programme (UNDP) এর সাথে একক উৎস ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে চুক্তি করে Training Exercises and Drills (TED) Program পুনরায় শুরু করার প্রস্তাব ১৩/০৬/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১৫তম পিআইসি সভা এবং ৩০/০৬/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৫ম প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে।	
	কাজের অগ্রগতি:	
	1.TED (Training Exercises & Drill) :	বিশ্বব্যাপী করোনা ভাইরাস Pandemic এর কারণে TED চুক্তিটির চুক্তিপত্র অনুসারে ১৮ নভেম্বর ২০২০ তারিখে স্বাভাবিক সমাপ্তির (Completion) বিষয়ে ১৭/১১/২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১২তম প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভায় এবং ১০/১২/২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৩য় প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। পরামর্শক প্রতিষ্ঠান REM-DTCL JV এর সাথে চূড়ান্ত আর্থিক নিষ্পত্তির বিষয়ে Amicable Settlement এর চেষ্টা অব্যাহত রাখা হয়েছে। বিশ্বব্যাংকের সম্মতিক্রমে জাতিসংঘ অধীনস্থ সংস্থা United Nations Development Programme (UNDP) এর সাথে একক উৎস ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে চুক্তি করে Training Exercises and Drills (TED) Program পুনরায় শুরু করার প্রস্তাব ১৩/০৬/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১৫তম পিআইসি সভা এবং ৩০/০৬/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৫ম প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে।
	2. Renovation Work of ERCC	ERCC রেনভেশন কাজের উপর মন্ত্রণালয়ের অনুমোদন ২০/১০/২০১৯ তারিখে পাওয়ার পর ২১/১০/২০১৯ তারিখে উক্ত কাজের চুক্তি সম্পাদন নোটিশ ইস্যু করা হয় এবং ০৫/১১/২০১৯ তারিখে ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান SS Engineering & Construction Ltd কর্তৃক গত ৩০ ডিসেম্বর ২০২০ তারিখে কাজ সমাপ্ত করে ও সাইট বুঝে পাওয়া যায়। উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কাজের Variation ও সংশোধিত স্থাপত্য নকশা (As Built Drawing) দাখিল করলে গত ০৬-০৬-২০২১ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় Variation ও সংশোধিত স্থাপত্য নকশা (As Built) ও বিল গত ১৩-০৬-২০২১ তারিখে অনুমোদন প্রদান করে। Renovation Work for NDMRTI at DDM এর সম্পাদিত কাজ ডিজাইন, ড্রয়িংও স্পেসিফিকেশন অনুসারে হয়েছে মর্মে ডিজাইন এবং সুপারভেশন ফার্ম ডেভলপমেন্ট ডিজাইন কনসালটেন্টস লিমিটেড কর্তৃক যাচাই-বাছাই পূর্বক প্রত্যায়ন করায় ১৪-০৬-২০২১ তারিখে চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে।
	3. Renovation Work of NDMRTI	NDMRTI এর রেনভেশন কাজের উপর মন্ত্রণালয়ের অনুমোদন ২০/১০/২০১৯ তারিখে পাওয়ার পর ২১/১০/২০১৯ তারিখে উক্ত কাজের চুক্তি সম্পাদন নোটিশ ইস্যু করা হয়। ২৭/১০/২০১৯ তারিখে ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান M/S Kazi Arfanur Rahman কর্তৃক গত ৩০ ডিসেম্বর ২০২০ তারিখে কাজ সমাপ্ত করে ও সাইট বুঝে পাওয়া যায়। উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কাজের Variation ও সংশোধিত স্থাপত্য নকশা (As Built Drawing) দাখিল করলে গত ০৬-০৬-২০২১ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় Variation ও সংশোধিত স্থাপত্য নকশা (As Built) ও বিল গত ১৩-০৬-২০২১ তারিখে অনুমোদন প্রদান করে। Renovation Work for NDMRTI at DDM এর সম্পাদিত কাজ ডিজাইন, ড্রয়িং ও স্পেসিফিকেশন অনুসারে হয়েছে মর্মে ডিজাইন এবং সুপারভেশন ফার্ম ডেভলপমেন্ট ডিজাইন কনসালটেন্টস লিমিটেড কর্তৃক যাচাই-বাছাই পূর্বক প্রত্যায়ন করায় ১৪-০৬-২০২১ তারিখে চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে।

ক্র: নং	সম্পাদিত কার্যক্রম সমূহ	
	Procurement of Computer & Related Equipment for ERCC & NDMRTI	আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) এর Procurement of computer & Related Equipment for ERCC & NDMRTI প্যাকেজ নং- URP- DDM/G-7 এর মাধ্যমে ট্যাবলেট কম্পিউটার ৫টি, ডেস্কটপ কম্পিউটার ৫০টি, আন- ইন্টারাপটেড পাওয়ার সাপলাই (ইউপিএস)-৫০টি, ল্যাপটপ কম্পিউটার ৩৫টি, কালার লেজার প্রিন্টার ১০টি, A3 লেজার প্রিন্টার-২টি, A3 স্কানার ২টি ও স্কানার শল ১০টি ইত্যাদি মালামাল ক্রয়ের লক্ষ্যে e-gp তে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত প্যাকেজের মূল্যায়ন কমিটি দরপত্র মূল্যায়ন করে রেসপনসিপ লোয়েস্ট হিসেবে Smart Technologies LtD কে সুপারিশ করে। গত ৩০ ডিসেম্বর ২০২০ তারিখে e-gp এর মাধ্যমে Smart Technologies LtD civei Notification of Award (NOA) ইস্যু করা হয়। গত ০৪ জানুয়ারী ২০২১ তারিখে উক্ত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হয়। চুক্তি অনুযায়ী smart Technologies LtD এর গত ০৯ জুন ২০২১ তারিখে মালামাল সরবরাহ করায় উক্ত প্রতিষ্ঠানকে বিল প্রদান করা হয়।
	Procurement of Office Equipment for ERCC & NDMRTI	আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) এর Procurement of Office Equipment for ERCC & NDMRTI প্যাকেজ নং- URP- DDM/G-৪ এর মাধ্যমে ডিজিটাল ফোটোকপিয়ার (ব্ল্যাক এন্ড হোয়াইট) ০৩টি, ডিজিটাল ফোটকপিয়ার (কালার) ০২টি, এয়ারকন্ডিশনার (সিলিং স্পিলিট টাইপ) ০৪টি, লেমিনেটিং মেশিন ০৫ টি, বাইন্ডিং মেশিন (স্পাইরাল) ০৯টি ও ফ্যাক্স মেশিন ১০টি ইত্যাদি মালামাল ক্রয়ের লক্ষ্যে e-gp তে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত প্যাকেজের মূল্যায়ন কমিটি দরপত্র মূল্যায়ন করে রেসপনসিপ লোয়েস্ট হিসেবে Flora LtD কে সুপারিশ করে। গত ২৫ এপ্রিল ২০২১ তারিখে e-gp এর মাধ্যমে Flora LtD কে Notification of Award (NOA) ইস্যু করা হয়। গত ০৫ মে ২০২১ তারিখে উক্ত প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হয়। Flora LtD গত ১০ জুন/২০২১ তারিখে মালামাল সরবরাহ করলে উক্ত প্রতিষ্ঠানকে বিল প্রদান করা হয়।

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার সংখ্যা	২০২০-২১ অর্থ বছরে RADP বরাদ্দের পরিমাণ	প্রকল্প সংখ্যা			ব্যয়িত অর্থের পরিমান	অব্যয়িত অর্থের পরিমান	কাজের অগ্রগতির হার (%)	মন্তব্য
				মোট প্রকল্প সংখ্যা	গৃহীত প্রকল্প সংখ্যা	বাস্তবায়নধীন প্রকল্প সংখ্যা				
১	২	৩	৪	৫	৮	৯	১০	১১	১০	১১
০১	ঢাকা ও সিলেট	২	২৯০০.০০	১	১	১	৯৯৭.৬১	১৯০২.৩৯	৩৪.৪০%	

Urban Resilience Project (DDM Part) এর আওতায় প্রস্তুতকৃত Emergencz Response Coordination Center (ERCC).

সিলেট জেলায় ট্রেনিং সেশন।

গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্প

বাস্তবায়নকারী মন্ত্রণালয়	:	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	:	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রকল্প দৈর্ঘ্য	:	৫২০৫.০০ কি.মি.
প্রকল্প ব্যয়	:	৩৩৪৭২৩.৭২ লক্ষ (৩৩৪৭.২৩৭২ কোটি)
		(রাজস্ব- ২৩১১.৬৯ লক্ষ টাকা, মূলধন- ৩৩২৪১২.০৩ লক্ষ টাকা)
প্রকল্পের উৎস	:	জিওবি
প্রকল্প মেয়াদ	:	জানুয়ারী' ২০১৯ - জুন' ২০২২ খ্রি.
একনেক সভায় অনুমোদন	:	৪ নভেম্বর ২০১৮ খ্রি.
প্রকল্প এলাকা	:	৬৪ জেলার ৪৯২ টি উপজেলা

প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ

স্বাধীনতার পর থেকে এই মন্ত্রণালয়ের মাধ্যমে কাবিখা ও টিআর প্রকল্পের আওতায় গ্রামীণ কাঁচা সড়ক নির্মাণ কাজ শুরু হয়। তাছাড়া ২০০৮-২০০৯ সাল হতে ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্য পুওর (ইজিপিপি) কর্মসূচি চালু রয়েছে। এ সকল কর্মসূচির মাধ্যমে এ যাবৎ প্রায় ০৩ (তিন) লক্ষ কিলোমিটার মাটির রাস্তা নির্মাণ করা হয়েছে। এর মধ্যে প্রায় ১.৫ লক্ষ কিলোমিটার রাস্তা কাচা রয়েছে। বর্ষা মৌসুমে মাটির রাস্তাগুলি কর্দমাক্ত ও ক্ষয় হয়। এতে প্রতিবছর রাস্তাগুলি যোগাযোগ উপযোগি রাখতে সরকারের বিপুল পরিমান অর্থের প্রয়োজন হয়। যা দেশের অবকাঠামো উন্নয়নে নেতিবাচক প্রভাব ফেলে। এ পরিস্থিতিতে রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় কমিয়ে আনার লক্ষ্যে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ডাটা বেইজের মাধ্যমে গ্রামীণ মাটির রাস্তাগুলিকে ক্যাটাগরী-ক এবং ক্যাটাগরী-খ দুইভাগে বিভক্ত করেছে। ক্যাটাগরী-খ (২ কিলোমিটারের নিম্নে দৈর্ঘ্য) গ্রামীণ রাস্তা রয়েছে প্রায় ৬৩ হাজার কিলোমিটার। উক্ত ৬৩ হাজার কিলোমিটার মাটির রাস্তাগুলি টেকসই করণের লক্ষ্যে ৫২০৫.০০ কিলোমিটার রাস্তা হেরিং বোন বন্ড (এইচবিবি) করার নিমিত্ত অত্র প্রকল্পটি গ্রহন করা হয়।

প্রকল্পের উদ্দেশ্যঃ

১। দেশের প্রতিটি উপজেলায় স্থানীয় হাট-বাজার, গ্রোথ সেন্টার, শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদ যে সকল মাটির রাস্তা দ্বারা সংযুক্ত রয়েছে সেগুলোকে এইচ বি বি করণের মাধ্যমে দীর্ঘস্থায়ী ও টেকসই করা।

২। সারাবছর চলাচল উপযোগি ও টেকসই রাখতে, উৎপাদিত কৃষিপণ্য বিপণনে সহায়তা প্রদানের জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নতি করা এবং পরিবহনব্যয় কমিয়ে আনা।

৩। দুর্যোগের সময় অল্প সময়ে দুর্গত এলাকার জনগণ যাতে আশ্রয়কেন্দ্রে আসতে পারে, সহজে চিকিৎসা সেবা পেতে পারে, গবাদিপশু দ্রুত নিরাপদ স্থানে সরিয়ে নেয়া এবং দুর্যোগে ঝুঁকি হ্রাস করে স্থানীয় জনগোষ্ঠির কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

৪। বর্ষামৌসুমে মাটির রাস্তাগুলি কর্দমাক্ত ও ক্ষয় হয়। এতে প্রতি বছর যোগাযোগ উপযোগি রাখতে সরকারের অনেক অর্থের প্রয়োজন হয়। এইচবিবি করণের মাধ্যমে মাটির ক্ষয় রোধ করা ও ভবিষ্যতে মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় কমিয়ে আনা।

৫। সারাদেশের গ্রামীণ ক্ষুদ্ররাস্তাসমূহ মূল যোগাযোগ নেটওয়ার্কের সাথে সংযুক্ত করে গ্রামীণ জনপদের অনগ্রসর জনগোষ্ঠিকে জাতীয় উন্নয়নে সম্পৃক্ত করা।

বছরভিত্তিক বরাদ্দ বিভাজন ও দরপত্র আহবানঃ

অর্থবছর	মোট কিলোমিটার (ডিপিপি অনুযায়ী)	দরপত্র আহবান (কি.মি.)	মন্তব্য
২০১৯-২০২০	২৬০২৫০.	২৬৯৪৩৯৯.	
২০২০-২০২১	১৩০১২৫.	২০২৪৪.	
২০২১-২০২২	১৩০১২৫.	-	
মোট	৫২০৫০০.	২৭১৪৬৪৩.	

২০২০-২০২১ অর্থ বছরে গৃহিত কার্যক্রমঃ

- ২০১৯-২০ অর্থ বছরের এইচবিবি রাস্তা খাতে বকেয়া রয়েছে- ৬৪১৪০.০০ লক্ষ টাকা।
- ২০২০-২০২১ অর্থ বছরে 'বিশেষ কার্যক্রম' হিসেবে দরপত্র আহ্বান মোট ২০.২৪৪ কি.মি.।
- ২০২০-২০২১ অর্থ বছরে আহ্বানকৃত দরপত্রের মোট কার্যাদেশ মূল্য- ১০৩২.৯৪ লক্ষ টাকা।
- ২০২০-২০২১ অর্থ বছরে RADP'তে বকেয়া বিল পরিশোধসহ সর্বমোট প্রয়োজন- (৬৪১৪০.০০ + ১০৩২.৯৪) = ৬৫১৭২.৯৪ লক্ষ টাকা।
- ২০২০-২০২১ অর্থ বছরে RADP'তে প্রাপ্ত বরাদ্দ- ৪৯৯৭৫.০০ লক্ষ টাকা (রাজস্ব- ৩০২.০০ লক্ষ টাকা + মূলধন- ৪৯৬৭৩.০০ লক্ষ টাকা)।
- প্রাপ্ত বরাদ্দ হতে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক অর্থ ছাড়- ৪৪৪৪৪.৭০ লক্ষ টাকা (রাজস্ব- ৩০২.০০ লক্ষ + মূলধন- ৪৪১৪২.৭০ লক্ষ) টাকা)।
- ২০২০-২০২১ অর্থ বছরে এইচবিবি খাতে বকেয়াসহ বিল পরিশোধ মোট- ৪৪১৩৭.৫৯ লক্ষ টাকা। প্রকল্পের অগ্রগতির হার: আর্থিক- ৯৯.৬৬% ও বাস্তব- ৯৮%।
- ২০২০-২০২১ অর্থ বছরে বকেয়া থাকবে-(৬৫১৭২.৯৪ - ৪৪১৩৭.৫৯)= ২১০৩৫.৩৫ লক্ষ টাকা।

কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার 'বেতবাড়িয়া বৈরাগীপাড়া মোড় দুখির বাড়ি হইতে হান্নানের বাড়ি ভায়া বেতবাড়িয়া ফুড ব্রীজ পর্যন্ত (৫০০ মিটার) (ইউপি- বেতবারিয়া) রাস্তায় এইচবিবি করণ'।

নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার এইচবিবি প্রকল্প পরিদর্শন।

The Disaster Risk Management Enhancement Project (RMEP)

প্রকল্পের তথ্যাবলিঃ

০১ প্রকল্পের নাম	:	Disaster Risk Management Enhancement Project (Component 2&3)
০২ প্রকল্পের মেয়াদ	:	এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০২২ পর্যন্ত।
০৩ প্রকল্পের মোট বরাদ্দ	:	৬২০২২.০০ লক্ষ টাকা (জিওবি: ১৫৭৩৪.০০ লক্ষ টাকা, পিএ: ৪৬২৮৮.০০ লক্ষ টাকা)
০৪ বরাদ্দের উৎস	:	JICA ও GoB।
০৫ প্রকল্পের উদ্দেশ্য	:	- প্রাকৃতিক দুর্যোগের উচ্চ ঝুঁকিতে অবস্থান করা অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে বাংলাদেশ সরকারের সমন্বিত দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া শক্তিশালী করা; - দুর্যোগের সময় কার্যকরী জরুরী যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী করা; - দ্রুত ও কার্যকরী উদ্ধার কার্যক্রম ও পুনর্বাসনের ব্যবস্থা প্রতিষ্ঠিত করা; - দুর্যোগ প্রতিরোধী সমাজ গঠনে অবদান রাখা।
০৬ প্রকল্পে জড়িত সংস্থা	:	Department of Disaster Management (DDM), Bangladesh Water Development Board (BWDB), Local Government Engineering Department (LGED)

ভৌত অগ্রগতি:

- Component-3 এর আওতায় ঘূর্ণিঝড় আমফানে ক্ষতিগ্রস্ত দেশের দক্ষিণাঞ্চলীয় ০৩ জেলায় BWDB এর জন্য স্থিরকৃত ১৬টি প্যাকেজের মধ্যে ১৫টি প্যাকেজে ৫২,৪২,৯১,৮৯০/- (বায়ান্ন কোটি বিয়ালিশ লক্ষ একানব্বই হাজার আটশত নব্বই) টাকা, LGED'র জন্য ০২ জেলায় ০৪টি প্যাকেজে ১৩,১৫,৬৬,৫৯৫/- (তেরো কোটি পনের লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত পঁচানব্বই) টাকা ও বন্যায় ক্ষতিগ্রস্ত ১৩ জেলার ৩০ উপজেলায় DDM এর জন্য ১৫টি প্যাকেজে ৩৮,৬৭,২৭,৫৪৫/- (আটত্রিশ কোটি সাতষট্টি লক্ষ সাতাশ হাজার পাঁচশত পয়তাল্লিশ) টাকা মোট ১০৪,২৫,৮৬,০৩১/- (একশত চার কোটি পঁচিশ লক্ষ ছিয়াশি হাজার একত্রিশ) টাকার ৩৪ টি প্যাকেজে টেন্ডার আহবান ও NOA প্রদান করা হয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে। BWDB'র আওতাধীন ০১টি প্যাকেজের পুন:দরপত্র আহবান করা হয়েছে।
- এছাড়াও BWDB'র ০৪টি ও LGED'র ০২টি প্যাকেজের টেন্ডার আহবান কার্যক্রম চলমান রয়েছে।
- Component-2 এর আওতায় দুর্যোগকালীন জরুরী উদ্ধারকার্যে DDM কর্তৃক ব্যবহারের জন্য বিভিন্ন উদ্ধার সরঞ্জামাদী ক্রয়ের নিমিত্ত ৩,১৭,৫৫,৮৩৫ (তিন কোটি সতের লক্ষ পঞ্চান্ন হাজার আটশত পঁয়ত্রিশ) টাকার ০৩টি প্যাকেজে টেন্ডার আহবান করত: NOA প্রদান করা হয়েছে। মালামাল সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে।

সার্বিক ভৌত অগ্রগতি: ৪৫%

২০২০-২১ অর্থ বছরের আর্থিক অগ্রগতি:

ক্রমপুঞ্জিভূত ব্যয়-	জিওবি	= ১৫১৫.৫১ (লক্ষ টাকা)
	পিএ	= ৬০৩৯.৪৭ (লক্ষ টাকা)
	মোট	= ৭৫৫৪.৯৮ (লক্ষ টাকা)
	আর্থিক অগ্রগতি	= ৫৯.৯৫%

সার্বিক আর্থিক অগ্রগতি: ১২.৬৫%

গোপালগঞ্জ জেলায় বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তা পরিদর্শন।

পটুয়াখালী সদর উপজেলার বন্যায় ক্ষতিগ্রস্থ স্থাপনা পরিদর্শন।

মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলার চালা ইউনিয়নের কাঁচা রাস্তা সংস্কার ও মেরামতের কাজ উদ্বোধন।

Strengthening of the Ministry of Disaster Management and Relief Program Administration (SMoDMRPA) প্রকল্প

১। প্রকল্পেরে সংক্ষিপ্ত বিবরণ

২। প্রকল্প ব্যয় (প্রাক্কলিত) মোট : ৩৫০০৮.০০ লক্ষ টাকা
জিওবি : ৩০৮.০০ লক্ষ টাকা
প্র: সা: : ৩৪৭০০.০০ লক্ষ টাকা (ঋণ ৩০৫০০.০০ লক্ষ টাকা এবং অনুদান ৪২০০.০০ লক্ষ টাকা)
অর্থায়নের উৎস : জিওবি ও আইডিএ

৩। প্রকল্পের উদ্দেশ্য : প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে সমাজের দরিদ্রতম পরিবারসমূহের কল্যাণ সাধনের লক্ষ্যে প্রধান প্রধান সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহ মাঠ পর্যায়ে বাস্তবায়নে সমতা আনায়ন এবং সক্ষমতা ও স্বচ্ছতা বৃদ্ধি ।

৪। প্রকল্পের সুনির্দিষ্ট লক্ষ্যসমূহ হলোঃ

(ক) অধিকতর দরিদ্রবান্ধব কর্মসূচি প্রণয়ন এবং সম্পদ বিতরণে দরিদ্রতম পরিবার নির্বাচন ব্যবস্থার উন্নয়ন;
(খ) কর্মসূচি সমূহের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে প্রশাসনিক ব্যবস্থাপনা, কর্মসূচির তথ্য ব্যবস্থাপনা এবং পরিবীক্ষণ ব্যবস্থা জোরদারকরণ;
(গ) কার্যক্রমে স্বচ্ছতা বৃদ্ধির লক্ষ্যে সুশাসন এবং জবাবদিহিতা নিশ্চিতকরণ;

৫। প্রকল্পের অঙ্গভিত্তিক বিবরণ : প্রকল্পের তিনটি কম্পোনেন্ট রয়েছে, যার প্রথম দু'টি কম্পোনেন্ট দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত হচ্ছে এবং তৃতীয় কম্পোনেন্টটি বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিকস কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের টিএপিপিএর ১ম সংশোধনীর পর বরাদ্দসহ কম্পোনেন্টগুলো হলোঃ-

(১) Support to MoDMR Social Safetz Net Programs (USD. 622 Million)

(২) Strengthening of the Ministrz of Disaster Management and Relief (MoDMR) Program Administration (SMoDMPA) (USD. 32 Million) এবং

(৩) Natonal Housedhold Database (NHD) (USD. 89 Million)

বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ৫টি প্রধান সামাজিক নিরাপত্তা কর্মসূচির কার্যকর ও সুষ্ঠু বাস্তবায়নের জন্য কারিগরী সহায়তা হিসেবে Strengthening of the Ministrz of Disaster Management and Relief (MoDMR) Program Administration শীর্ষক প্রকল্পটি পরিচালিত হচ্ছে।

৬। প্রকল্পের বাস্তবায়ন এলাকা : সমগ্র দেশ

৭। প্রকল্পের বাস্তবায়নকাল : জুলাই ২০১৩ থেকে জুন-২০২৩ পর্যন্ত

৮। প্রকল্পের উপকারভোগী : এই প্রকল্পের আওতায় সুবিধাভোগী হবেন দেশের দরিদ্রতম জনগোষ্ঠী যারা প্রাকৃতিক ও মনুষ্যসৃষ্ট উভয় প্রকার দুর্যোগে ও বছরের কর্মহীন মৌসুমে দূর্দশার সম্মুখীন হয়। লক্ষ্যভুক্ত দরিদ্র পরিবার নির্বাচন ও সুশাসন নিশ্চিত করার মাধ্যমে দেশের দরিদ্র জনগোষ্ঠীর বিশাল অংশ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতাভুক্ত হবে বলে আশা করা যায়।

প্রকল্পের কাজের অগ্রগতিঃ

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ৫টি সামাজিক নিরাপত্তা কর্মসূচির অপারেশন ম্যানুয়ালের উপর ১ম পর্যায়ে ৬৪টি ট্রেনিং সম্পন্ন হয়েছে;
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ৫টি সামাজিক নিরাপত্তা কর্মসূচির অপারেশন ম্যানুয়ালের উপর উপজেলা পর্যায়ে ইউপি চেয়ারম্যান ও সচিব, ট্যাগ অফিসার এবং PIC কমিটির সদস্যসদের ওয়ার্কশপ সম্পন্ন;
- Sznergz কর্তৃক DDM এবং BBS MIS দুইটির Prototzpe উপস্থাপন;
- EGPP MIS এবং Safeguard এর উপর PIO এবং SAE কে প্রশিক্ষণ প্রদান;
- জুলাই ২০২১ পর্যন্ত ১৫ লক্ষ VGF ও EGPP উপকারভোগীদের তথ্য Digitize করা হয়েছে;
- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণকে প্রকল্পের কার্যক্রম অবহিতকরণের লক্ষ্যে ২দিন ব্যাপি প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন এবং উপ-সহকারী প্রকৌশলীগণদের প্রকল্পের সার্বিক অগ্রগতি ও কর্মপরিকল্পনা সংক্রান্ত ১দিনের কর্মশালা সম্পন্ন;
- বাংলদেশ ডাক বিভাগের সহায়তা EGPP কর্মসূচির উপকারভোগীকে পোষ্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে মজুরী পরিশোধ এবং পরবর্তীতে A2i এর সহযোগিতায় ০৮টি উপজেলায় ৮২২৫জন উপকারভোগীকে বায়োমেট্রিক পদ্ধতিতে মজুরী পরিশোধ করা হয়েছে;
- ১৯টি উপজেলায় ২২,০০০ জন উপকারভোগীকে G2P এবং electronic pazment পদ্ধতিতে মজুরি পরিশোধের জন্য পেমেন্ট পাইলট সম্পন্ন করা হয়েছে ।;
- HR Performance Management Szstem প্রস্তুত সম্পন্ন হয়েছে। HR PMS এর Hardware BCC এর Data Center এ স্থাপন;
- মন্ত্রণালয়ের আদর্শ নেটওয়ার্ক স্থাপনের ও DDM এর LAN স্থাপনের দরপত্র আহবান ও মূল্যায়ন চূড়ান্ত করণ;
- BTV তে ০৫টি সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপর টিভি স্পট প্রচার করা হয়েছে। এ ছাড়া ০৪টি প্রাইভেট চ্যানেলে উক্ত TV Spot প্রচারিত হয়েছে। রেডিও তে প্রচার এবং টিভি ব্রল প্রচার;
- ইজিপিপি+ নির্দেশিকা চূড়ান্তকরণ কর্মশালা;
- রাজশাহী বিভাগীয় কর্মশালা গৃহহীনদের জন্য দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ নির্দেশিকার উপর দিন ব্যাপি সেমিনার;
- অতিদরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) বাস্তবায়ন ও বর্তমান প্রেক্ষাপট শীর্ষক বিষয়ক কর্মশালা;
- পাঁচটি সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিষয়ে প্রশিক্ষণ ও গনসচেতনতার সৃষ্টির লক্ষ্যে প্রচারভিযান এর ঋসড়া প্রতিবেদন চূড়ান্তকরণ কর্মশালা এবং
- HR Performance Management Szstem (HR-PMS) সফটওয়ার এর উপর প্রশিক্ষণ।

২০২০-২১ অর্থ বছরের এডিপিতে বরাদ্দ অনুযায়ী আর্থিক অগ্রগতিঃ

বরাদ্দ			অবমুক্তি			ব্যয়					
মোট	জিওবি	প্রসা:	মোট (%)	জিওবি (%)	প্রসা: (%)	(মে-২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত)		(জুন-২০২১)		(জুন-২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত)	
						আর্থিক (%)	বাস্তব %	আর্থিক (%)	বাস্তব %	আর্থিক (%)	বাস্তব %
১৯৪১.০০	৪১.০০	১৯০০.০০	১৯৪১.০০	৪১.০০	১৯০০.০০	১৪২২.৭১ (জিওবি-৩৭.৪৬, আরপিএ-১৩৮৫.১৫) ৭৩.৩০%	৭৫	৩৯০.৭০ (জিওবি-৩.২০, আরপিএ-৩৮৭.৫০) ২০.১৩%	২৫	১৮১৩.৪১ (জিওবি-৪০.৭৬, আরপিএ-১৭৭২.৬৫) ৯৩.৪৩%	১০০

প্রকল্পের সর্বমোট বরাদ্দ অনুযায়ী আর্থিক অগ্রগতিঃ

বরাদ্দ			অবমুক্তি	
মোট	জিওবি	প্রসাঃ	আর্থিক (%)	বাস্তব %
৩৫০০৮.০০	৩০৮.০০	৩৪৭০০.০০	১৮০৯৭.১৩ (জিওবি-১৮৫.৩৭, আরপিএ-১৭৯১১.৭৬) ৫১.৬৯%	৬২%

প্রকল্প পরিচালকের নাম : মোঃ সিদ্দিকুর রহমান (অতিরিক্ত সচিব)।

টেলিফোন/ মোবাইল : ০২-২২২২৯০৩৬০

SMoDMRPA প্রকল্পের আওতায় ইজিপিপি+ নির্দেশিকা চূড়ান্তকরণ কর্মশালায় উপস্থিত ছিলেন জনাব মোঃ মোহসীন, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং মহাপরিচালক, জনাব মোঃ আতিকুল হক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ।

চিত্রঃ ০২ প্রকল্পের আওতায় পাঁচটি সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিষয়ে প্রশিক্ষণ ও গনসচেতনতার সৃষ্টির লক্ষ্যে প্রচারভিযান এর ফলড়া প্রতিবেদন চূড়ান্তকরণ কর্মশালা। উপস্থিত ছিলেন জনাব মোঃ ছিদ্দিকুর রহমান, প্রকল্প পরিচালক ও জনাব মোঃ আতিকুল হক, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প

প্রকল্পের তথ্যাবলিঃ

১। প্রকল্পের নাম : মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন

২। প্রকল্পের মেয়াদ : জুলাই, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত

৩। প্রকল্পের মোট বরাদ্দ : ১৯৫৭৪৯.০০ লক্ষ টাকা (জিওবি: ১৯৫৭৪৯.০০ লক্ষ টাকা)

৪। বরাদ্দের উৎস : জিওবি

৫। প্রকল্পের উদ্দেশ্য :
১) দুর্যোগকালে কিল্লার আশেপাশের জনসাধারণ এবং তাদের মূল্যবান দ্রব্য-সামগ্রী রক্ষা;
২) দুর্যোগের সময় গৃহপালিত প্রাণীদের নিরাপদ আশ্রয় নিশ্চিতকরণ;
৩) স্বাভাবিক সময়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা এবং খোলা মাঠ ও হাট-বাজার হিসেবে ব্যবহার;
৪) গ্রাম ও ইউনিয়ন কমিউনিটি কর্তৃক বিভিন্ন সামাজিক অনুষ্ঠানের এবং বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের বৈঠক/সভার ভেন্যু হিসেবে ব্যবহার;
৫) বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কার্যক্রমের জন্য ব্যবহার; এবং
৬) দুর্যোগপূর্ব/দুর্যোগকালীন/দুর্যোগ-উত্তর সময়ে অস্থায়ী সেবাকেন্দ্র হিসেবে ব্যবহার।

৬। লক্ষ্যমাত্রাঃ

প্রকল্পের আওতায় দেশের ঘূর্ণিঝড়প্রবণ ১৬টি জেলার ৬৪টি উপজেলায় এবং বন্যা ও নদী ভাঙনপ্রবণ ২৪টি জেলার ৮৬টি উপজেলায় বিদ্যমান ১৭২টি মুজিব কিল্লার সংস্কার ও উন্নয়ন এবং নতুন ৩৭৮টি মুজিব কিল্লা নির্মাণ করা (মোট মুজিব কিল্লার সংখ্যা ৫৫০টি)।

৭। বাস্তব অগ্রগতিঃ

জুন/২০২১ পর্যন্ত সম্পাদিত কাজ	জুলাই/২০২১ পর্যন্ত সম্পাদিত কাজ
১। ৯৯টি প্রকল্পের NoA প্রদান করা হয়েছে ২। আউটসোর্সিং পদ্ধতিতে ৫০জন জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে (জুলাই, ২০২০) ৩। e-GP web portal এ ১০০টি প্রকল্পের tender document প্রস্তুত করা হয়েছে ৪। আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ৩৮ (আটত্রিশ) জন এবং উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ০২ (দুই) জনকে প্রশিক্ষণ প্রদানপূর্বক স্ব-স্ব জেলায় পদায়ন করা হয়েছে	১। মোট ১২৮টি প্রকল্পের দরপত্র আহ্বান করা হয়েছে ২। ১০৫টি প্রকল্পের NoA প্রদান করা হয়েছে ৩। ছাদ ঢালাই হয়েছে ৪০টি ৪। বেজ ঢালাই সম্পন্ন হয়েছে ৫টি ৫। গ্রেডবিম সম্পন্ন করা হয়েছে ১৬টি

৮। আর্থিক অগ্রগতিঃ

- প্রকল্প ব্যয় : ১৯৫৭৪৯.০০ লক্ষ টাকা
- শুরু হতে জুন ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় : ৮৫৫৪.২৯ লক্ষ টাকা
- চলতি অর্থবছরে এডিপি বরাদ্দ : ৩০০০০.০০ লক্ষ টাকা
- চলতি অর্থবছরের ১৮/৮/২১ তারিখ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় : ২৩১৮.০০ লক্ষ টাকা (বরাদ্দের ৭.৭৩%)
- প্রকল্পের ১৮/৮/২১ তারিখ পর্যন্ত বাস্তব অগ্রগতি : ১৪.৪১%

চর দরবেস মুজিব কিল্লা, সুবর্ণচর, নোয়াখালী।

চর কাজী মোকলেস মুজিব কিল্লা, সুবর্ণচর, নোয়াখালী।

জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
মন্ত্রণালয় : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
প্রকল্প ব্যয় : ১৪৩৯৩.০০ লক্ষ টাকা (জিওবি)
প্রকল্প মেয়াদ : জানুয়ারি-২০১৮ হতে জুন-২০২২

প্রকল্পের উদ্দেশ্যঃ

- দুর্যোগে তাৎক্ষণিক সাড়াদানের অংশ হিসেবে ত্রাণসামগ্রী সরবরাহের নিমিত্ত পর্যাপ্ত ত্রাণ মজুদকরণ ও অবকাঠামো তৈরী;
- দুর্যোগ পরবর্তী কার্যক্রম তদারকি করার নিমিত্ত জেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় সেল-এর কার্যালয় স্থাপন ও প্রয়োজনীয় তথ্যাদি সংরক্ষণ;
- দুর্যোগ ব্যবস্থাপনার সার্বিক উন্নয়ন কর্মকান্ড মনিটরিং এর নিমিত্ত পরিদর্শন বাংলো নির্মাণ;

প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রমঃ

- ৮ টি বিভাগে ৬৪ টি জেলায় ৬৬ টি জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ।
- প্রতিটি ৫৭৭০.০০ বঃফুট হিসেবে মোট-৩৮০৮২০.০০ বঃফুট
- প্রতিটি জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্রে ১৫০০ ওয়াট হিসেবে ৬৬ টিতে মোট ৯৯ কিলোওয়াট সোলার সিস্টেম স্থাপন।
- প্রতিটি জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্রে বাউন্ডারী ওয়াল ও সংযোগের জন্য আরসিসি এপ্রোচ রাস্তা নির্মাণ।

মৌলভীবাজার জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ প্রকল্প পরিদর্শন।

নাটোর জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র পরিদর্শন।

ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (এনআরপি): ডিডিএম অংশ

প্রকল্পের শিরোনাম : "ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (এনআরপি): ডিডিএম অংশ"।
প্রকল্পের প্রাক্কলিত ব্যয় : ৩১৯৭.৯১ লক্ষ টাকা। [প্র: সা: ২৯২৩.৫৩ লক্ষ টাকা এবং জিওবি: ২৭৪.৩৮ লক্ষ টাকা]
বাস্তবায়নকাল : প্রকল্প মেয়াদঃ জানুয়ারী ২০১৮ – ডিসেম্বর ২০২১।

টেকসই উন্নয়নের জন্য দুর্যোগ সহনশীলতার (রেজিলিয়েন্স) গুরুত্ব অনুধাবন করে ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (এনআরপি) শীর্ষক একটি সমন্বিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। চারটি মন্ত্রণালয়ের সমন্বয়ে এই কর্মসূচির আওতায় প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক, জেন্ডার রেসপন্সিভ এবং ঝুঁকি অবহিতিমূলক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কৌশল ও টুলস উন্নয়ন ও বাস্তবায়ন এই কর্মসূচির মূল উদ্দেশ্য।

ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (এনআরপি): ডিডিএম অংশের উদ্দেশ্যঃ

- দুর্যোগ ঝুঁকি হ্রাসে সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন ও সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন মনিটরিং দক্ষতা বৃদ্ধির জন্য অ্যাডভোকেসী করা;
- প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক ও জেন্ডার রেসপন্সিভ দুর্যোগ ব্যবস্থাপনায় পুনঃপুনঃ ঘটে এমন এবং বড় মাত্রার দুর্যোগ মোকাবিলায় প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের মাধ্যমে জাতীয় সক্ষমতা বৃদ্ধি (উর্ধ্বতন কর্মকর্তাদের প্রশিক্ষণ);
- দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনায় স্থানীয় পর্যায়ে জনগোষ্ঠীর প্রস্তুতি, সাড়াদান ও পুনরুদ্ধারের দক্ষতা বৃদ্ধি।

২০২০-২০২১ অর্থ-বছরে প্রকল্পের অগ্রগতি:

প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক, জেন্ডার রেসপন্সিভ এবং ঝুঁকি অবহিতিমূলক জাতীয় নীতিমালা ও স্ট্রাটেজি প্রণয়ণে কারিগরি সহযোগিতা: National Plan for Disaster Management (NPDM) ২০২১-২৫ এর বাংলা ও ইংরেজী ভার্সন প্রণয়নে কারিগরি সহযোগিতা প্রদান, পাশাপাশি মুদ্রণ ও প্রচারনায় সহযোগিতা করা হয়। এই NPDM ২০২১-২৫ প্রণয়ন সংক্রান্ত জাতীয় কর্মশালা করা হয়। পরবর্তীতে কর্মশালার মাধ্যমে আন্তঃমন্ত্রণালয় পর্যায়ে NPDM ২০২১-২৫ চূড়ান্ত করা হয়। উক্ত কর্মশালাসমূহে ১৮টি মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় ও উন্নয়ন সহযোগী হতে প্রতিনিধি অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীগণের মতামতের মাধ্যমে ৫০টি অগ্রাধিকারভিত্তিক কার্যক্রম নির্ধারণ করা হয়।

এআরপি প্রকল্পের আওতায় এনপিডিএম ২০২১-২০২৫ প্রণয়ন কর্মশালা। উপস্থিত আছেন ডাঃ মোঃ এনামুর রহমান এমপি, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব, জনাব মোঃ মোহসীন, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং মোঃ আতিকুল হক, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি ২০১৯ এর ইংরেজী ভার্সন চূড়ান্তকরণ, মুদ্রণ, বিতরণ ও প্রচারণা করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আয়োজনে দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি (এসওডি) ২০১৯-এর ওপর 'বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম'- এর ১০০ সাংবাদিককে এবং মানিকগঞ্জ জেলা, উপজেলা ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ১২০জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সেখানে এনআরপি প্রকল্প কারিগরি সহযোগিতা প্রদান করে। SOD ২০১৯ অনুসারে এনআরপি প্রকল্পের জাতীয় প্রোগ্রাম কো-অর্ডিনেটরের উদ্যোগে FbF/Action টাস্কফোর্স গঠনে সহযোগিতা প্রদান করা হয়।

অবকাঠামো ও অ-অবকাঠামোগত ভূমিকম্প ঝুঁকি ব্যবস্থাপনায় বাংলাদেশের বর্তমান অবস্থা নিরূপণপূর্বক ভবিষ্যত করণীয় বিষয়ে সুপারিশমালা প্রণয়নের জন্য একজন আন্তর্জাতিক পর্যায়ের ভূমিকম্প বিষয়ক পরামর্শক কর্তৃক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

করোনার দ্বিতীয় ঢেউ মোকাবেলার প্রস্তুতি হিসেবে আপদকালীন পরিকল্পনা প্রণয়নে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে কারিগরী সহায়তা প্রদান করা হয়। COVID-19 সাড়াদানের নির্দেশিকা প্রণয়নে কারিগরি সহায়তা প্রদান করা হয়।

সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন ও সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন মনিটরিং সিস্টেম গঠনঃ দুর্যোগ ঝুঁকি হ্রাসে সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন ও সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন মনিটরিং বিষয়ক কারিগরি দিক নির্দেশনা ও দক্ষতা বৃদ্ধির জন্য এ সংক্রান্ত কারিগরি কমিটিকে সার্বিক সহযোগিতা করা হয়। সেন্দাই ফ্রেমওয়ার্ক মনিটরে লক্ষ্য অনুযায়ী তথ্য আপলোডের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশকরণে কারিগরি সহযোগিতা প্রদান করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রাপ্ত ১৯৭০ হতে ২০২০ সালের বিভিন্ন দুর্যোগে ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও সমন্বয় করে উক্ত তথ্য ভেলিডেশনের মাধ্যমে সেন্দাই ফ্রেমওয়ার্ক মনিটরে আপলোড করা হয়।

ভূমিকম্পের কার্যকর প্রস্তুতির মডেল তৈরির জন্য রংপুর সিটি কর্পোরেশন, টাঙ্গাইল, রাঙামাটি ও সুনামগঞ্জ পৌরসভায় পাইলটিং কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। ইতোমধ্যে এর আওতায় ১৫৪০ জন নগর স্বেচ্ছাসেবককে ভূমিকম্প সার্চ অ্যান্ড রেসকিউ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ভূমিকম্প ঝুঁকি ও বিপদাপন্নতা নিরূপণপূর্বক ১০টি ওয়ার্ডের কন্টিনজেন্সি পরিকল্পনা তৈরি হয়েছে। বুয়েট (বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়)-জিডপাসের এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সমন্বিত উদ্যোগে ওয়ার্ড পর্যায়ে ভূমিকম্প প্রস্তুতিমূলক কার্যক্রমের মডেল বাস্তবায়ন করা হচ্ছে।

ভূমিকম্প প্রস্তুতিতে নগর স্বেচ্ছাসেবকদের জেন্ডার বিষয়ক সচেতনতা ও করণীয় বিষয়ে ৩০ জন প্রশিক্ষককে অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হয়। ঢাকা, রংপুর, টাঙ্গাইল, রাঙামাটি ও সুনামগঞ্জ জেলার নির্বাচিত প্রশিক্ষকগণ এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। ভূমিকম্প মোকাবিলায় প্রস্তুতিমূলক মডেলের আওতায় রংপুর সিটি কর্পোরেশন, টাঙ্গাইল, রাঙামাটি ও সুনামগঞ্জ পৌরসভায় প্রায় ৮২ জন ইঞ্জিনিয়ার, ডেভেলাপার ও নগর পরিকল্পনাবিদদের ভূমিকম্প প্রস্তুতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। কভিড-১৯ সহ অন্যান্য দুর্যোগে সাড়াদান ও মানবিক সহায়তা কার্যক্রমে অংশগ্রেহণে জন্য নগর স্বেচ্ছাসেবকদের ৩৫০টি সুরক্ষা সামগ্রী (পিপিই) প্রদান করা হয়েছে।

রংপুর সিটি কর্পোরেশন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি গঠন ও কার্যকর করা হয়। উক্ত কমিটি সভায় রংপুরে স্থাপিত সিসমিক ওয়ার্নিং সেন্টার চালুকরণের ওপর জোর দেওয়া হয়। এছাড়াও সিটি কর্পোরেশন ও পৌরসভা পর্যায়ে ভূমিকম্প ঝুঁকি ব্যবস্থাপনা কার্মসূচির নিয়মিত কার্যক্রম হিসেবে ওয়ার্ড পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মিটিং এবং পৌরসভা, ফায়ার সার্ভিসের প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে নগর স্বেচ্ছাসেবকদের অভিজ্ঞতা বিনিময় কর্মশালার আয়োজন করা হয়। ৩টি পৌরসভায় বিল্ডিং কন্সট্রাকশন কমিটি কার্যকর করা হয়। এই সকল কমিটির মাধ্যমে ভবনের ডিজাইন পর্যালোচনার মাধ্যমে চূড়ান্তকরণের উদ্যোগ গ্রহণ করা হয়। উলেখ্য যে, ভবন নির্মাণ বিধিমালা বাস্তবায়নে উক্ত বিল্ডিং কন্সট্রাকশন কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

কোভিড সচেতনতা প্রচারে সুনামগঞ্জের মেয়র ও নগর স্বেচ্ছাসেবকগণ।

রাঙ্গামাটিতে ভূমিধ্বসের সতর্কতা করনীয় প্রচারনায় নগর স্বেচ্ছাসেবকগণ।

নগর স্বেচ্ছাসেবকদের সার্চ এন্ড রেসকিউ প্রশিক্ষণ

সুনামগঞ্জ নগর স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ পরিদর্শনে প্রকল্প পরিচালক জনাব আবুল খায়ের মোঃ মারুফ হাসান।
জনাব আবুল খায়ের মোঃ মারুফ হাসান গত ১৫-০৪-২০২১ তারিখ করোনাভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

প্রশিক্ষিত নগর স্বেচ্ছাসেবকরা কোভিড-১৯ এর ২য় ঢেউ মোকাবিলায় গণসচেতনতা বৃদ্ধিতে ও বিনামূল্যে মাস্ক বিতরণের কাজ করছে। এছাড়াও স্থানীয় প্রশাসনকে মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনায় সহযোগিতা করে। এছাড়া নগর স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণে রংপুর, টাঙ্গাইল, রাঙ্গামাটি ও সুনামগঞ্জে করোনা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি, জীবাণু নির্বীজকরণ ও মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনা করে। রাঙামাটি পৌরসভার জেলা প্রশাসনকে পাহাড় ধস রোধ বিষয়ক কার্যক্রমে সহযোগিতা করে। FSCD এর সহযোগি হিসেবেও তারা অগ্নি-নির্বাপনেও তারা সক্রিয় ভূমিকা রেখেছে।

ফ্লাড প্রিপায়ার্ডনেস প্রোগ্রাম (FPP): পানির নিমজ্জন মাত্রা নির্ণয় করে বন্যার বৈজ্ঞানিক পূর্বাভাস স্থানীয় স্বেচ্ছাসেবকদের মাধ্যমে জনগোষ্ঠীতে পৌছে দেবার জন্য কুড়িগ্রাম ও জামালপুরে বন্যা প্রস্তুতি মডেল উন্নয়ন ও মডেল বাস্তবায়ন করা হচ্ছে। আন্তর্জাতিক এনজিও কেয়ার বাংলাদেশ ও ইন্সটিটিউট অব ফ্লাড অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট (আইডবিওএফএম), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কুড়িগ্রাম ও জামালপুর জেলায় এ কার্যক্রম বাস্তবায়ন করছে।

FPP এর আওতায় জেন্ডার রেসপন্সিভ ও প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক আগাম সতর্ক বার্তা প্রচার ও বন্যা প্রস্তুতির জন্য প্রশিক্ষণের মাধ্যমে ১৪৪০ স্বেচ্ছাসেবক তৈরি করা হয়েছে। স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করা হয়েছে। ফ্লাড প্রিপেয়ার্ডনেস প্রোগ্রামের পানির নিমজ্জন মাত্রার ভিত্তিতে বন্যার আগাম সতকবার্তা মডেল প্রণয়ন করা হয়েছে। বন্যার আগাম সতর্কীকরণ মডেল মাঠ পর্যায়ে পাইটলিংয়ের কাজ চলছে।

বন্যা পস্তুতি কর্মসূচি (FPP)'র আওতায় কুড়িগ্রাম ও জামালপুর জেলায় ২০ ইউনিয়নে কমিউনিটি রিস্ক অ্যাসেসমেন্ট (CRA) এর মাধ্যমে ঝুঁকি বিশেষণ করে বন্যা ব্যবস্থাপনার পরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে। পরিকল্পনা চূড়ান্তকরণের অংশ হিসেবে ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে ভেলিডেশন কর্মশালার আয়োজন করা হয়।

ফ্লাড প্রিপেয়ার্ডনেস প্রোগ্রামের পানির নিমজ্জন মাত্রার ভিত্তিতে বন্যার আগাম সতর্কবার্তা মডেল বাস্তবায়ন সংক্রান্ত TOT বিষয়ক প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা হয়েছে। পরবর্তীতে সম্ভাব্য বন্যা বিবেচনায় ফ্লাড প্রিপেয়ার্ডনেস প্রোগ্রামের পানির নিমজ্জন মাত্রার ভিত্তিতে বন্যার আগাম সতর্কবার্তা মডেল বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে সরকারী ও এনজিও পর্যায়ে ৪৫ জনকে TOT প্রদান করা হয়েছে। ফ্লাড প্রিপেয়ার্ডনেস প্রোগ্রামের আওতায় পানির নিমজ্জন মাত্রার ভিত্তিতে বন্যার আগাম সতর্কবার্তা মডেল বাস্তবায়নের লক্ষে ইতোমধ্যে তৈরীকৃত ১৩২০ জন স্বেচ্ছাসেবকে রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদান করা হয়।

সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহকে দুর্যোগঝুঁকি হ্রাস অন্তর্ভূক্তিমূলক করার নিমিত্ত একটি পাইলটিং হাতে নেওয়া হয়েছে। এ সংক্রান্ত মডেল তৈরির জন্য অতি দরিদ্রদের জন্য কর্মসৃজন কর্মসূচি (ইজিপিপি)-এর ওপর পরীক্ষা-নিরীক্ষা চালানো হচ্ছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচি কর্তৃক গৃহীত স্কীমকে দুর্যোগঝুঁকি হ্রাস অন্তর্ভূক্তিকরণের লক্ষ্যে খসড়া নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে। এ কার্যক্রমের শিক্ষণের ওপর ভিত্তি করে পর্যায়ক্রমে সংশিষ্ট অন্যান্য সামাজিক নিরাপত্তা বেষ্টনীতে এ মডেল বাস্তবায়নের সুপারিশ করা হবে। মাঠ পর্যায়ে এ কার্যক্রম বাস্তবায়নে Eco-Social Development Organization (ESDO) নামক একটি জাতীয় সংস্থা সহযোগিতা করছে।

অতি দরিদ্রদের জন্য কর্মসৃজন কর্মসূচির মাধ্যমে দুর্যোগসহনশীল অবকাঠামো (বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, আশ্রয়কেন্দ্রে সংযোগ সড়ক ইত্যাদি) তৈরি, মেরামত কার্যক্রম এ ঝুঁকি বিবেচনায় স্কীম নির্বাচন ও প্রকল্প বাস্তবায়নে এনআরপি সহযোগিতা করছে। সংশিষ্ট বিষয়ে পাইলটিং কার্যক্রম জামালপুর ও কুড়িগ্রাম জেলায় 'দুর্যোগঝুঁকি অন্তর্ভূক্তিমূলক সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতায় সর্বমোট ১৫ টি স্কিম বাস্তবায়ন করা হয়েছে। এর মধ্যে আছে ঈদগাহ মাঠ, বসত বাড়ির ভিটা উচুকরণ, আশ্রয়কেন্দ্র/স্কুল সংযোগ রাস্তা তৈরী ও উচুঁ মাটির কাজ, অবকাঠামোগুলোর স্থায়ীত্ব বাড়াতে ঘাস ও গাছ রোপন, বন্যার স্তর বিবেচনায় রাস্তা উচু করা, রাস্তার স্থায়ীত্বশীলতার জন্য দুই ধারে ভেটিবার ঘাস ও বৃক্ষ রোপন, বক্স কালভার্ট, প্রটেকশন ওয়াল, ফ্লাড শেল্টারের সংযোগ সড়ক নির্মাণ। উল্লেখিত কার্যক্রম সিআরএ/আরআরএপি'র মাধ্যমে বাস্তবায়ন করা হয় এবং তা দুর্যোগঝুঁকি হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বন্যা পরবর্তী সময়ে প্রাণিসম্পদের দুর্যোগ সহনশীলতা বৃদ্ধির জন্য ২টি ভ্যাকসিনেশন ক্যাম্প আয়োজন করা হয়। এছাড়াও বন্যাকালিন সময়ে গবাদি পশুর আশ্রয়ের জন্য ভিটি উচুঁকরণ করা হয়েছে। এছাড়াও ইজিপিপি'র উপকারভোগিদের জন্য ভাসমান সজি চাষ পদ্ধতির মডেল বাস্তবায়ন করা হয়।

জামালপুরে ইজিপিপি'র আওতায় বন্যা থেকে রাস্তা রক্ষায় নির্মিত গাইড ওয়াল।

কুড়িগ্রাম ঈদগাহ/অস্থায়ী বন্যা আশ্রয় স্থান উচুঁকরণ পরিদর্শনে প্রকল্প পরিচালক জনাব আবুল খায়ের মোঃ মারুফ হাসান । জনাব আবুল খায়ের মোঃ মারুফ হাসান গত ১৫-০৪-২০২১ তারিখ করোনাভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। ইন্না লিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

জামালপুর ও কুড়িগ্রামের ইসলামপুর ও চিলমারীতে ইজিপিপি'র ২০০ জন অতি দরিদ্র নারী, পুরুষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের দুর্যোগ-সহনীয় জীবিকায়ন কার্যক্রমের মাধ্যমে আয়-বৃদ্ধির জন্য প্রশিক্ষণ ও সহায়ক উপকরণ প্রদান করা হয়েছে। জলবায়ু বিপদাপন্নতায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা হয়েছে।

দুর্যোগঝুঁকি অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতায় স্থানীয় পর্যায়ের দুর্যোগ ঝুঁকিহ্রাস পরিকল্পনা বিষয়ে ৩৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। দুর্যোগঝুঁকি হ্রাসে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় ৩৮০ জন স্বেচ্ছাসেবককে অন্তর্ভুক্তিমূলক দুর্যোগ ঝুঁকিহ্রাস বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও জামালপুর ও কুড়িগ্রামে বহুখাত সংশিষ্ট দুর্যোগঝুঁকি হ্রাস পরিকল্পনা প্রণয়ন বিষয়ে ২০০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ভেটিভার ঘাস প্রযুক্তি সংক্রান্ত কর্মশালা করা হয়; গ্রাম ভিত্তিক আপদকালিন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি গঠন ও কার্যকর করা হয়।

প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক দুর্যোগঝুঁকি হ্রাস (DiDRR) মডেল উন্নয়নে একটি পাইলটিং কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। পাইলটিং-এর শিক্ষণ ব্যবহার করে একটি নীতি সুপারিশ পেশ করা হবে যাতে দুর্যোগঝুঁকি ব্যবস্থাপনার সকল পর্যায়ে প্রতিবন্ধিতার বিষয়াবলি বিবেচনা করা হয়। মাঠ পর্যায়ে এ কার্যক্রম বাস্তবায়নে Center for Disabilitz in Development (CDD) নামক জাতীয় এনজিও সহযোগিতা করছে। প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক দুর্যোগঝুঁকি হ্রাস (DiDRR) কর্মসূচি কুড়িগ্রাম ও জামালপুর জেলায় বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন তৈরি ও সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে। প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক দুর্যোগঝুঁকি হ্রাস (DiDRR) বিষয়ে ৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করাসহ দুর্যোগে প্রথম সাড়াদানকারীদের জন্য সন্ধান ও উদ্ধার বিষয়ে ৫৮ জনকে প্রশিক্ষণ প্রদান এবং প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক দুর্যোগঝুঁকি হ্রাস কর্মসূচির আওতায় ১০ প্রতিবন্ধি ব্যক্তিকে নেতৃত্ব ও অ্যাডভোকেসি বিষয়ে ১০ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয় ।

বন্যায় সুরক্ষা ও ক্ষয়ক্ষতি হ্রাসে প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক আগাম সতর্ক বার্তা তৈরি ও প্রচার কার্যক্রমর উপকরণের খসড়া তৈরি করা হয়েছে। কভিড ১৯ এর সচেতনতা বৃদ্ধিতে প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক উপকরণ– লিফলেট, অডিও-ভিডিও প্রণয়ন ও প্রচার করা হয়েছে।

এই পাইলটিং কার্যক্রমের আওতায় প্রতিবন্ধী ব্যক্তিদের বন্যাকালীন চলাচল নির্বিঘ্ন করার জন্য কুড়িগ্রামে ১৪ টি গণস্থাপনা প্রতিবন্ধীবান্ধব করা হয়েছে; যার মধ্যে আছে নৌ-ঘাটে কাঠের র‍্যাম্প তৈরি, প্রবেশগম্য টিউবওয়েল স্থাপন, কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন পরিষদে র‍্যাম্প স্থাপন।

প্রতিবন্ধীতার ধরণ অনুযায়ী ১০ প্রতিবন্ধী ব্যক্তিকে সহায়ক উপকরণ প্রদান করা হয়। এটি পরবর্তীতে স্থানীয় প্রশাসনের প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক কার্যক্রম গ্রহণে উদ্বুদ্ধ করবে।

কুড়িগ্রামের চিলমারী ও সদর উপজেলায় জনগোষ্ঠী পর্যায়ে নিয়মিত কার্যক্রম হিসেবে উঠোন, প্রতিবন্ধি ব্যক্তিদের সংগঠন ও স্ব-সহায়ক দল পর্যায়ে বৈঠক আয়োজন করা হয়। ৩৬টি ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি কার্যকর করা হয়েছে।

'দুর্যোগঝুঁকি অন্তর্ভুক্তিমুলক সামাজিক নিরাপত্তা কর্মসূচি' এবং প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক দুর্যোগঝুঁকি হ্রাস কর্মসূচির আওতায় কুড়িগ্রামে বন্যা সহনশীল ও প্রতিবন্ধি প্রবেশগম্য গৃহ মডেল তৈরীর কাজ চলমান আছে। উল্লেখ্য যে, অংশগ্রহণমূলক উপায়ে স্কীম নির্বাচন করা হয়েছে এবং উপকারভোগির যৌথ অংশীদারিত্ব রয়েছে।

ভূমিকম্প ও অন্যান্য দুর্যোগকালে অনুসন্ধান, উদ্ধার অভিযান পরিচালনা এবং জরুরি যোগাযোগের জন্য যন্ত্রপাতি সংগ্রহ প্রকল্প (৩য় পর্যায়)

উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ	:	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	:	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়)	:	মোট (সম্পূর্ণ জিওবি) ২২৭৫.৯৯১০
প্রকল্পের মেয়াদকাল	:	নভেম্বর ২০২০ থেকে অক্টোবর ২০২৩

প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ

- ভৌগলিক অবস্থান, ভূ-প্রকৃতিগত বৈশিষ্ট্য এবং জনসংখ্যার ঘনবসতির কারনে বাংলাদেশ পৃথিবীর অন্যতম দুর্যোগপ্রবণ একটি দেশ। প্রায়শঃই বিভিন্ন দুর্যোগে দেশের বহুলোকের প্রানহানিসহ জীবন ও জীবিকা, পরিবেশ এবং অর্থনীতির ব্যাপকক্ষতি সাধিত হয়। প্রাকৃতিক দুর্যোগের পাশাপাশি মনুষ্যসৃষ্ট দুর্যোগ তথা অগ্নিকান্ড, সড়ক দুর্ঘটনা এবং পাহাড় ও ভবন ধ্বসের ঘটনা দিনদিন বৃদ্ধি পাচ্ছে;
- বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে অনুসন্ধান ও উদ্ধারকার্য পরিচালনার জন্য বাংলাদেশের প্রভূত সক্ষমতা অর্জিত হলেও ভূমিকম্প ও মনুষ্যসৃষ্ট দুর্যোগ মোকাবিলাসহ অনুসন্ধান ও উদ্ধারকার্যে সক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন;
- অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রমের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইত:পূর্বে ১ম ও ২য় ফেজের প্রকল্পের আওতায় কিছু যন্ত্রপাতি (এক্সকেভেটর, মোটরযান, ক্রেন, ফোর্ক লিফটার, জেনারেটর ইত্যাদি) সংগ্রহ করা হয়েছে;
- ১ম ফেজটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৬৯.০৯ কোটি টাকা ব্যয়ে জুলাই'২০০৩ থেকে ডিসেম্বর'২০১০ মেয়াদে বাস্তবায়িত হয়। মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক এ প্রকল্পের ২য় ফেজ জিওবি ১৫৩.৫২ কোটি টাকা ব্যয়ে জুলাই'২০১৩ থেকে ডিসেম্বর'২০১৭ মেয়াদে বাস্তবায়ন করা হয়;

প্রকল্পের উদ্দেশ্যঃ

ক) উদ্দেশ্যঃ

- দুর্যোগকালীন উদ্ভূত পরিস্থিতিতে উন্নত প্রযুক্তিসম্পন্ন ও সমন্বিত জরুরি সাড়া প্রদান;
- পেশাগত দক্ষতা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে অনুসন্ধান ও উদ্ধার অভিযান পরিচালনা; এবং
- দেশের সম্পদহানি হ্রাস এবং জনগণের জীবন ও সম্পদ রক্ষা করা।

খ) লক্ষ্যমাত্রাঃ

- যে কোন দুর্যোগ পরিস্থিতিতে জরুরি সাড়া প্রদানের লক্ষ্যে অনুসন্ধান ও উদ্ধার অভিযান পরিচালনার জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি;
- দুর্যোগকালে ও দুর্যোগের পরে দ্রুত সাড়া প্রদান এবং উদ্ধার অভিযান পরিচালনায় হালকা ও ভারি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি;
- দেশের যে কোন দুর্যোগ কবলিত এলাকায় স্বল্প সময়ে অফিস ও যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলা, যা National Emergencz Operation Center (NEOC) এর সম্পূরক হিসেবে কাজ করবে :

প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:

প্রকল্পের ১ম ও ২য় ফেজের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি সিটি কর্পোরেশন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ও সশস্ত্র বাহিনীর নিকট হস্তান্তর করা হয়;

- ভূমিকম্প সহ অন্যান্য দুর্যোগ উদ্ধারকাজ পরিচালনার জন্য যন্ত্রপাতি সংগ্রহের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের দায়ের হওয়া রিট পিটিশন নং ৯৩২৯/২০০৮ অনুযায়ী প্রদত্ত রায়ের নির্দেশনা বাস্তবায়ন এবং অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রমের কাঙ্ক্ষিত সক্ষমতা অর্জনের লক্ষ্যে আরো এজেন্সী অন্তর্ভূক্ত করে পূর্বের প্রকল্পের ধারাবাহিকতায় আধুনিক যন্ত্রপাতি সংগ্রহের লক্ষ্যে ৩য় ফেজের প্রকল্প গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;
- জরুরি সাড়ায় নিয়োজিত সংস্থাসমূহকে প্রয়োজনীয় যন্ত্রপাতি/সরঞ্জামাদিসহ প্রস্তুত রাখা গেলে দুর্যোগকালে মানুষের সম্পদ ও জানমাল রক্ষায় তা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে;
- উল্লেখ্য, প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়িত হলে ভূমিকম্প ও অন্যান্য দুর্যোগকালে অনুসন্ধান এবং উদ্ধার অভিযান পরিচালনার জন্য দেশের মোট চাহিদার প্রায় ৮% মেটানো সম্ভব হবে।

প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমঃ

- জরুরি যোগাযোগের ক্ষেত্রে বঙ্গবন্ধু স্যাটেলাইট ব্যবহার করে নিজস্ব যোগাযোগ/ সার্ভিস সম্প্রসারণ;
- LTE (Long Term Evolution) Based Core Network স্থাপন;
- একটি Intelligent Network স্থাপনের জন্য HSS (Human Service Software) Billing সিস্টেম, Application সমূহ এবং অন্যান্য কার্যাদি সম্পন্ন;
- ১১টি বিভিন্ন জোনের অধিনস্ত জেলাসমূহে ১৩২টি eNodeB, রেডিও সংযোগ, Cloud Server and Antenna Subszstem স্থাপন;
- অবকাঠামোগত সুবিধাসহ ৬২টি Emergencz Response Vehicle (ERV) স্থাপন;
  যোগাযোগ সরঞ্জামাদি যথাঃ VSAT (Verz Small Aperture Terminal)
- LTE (Long Term Evolution) enable Handset, CPE (Customer-Provided Equipment), UDB (Universal Data Bank) Dongle, SIM Card সরবরাহ করা ও স্থাপন;
- দুর্যোগকালিন সময়ে দেশের যে কোন স্থানে স্থাপনযোগ্য ও স্থানান্তর উপযোগী, উচ্চমানসম্পন্ন (যেমনঃ 4th Generation) সেলুলার কমিউনিকেশন এর মাধ্যমে জরুরি যোগাযোগ ব্যবস্থা স্থাপন;
- দুর্যোগকালিন সময়ে ও দুর্যোগের পরে ত্রাণ ও পুনর্বাসন কাজে নিয়োজিত গুরুত্বপূর্ণ সংস্থা/ব্যক্তিকে যোগাযোগের আওতায় নিয়ে আসার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- সেড কাম স্টোরেজসহ অন্যান্য নির্মাণ ও মেরামত;
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান ও কারিগরি পরিদর্শন;
- পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরি এবং O&M প্রশিক্ষণ প্রদান;
- জনবল নিয়োগ।

প্রকল্পের আওতায় সংস্থাভিত্তিক সংগৃহীতব্য প্রধান প্রধান যন্ত্রপাতিসমূহঃ

সংস্থাসমূহ যন্ত্রপাতির ধরণ	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	আর্মড ফোর্সেস	বিজিবি	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স	র‍্যাব	পুলিশ	নৌ বাহিনী+কোষ্ট গার্ড
জলযান (রেসকিউ ইঞ্জিন বোট, হোভার ক্রাফট, এয়ার বোট, স্পীড বোট, স্যান্ড টিগার)	১০০টি ইঞ্জিন বোট+৬০টি এয়ার বোট+৫০টি স্পীড বোট)		৮টি স্যান্ড টিগার		৫টি এয়ার বোট+১০টি স্পীড বোট	১টি হোভার ক্রাফট+ ১০টি এয়ার বোট	(২+১)টি হোভার ক্রাফট
আইসিইউ এম্বুলেন্স/ওয়াটার এম্বুলেন্স/এমার্জেন্সী রেসপন্স এম্বুলেন্স			৭টি আইসিইউ এম্বুলেন্স			(৪+৪+৮) =১৬টি	
অগ্নি নির্বাপক সরঞ্জামাদি				৩০৩টি			
মোটরযান ইমার্জেন্সী রেসপন্স ভেহিকেল প্রাইম মুভার		৬২টি					

প্রকল্পের আওতায় সংস্থাভিত্তিক সংগৃহীতব্য প্রধান প্রধান যন্ত্রপাতিসমূহঃ

সংস্থাসমূহ যন্ত্রপাতির ধরণ	প্রকল্প অফিস	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	সিপিপি	আর্মড ফোর্সেস	ফায়ার সার্ভিস	র‍্যাব	পুলিশ	নৌ বাহিনী+ কোষ্ট গার্ড	রেড ক্রিসেন্ট সোসাইটি
	পরিমাণ/প্রস্তাবিত ব্যয়								
মোটরযান	৪টি	১টি	১১টি		৪টি		৯টি		৮টি
মোটরসাইকেল	৫টি		৮০টি						
টেলিযোগাযোগ সরঞ্জামাদি			২০.১৯ কোটি টাকা	৩৩০.২৯ কোটি টাকা					
বৈদ্যুতিক সরঞ্জামাদি-সার্চ এন্ড রেসকিউ				৩৩৩.৫৬ কোটি টাকা		১৪.০৯ কোটি	৬৯.৩৪ কোটি টাকা		
তাঁবু ও অন্যান্য যন্ত্রপাতি		৬.৪১ কোটি টাকা	১২০ কোটি টাকা						৭.৯৯ কোটি টাকা

অগ্রগতিঃ

- ১৪/০২/২০২১ তারিখে একজন প্রকল্প পরিচালক ও ১৬/০২/২০২১ তারিখে একজন উপপ্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্বে নিয়োগ করা হয়;
- আউট সোর্সিং জনবল নিয়োগের জন্য টেন্ডার আহবান করা হয়েছে এবং মূল্যায়ন চলমান রয়েছে;
- বাসা ভাড়া প্রক্রিয়া চলমান আছে;
- পরিকল্পনা কমিশনের ডাটা বেইজে প্রয়োজনীয় তথ্য সন্নিবেশ করা হয়েছে।
- ২০২০-২০২১ অর্থ বছরের জন্য ১.৫০ কোটি এবং ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ১৫০.০০ কোটি টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে এবং
- PIC, PSC ,সরবরাহ ও সমন্বয় কমিটি ও TEC/PEC গঠনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) কর্মীদের সাথে ওয়ারলেসে কথা বলছেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (১৯৭৩)

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)

১৫.১ ভূমিকা

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এর একটি যৌথ কর্মসূচি। ১৯৭০ সালের নভেম্বর মাসের প্রলয়ংকরী ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের পর জাতিসংঘের সাধারণ পরিষদের অনুরোধক্রমে তৎকালীন লীগ অব রেড ক্রস বর্তমানে ইন্টারন্যাশনাল ফেডারেশন অব রেড ক্রস এন্ড রেড ক্রিসেন্ট সোসাইটি বাংলাদেশের উপকূলীয় জনসাধারণের জীবন ও সম্পদ রক্ষার্থে ১৯৭২ সালে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি প্রতিষ্ঠা করে। এই কর্মসূচির গুরুত্ব বিবেচনা করে বাংলাদেশ সরকার ১ জুলাই ১৯৭৩ হতে কর্মসূচিটির দায়িত্ব গ্রহণ করে। কর্মসূচিটি তৎকালীন প্রধানমন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক অনুমোদিত হয়। ফলে ১৯৭৩ সালের ১ জুলাই হতে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি বাংলাদেশ সরকার ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এর একটি যৌথ কর্মসূচি হিসেবে বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে দুর্যোগ ব্যবস্থাপনায় বিশেষ করে ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে সতর্ক সংকেত প্রচার, দুর্গতদের আশ্রয় কেন্দ্রে আনয়ন, উদ্ধার ও অনুসন্ধান, প্রাথমিক চিকিৎসা এবং ত্রাণ ও পুনর্বাসন কাজে সহায়তা ইত্যাদি সফলতার সাথে করে আসছে।

১৫.২ ভিশন

বাংলাদেশের উপকুলীয় ও নদী তীরবর্তী জনসাধারণের দুর্যোগ মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে ঘূর্ণিঝড়ে প্রাণহানি ও সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাস/কমিয়ে আনা।

১৫.৩ উদ্দেশ্য

১। দুর্যোগে সাড়া প্রদানের সক্ষমতা বৃদ্ধি।

২। দুর্যোগে প্রাণহানি ও সম্পদের ক্ষয়ক্ষতি হ্রাস করা।

৩। সমাজ কল্যাণে মানবিক দৃষ্টিকোণ থেকে স্বেচ্ছাসেবক দলের দক্ষতা, স্পৃহা, অভিজ্ঞতা বৃদ্ধি ও আত্মত্যাগী মনোভাব সৃষ্টি করা।

৪। দুর্যোগ প্রস্তুতি কার্যক্রম শক্তিশালী এবং উন্নয়ন করা।

৫। ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির স্বেচ্ছাসেবক, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি করা।

৬। দুর্যোগে দ্রুত সাড়া প্রদানের জন্য বেতার যোগাযোগ শক্তিশালী করা।

৭। আবহাওয়ার সতর্ক সংকেত বোধগম্য ও প্রতিষ্ঠিত করা এবং ঘূর্ণিঝড় সংকেতের সাথে সম্পৃক্ত জনসাধারণের কার্যকরি সাড়া প্রদান নিশ্চিত করা।

১৫.৪ কর্মসূচির কর্ম এলাকা

- কক্সবাজার জেলার টেকনাফ উপজেলা হতে সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলা।
- ১৩টি জেলায় (কক্সবাজার, চট্টগ্রাম, ফেনী, নোয়াখালী, লক্ষীপুর, ভোলা, বরগুনা, বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, বাগেরাহাট, খুলনা এবং সাতক্ষীরায়) সিপিপির কার্যক্রম বিস্তৃত।
- নদী তীরবর্তী আরো ৬টি জেলায় (চাঁদপুর, মাদারীপুর, ফরিদপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ, ঝালকাঠি সম্প্রসারণ করা হয়েছে) সিপিপির কার্যক্রম বিস্তৃত করার কার্যক্রম রয়েছে।
- এ কর্মসূচিতে বর্তমানে উপকুলীয় ১৩টি জেলার আওতাধীন ৪২টি উপজেলার ৩৬৬টি ইউনিয়নে মোট ৩৮০১টি ইউনিটে (গ্রাম কমিটি) ৩৮০১০ জন মহিলাসহ সর্বমোট ৭৬০২০ জন সাংকেতিক যন্ত্রাদি সজ্জিত প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবক রয়েছে।

১৫.৫ সিপিপির কার্যক্রম

- ঘূর্ণিঝড়ের সংকেত প্রচার
- দুর্গতদের আশ্রয়কেন্দ্রে স্থানান্তর
- উদ্ধার ও অনুসন্ধান কার্যক্রম
- প্রাথমিক চিকিৎসা প্রদান
- ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমে সহায়তা
- স্বেচ্ছাসেবক টিম গঠন
- স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ প্রদান, জেলে, ইমাম প্রমুখ কমিউনিটিকে মোটিভেশনাল প্রশিক্ষণ প্রদান
- স্বেচ্ছাসেবক গিয়ার ও সাংকেতিক যন্ত্রপাতি বিতরণ
- ঘূর্ণিঝড় বিষয়ক মাঠ মহড়া আয়োজন
- সচেতনতামূলক স্বেচ্ছাসেবক র‍্যালী আয়োজন
- পোস্টার-লিফলেট বিতরণ
- বিভিন্ন সামাজিক কার্যক্রমে অংশগ্রহণ
- ওয়্যারলেস নেটওয়ার্ক সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ

১৫.৬ ঘূর্ণিঝড় পূর্ব এবং ঘূর্ণিঝড় চলাকালীন কার্যক্রম

সতর্ক সংকেত প্রচার

- ❖ ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি এইচএফ এবং ভিএইচএফ ওয়্যারলেস সেটের মাধ্যমে সরাসরি প্রধান কার্যালয় থেকে বাংলাদেশের উপকূলীয় এলাকায় যোগাযোগ রক্ষা করে থাকে।
- ❖ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে আবহাওয়ার বার্তা পাওয়ার সাথে সাথে ওয়্যারলেস সেটের মাধ্যমে সিপিপির উপকূলীয় এলাকায় প্রেরণ করা হয়ে থাকে। একইভাবে স্বেচ্ছাসেবকগণ আবহাওয়ার বার্তা গ্রহণ করেন এবং ঘূর্ণিঝড়ের সতর্ক সংকেত স্থানীয় জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার করে থাকেন। তাছাড়া সতর্ক সংকেত পাওয়ার পর কখন কি করতে হবে সে বিষয়ে সম্যক ধারণা দেওয়া হয়ে থাকে।

১৫.৭ সংকেত প্রচার প্রক্রিয়া

সংকেত প্রচার পদ্ধতিঃ

সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রচার

- ➢ সংকেত নং ১-৩:
  - জনে জনে (মৌখিক) প্রচার
- ➢ সংকেত নং ৪
  - সিপিপি বোর্ড মিটিং, জেলা, উপজেলা ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা আহবান
  - ১টি পতাকা উত্তোলন
  - মাইক, মেগাফোনে বহুল প্রচার
- ➢ সংকেত নং ৫-৭:
  - মাইক, মেগাফোনে বহুল প্রচার
  - ২টি পতাকা উত্তোলন
  - বিপদাপন্নদের আশ্রয়কেন্দ্রে আনয়ন (কর্তৃপক্ষের নির্দেশক্রমে)

- সংকেত নং ৮-১০
  - মাইক, মেগাফোন, সাইরেনের মাধ্যমে ব্যাপক প্রচার
  - ৩টি পতাকা উত্তোলন
  - দুর্গতদের আশ্রয়কেন্দ্রে অবস্থান নিশ্চিতকরণ

১৫.৮ সিপিপির সাংগঠনিক কাঠামো

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির প্রধান কার্যালয় ঢাকার নিয়ন্ত্রণাধীন ৭টি জোনাল কার্যালয় রয়েছে। জোনাল কার্যালয়ের আওতাধীন ৪২টি উপজেলা রয়েছে এবং উপজেলা কার্যালয়ের আওতাধীন ৩৬৬টি ইউনিয়ন রয়েছে। উক্ত কার্যালয়ের আওতাধীন ৩৮০১টি ইউনিট রয়েছে। প্রতিটি ইউনিটে ২০ জন স্বেচ্ছাসেবক রয়েছে। এর মধ্যে ১০ জন পুরুষ এবং ১০ জন নারী স্বেচ্ছাসেবক রয়েছে। উক্ত ইউনিটে ৫টি বিভাগ প্রতি বিভাগে যথা, সংকেত, আশ্রয়, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা এবং ত্রাণ বিভাগ। প্রতিটি বিভাগে ৪ জন করে স্বেচ্ছাসেবক রয়েছে।

১৫.৯ স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ

১। ২০২০-২০২১ অর্থ বছরে সরকারি অর্থায়নে ৪২টি উপজেলায় মোট ২৬,১৭৭ জন স্বেচ্ছাসেবককে (দুর্যোগে ঝুঁকি ব্যবস্থাপনা, অনুসন্ধান-উদ্ধার, ভূমিকম্প ও প্রাথমিক চিকিৎসা) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সিপিপি স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ

১৫.১০ বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের ক্যাম্পসমূহে সিপিপি

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নির্দেশনায় সিপিপি স্বেচ্ছাসেবকগণ প্রথম রেসপন্ডার হিসেবে যোগদান করে।
- প্রাথমিকভাবে তাঁবু সরবরাহ, খাদ্য বিতরণ, খাবার পানির সংস্থান ইত্যাদি কাজে এবং পথ প্রদর্শক ও দোভাষী হিসেবে সিপিপি স্বেচ্ছাসেবকগণ কাজ করেন।

- প্রতিটি ক্যাম্পে ক্যাম্প-ইন-চার্জগণের সহায়তাকারী হিসেবে শুরু থেকে সিপিপি স্বেচ্ছাসেবকগণ নিয়োজিত আছেন।
- দুর্যোগ ঝুঁকি হ্রাস কর্মসূচির অংশ হিসেবে প্রতিটি ক্যাম্পে ১০০ জন করে মোট ৩,৪০০ জন অস্থায়ী স্বেচ্ছাসেবক রোহিঙ্গা জনগোষ্ঠির মধ্য হতে নির্বাচন করে প্রশিক্ষণ প্রদান এবং ভলান্টিয়ার গিয়ার ও সাংকেতিক যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে।
- উক্ত জনগোষ্ঠির বোধগম্য ভাষায় আবহাওয়া সতর্কতা ও দুর্যোগ তথ্য প্রচারের ব্যবস্থা নেওয়া হয়েছে।
- প্রতিটি ক্যাম্পে দুর্যোগ নিয়ন্ত্রণ কক্ষ এবং ওয়্যারলেস স্টেশন স্থাপনের কাজ চলছে।

১৫.১১ ঘূর্ণিঝড় বিষয়ক মাঠ মহড়া

২০২০-২১ অর্থ বছরে সরকারি অর্থায়নে ৪২টি উপজেলায় ৪১টি ঘূর্ণিঝড় বিষয়ক মাঠ মহড়ার আয়োজন করা হয়েছে এবং ৩৬৭ টি ইউনিয়নে গণসচেতনতা বৃদ্ধিমূলক র‍্যালি অনুষ্ঠিত হয়েছে।

সিপিপি স্বেচ্ছাসেবকদের মহড়া

১৫.১২ সাংকেতিক যন্ত্রপাতি এবং স্বেচ্ছাসেবক গিয়ার সরবরাহ ও বিতরণ

২০২০-২১ অর্থ বছরে সরকারি অর্থায়নে ১৩টি উপজেলায় (দাকোপ, কয়রা আশাশুনি, শ্যামনগর, গলাচিপা, দশমিনা, মঠবাড়িয়া, শরনখোলা, মনপুরা, তজুমদ্দিন, লালমোহন, চরফ্যাশন ও পাথরঘাটা) স্বেচ্ছাসেবকদের জন্য সাংকেতিক যন্ত্রপাতি এবং স্বেচেছাসেবক গিয়ার এর ১৪টি আইটেম রেইনকোর্ট, মেগাফোন, হ্যান্ড সাইরেন, সিগনাল ফ্লাগ মাষ্ট, সিগনাল ফ্লাগ, সিপিপি ভেষ্ট, টর্চ লাইট, লাইফ জ্যাকেট, প্রাথমিক চিকিৎসা ব্যাগ, গামবুট, উদ্ধার ব্যাগ, হার্ডহেট, এইচএফ ওয়্যারলেস সেট এবং ভিএইচএফ ওয়্যারলেস সেট ইত্যাদি) দরপত্রের মাধ্যমে ক্রয় করা হয়েছে এবং সংশ্লিষ্ট উপজেলার স্বেচ্ছাসেবকদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং ওয়্যারলেসটসমূহ সংশ্লিষ্ট উপজেলায় সরবরাহ এবং যথাযথভাবে স্থাপন করা হয়েছে।

১৫.১৩ স্বেচ্ছাসেবক ডাটা বেইজ

সিপিপির সর্বমোট ৭৬,০২০ জন স্বেচ্ছাসেবকের ডাটাবেজ জাতীয় তথ্য বাতায়নে যুক্ত করা হয়েছে।

১৫.১৪ স্বেচ্ছাসেবক সমাবেশ/সভা

২০২০-২১ অর্থ বছরে সিপিপির মাঠ পর্যায়ে ১০৩টি উপজেলা কমিটির সভা, ৭৩০টি ইউনিয়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

১৫.১৫. ঘূর্ণিঝড় 'ইয়াস' মোকাবিলা

মে, ২০২১ মাসে ঘটে যাওয়া ঘূর্ণিঝড় 'ইয়াস' মোকাবিলায় সিপিপি কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়-

- জনগণের মাঝে আবহাওয়া সতর্ক সংকেত প্রচার করা হয়।
- মানুষকে আশ্রয় কেন্দ্রে আসতে সহায়তা করা হয়।
- বিপদসংকুল এলাকায় আটকে পড়া মানুষকে অনুসন্ধান ও উদ্ধার করা হয়।
- দেশের উপকুলীয় জেলাসমূহের বিপদজনক ও বিচ্ছিন্ন এলাকা হতে মানুষকে নিরাপদ আশ্রয়ে নিয়ে আসা হয়।

ঘূর্ণিঝড়ে সিপিপি স্বেচ্ছাসেবকদের কার্যক্রম

ঘূর্ণিঝড়ে সিপিপি স্বেচ্ছাসেবকদের কার্যক্রম

১৫.১৬ কোভিড-১৯ পরিস্থিতিতে গৃহীত কার্যক্রম

- সিপিপি স্বেচ্ছাসেবকগণ স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সাথে সচেতনতামূলক প্রচার, লক ডাউন মনিটরিং, স্বজনবিহীন করোনায় মৃতদেহ ব্যবস্থাপনার কাজ করছে।
- কোভিড-১৯ পরিস্থিতিতে ঘূর্ণিঝড় মোকাবিলার দ্বৈত ঝুঁকিতে প্রয়োগ করার জন্য একটি কন্টিনজেন্সি পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

সিপিপি স্বেচ্ছাসেবকদের কোভিড-১৯ কার্যক্রম

১৫.১৭ সিপিপি স্বেচ্ছাসেবক পুরস্কার প্রদান

১৩ অক্টোবর ২০২০ তারিখে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবসে ৮৪ জন স্বেচ্ছাসেবককে পুরস্কৃত করা হয়।

সিপিপি স্বেচ্ছাসেবক পুরস্কার প্রদান

১৫.১৮ বাজেট

২০২০-২১ অর্থ বছরে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির জন্য ২৫ কোটি টাকা বরাদ্দ ছিল। তন্মধ্যে ২১,৫০,০০০০০ (একুশ কোটি পঞ্চাঁশ লক্ষ) টাকা খরচ হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে কতিপয় কার্যক্রম সম্পন্ন না করতে পারার কারণে অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে।

১৫.১৯ অর্জন

- সারা বিশেষ দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে সিপিপি একটি মডেল হিসেবে স্বীকৃত।
- লক্ষ মানুষের জীবন রক্ষার স্বীকৃতিস্বরূপ থাইল্যান্ডের 'স্মিথ টুমসারক এওয়ার্ড-১৯৯৮' অর্জন ।
- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক 'চ্যাম্পিয়ন অব দি আর্থ' সম্মাননা অর্জনের অন্যতম নেপথ্য সহায়ক।
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩ নভেম্বর ২০১৬ তারিখে AMCDRR সম্মেলনে বাংলাদেশের কমিউনিটি বেইজড সাইক্লোন প্রিপেয়ার্ড প্রোগ্রামকে "গোবাল বেস্ট প্রাকটিস" নামে অভিহিত করেন।
- উপকূলীয় জনগণ কর্তৃক কর্মসূচিটিকে সাদরে গ্রহণ এবং স্বেচ্ছাসেবকগণের নিবেদিতপ্রাণ সেবার কারণে সমাজে বিশেষ সম্মানজনক অবস্থান।
- কোনরূপ আর্থিক কিংবা অনুরূপ প্রাপ্তির আশা ব্যতিরেকে দেশ ও জাতির স্বার্থে স্বেচ্ছাসেবার মনোভাব সৃষ্টি।
- স্বেচ্ছাসেবকগণের মাঝে ঘূর্ণিঝড় দুর্যোগের সীমারেখা ছাড়িয়ে সড়ক দুর্ঘটনা, নৌ-যানডুবি, নদীভাঙনসহ অন্যান্য দুর্যোগ, যেমন- বন্যা, ভূমিকম্প, বজ্রপাত, ভূমিধস ইত্যাদি দুর্যোগে সেবা প্রদানের মনোভাব ও সক্ষমতা সৃষ্টি।
- সিপিপির কার্যক্রমের বিশ্বাসযোগ্যতা ও নির্ভরতার কারণে জনগণের মধ্যে দুর্যোগে সাড়া প্রদানের প্রবণতা বৃদ্ধি।
- উপকূলীয় এলাকায় দুর্যোগ ব্যবস্থাপনার পাশাপাশি সমাজ কল্যাণমূলক বিভিন্ন কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণ।
- নারীর ক্ষমতায়ন ও অংশগ্রহণ বৃদ্ধি। কঠিন, শ্রমসাধ্য, বিপদসংকুল সেবায় নারী স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণ।
- জীবন ও সম্পদহানি উল্লেখযোগ্য হারে হ্রাস। জীবনহানির ক্ষেত্রে লক্ষ্যের অংককে একক অংকে নামিয়ে আনা।

শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার কার্যালয়
কক্সবাজার

১৬.০ শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার কার্যালয়, কক্সবাজার

বাংলাদেশে আশ্রয় গ্রহণকারী বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের জন্য ২০২০-২১ অর্থ বছরে মানবিক সহায়তা কার্যক্রমের প্রতিবেদন

১৬.১ ভূমিকা:

১৯৯২ এর পর থেকে বর্তমান সময় পর্যন্ত বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের সংখ্যা ১১ লক্ষাধিক। ২০১৭ সালের ২৫ আগস্টের পর মাত্র কয়েক সপ্তাহে সাড়ে ছয় লক্ষের অধিক নির্যাতিত বিতাড়িত বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক বাংলাদেশে প্রবেশ করে। নজিরবিহীন এ ঘটনা বিশ্ব বিবেককে নাড়া দেয়। এসময় মানবিক কারণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁদের সাময়িক আশ্রয়ের নির্দেশ দেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে সমন্বয়পূর্বক দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় স্থানীয় জনসাধারণ, প্রশাসন, জনপ্রতিনিধি ও বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সহযোগিতায় তাৎক্ষণিক তাঁদের জন্য বাসস্থান, খাদ্য, চিকিৎসাসহ সকল প্রকার মানবিক সহায়তার ব্যবস্থা করে। এরপর থেকে বাংলাদেশ সরকার জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সহযোগিতায় ১১ লক্ষাধিক রোহিঙ্গার নিত্যদিনের সকল প্রকার মৌলিক চাহিদা, নিরাপত্তা ও মানবিক মর্যাদা নিশ্চিত করে আসছে। গত চার বছরে একজন মানুষও অনাহারে কিংবা বিনা চিকিৎসায় মারা যায়নি, লঙ্ঘিত হয়নি কারো মৌলিক মানবাধিকার। মাননীয় প্রধানমন্ত্রী এ সকল মিয়ানমার নাগরিকদের পরম মমতায় বাংলাদেশে আশ্রয় দিয়ে বিশ্বের অন্যতম বৃহত্তম মানবিক বিপর্যয় রোধ করেছে। আঞ্চলিক স্থিতিশীলতা রক্ষা ও মানবিক বিপর্যয় রোধ করে বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কুটনৈতিক বিচক্ষণতা ও মানবসৃষ্ট দুর্যোগ মোকাবেলায় সফল নেতৃত্ব সারা বিশ্ব অকুণ্ঠচিত্তে প্রশংসা করে এবং বাংলাদেশকে উদার সমর্থন দিয়ে যাচ্ছে। আন্তর্জাতিক সম্প্রদায়ের সাথে বাংলাদেশও দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, মর্যাদাপূর্ণভাবে নিজ দেশে প্রত্যাবর্তন এবং মানবাধিকারের সাথে বসবাস করতে পারাই জাতিগত নিধনের শিকার বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক সংকট সমাধানের একমাত্র পথ। এ লক্ষ্যে মিয়ানমারের সাথে দ্বিপাক্ষিকভাবে এ সমস্যা সমাধানের প্রচেষ্টার পাশাপাশি রোহিঙ্গা এ সংকটের স্থায়ী সমাধানের লক্ষে মিয়ানমারের উপর চাপ সৃষ্টির জন্য জাতিসংঘসহ আন্তর্জাতিক অঙ্গনের সকল পর্যায়ে বাংলাদেশ কাজ করে যাচ্ছে।

১৬.২. মানবিক সহায়তা কার্যক্রম

১৬.২.১ আশ্রয় শিবিরের বিন্যাস ও আবাসন

সেপ্টেম্বর, ২০১৭ মাসে ২,০০০ একর ভূমিতে আশ্রয় শিবির নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। আশ্রয়প্রার্থীদের সংখ্যা ক্রমাগতভাবে বৃদ্ধি পাওয়ায় উখিয়ার কুতুপালং-বালুখালী নতুন ক্যাম্প এলাকার আওতা সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় ভূমির পরিমাণ প্রাথমিকভাবে বরাদ্দকৃত ২,০০০ একরের স্থলে ৩,৫০০ একরে পুন:নির্ধারণ করা হয়। পরে ভূমিধস ও বন্যার ঝুঁকিতে থাকা রোহিঙ্গাদের নিরাপদ স্থানে স্থানান্তরের জন্য আরও ৫০০ একর ভূমি বরাদ্দ করা হয়েছে। এছাড়া, উখিয়া উপজেলার হাকিমপাড়া, জামতলী, পুটিবুনিয়া এবং টেকনাফ উপজেলার চাকমারকুল, উনচিপ্রাং, শামলাপুর, লেদা, আলীখালী, জাদীমুরা এবং নয়াপাড়া সম্প্রসারিত এলাকা ক্যাম্পের আওতায় আনা হয়েছে। নতুন ক্যাম্পসমূহে ব্যবহৃত মোট ভূমির পরিমাণ প্রায় ৬,৫০০ একর। প্রশাসনিক ব্যবস্থাপনার সুবিধার্থে উখিয়ার কুতুপালং-বালুখালী আশ্রয় শিবিরটিকে ২০টি ক্যাম্পে বিভক্ত করা হয়েছে। ফলে পূর্বের দু'টি সহ বর্তমানে ক্যাম্পের মোট সংখ্যা দাঁড়িয়েছে ৩৪টি। নতুন ৩৪টি ক্যাম্পে সর্বমোট ২১২,৬০৭টি অস্থায়ী শেল্টারে আশ্রয়প্রার্থীদের আবাসনের ব্যবস্থা করা হয়েছে। ক্যাম্প ব্যবস্থাপনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক পদায়িত কর্মকর্তাদেরকে দায়িত্ব প্রদান করা হয়েছে। নতুন ক্যাম্পগুলোতে প্রশাসনিক অবকাঠামো তৈরীসহ এর তত্ত্বাবধান ও সংরক্ষণের ক্ষেত্রে UNHCR আর্থিক ও কারিগরী সহায়তা প্রদান করছে। ২০২০ সালে এ খাতে UNHCR হতে মোট ৩৯ কোটি ৩৫ লক্ষ টাকার বাজেট বরাদ্দ পাওয়া গেছে। UNHCR এর পাশাপাশি আন্তর্জাতিক সংস্থা, দাতা দেশ ও এনজিওসমূহের সমন্বয়ে সার্বিক মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ক্যাম্পে রোহিঙ্গাদের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ৮, ১৪ ও ১৬ এপিবিএনের ১,৪৩৬ জন সদস্য নিয়োজিত রয়েছে। মূল ক্যাম্প থেকে বিচ্ছিন্ন ও সমুদ্র সৈকতের নিকটবর্তী ক্যাম্প ২৩ (শামলাপুর) এর বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগকিকদের সরিয়ে কুতুপালং মেগাক্যাম্প ও ভাসানচরে স্থানান্তর করা হচ্ছে।

রোহিঙ্গা ক্যাম্পের অংশবিশেষ

১৬.৩ খাদ্য নিরাপত্তা ও খাদ্য বহির্ভূত আইটেম (NFI)

বর্তমানে নতুন ৩৪টি ক্যাম্পে WFP কর্তৃক ৮,৫৮,৪০১ জন আশ্রয়প্রার্থীকে খাদ্য সহায়তা, জেনারেল ফুড ডিস্ট্রিবিউশন (GFD) এর আওতায় ১,৭৩,৮৪০ জনকে চাল, ডাল, তেল এবং ই-ভাউচার এর মাধ্যমে ৬,৮৪,৫৬১ জনকে ১০ প্রকার খাদ্য সামগ্রী প্রদান করা হচ্ছে। এছাড়াও ICRC ৪৪,০৭০ জনের খাদ্য সামগ্রী প্রদান করে থাকে। জেলা প্রশাসন ও বাংলাদেশ সেনাবাহিনীর সহযোগিতায় সেপ্টেম্বর, ২০১৭ হতে বিভিন্ন সরকারী দফতর, বেসরকারী সংস্থা, স্থানীয় দানশীল ব্যক্তিবর্গ ও বন্ধুপ্রতিম দেশ হতে প্রাপ্ত খাদ্য ও খাদ্য জাতীয় অন্যান্য ত্রাণ বিতরণ করা হচ্ছে।

WFP কর্তৃক পুরনো নয়াপাড়া এবং কুতুপালং ক্যাম্পে অবস্থানরত শরণার্থীদের দৈনিক রেশন সামগ্রী হিসাবে চাল, ডাল, লবন, তৈল, চিনি, আলু, মরিচ, হলুদ ইত্যাদি ই-ভাউচারের মাধ্যমে প্রদান করা হচ্ছে। এ দু'টি ক্যাম্পে উপরিউক্ত প্রধান খাদ্যদ্রব্য ছাড়াও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মাধ্যমে জ্বালানী, টুথ পাউডার, সাবান ও অন্যান্য নন-ফুড আইটেমও সরবরাহ করা হয়।

১৬.৪ স্বাস্থ্য সেবা

আশ্রয় গ্রহণকারীদের জন্য স্থাপিত নতুন ৩৪টি ক্যাম্পে ও সংলগ্ন স্থানে মোট ৩৮টি প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র ও ৪টি ফিল্ড হাসপাতাল সহ মোট ১২৪টি স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র স্থাপন করা হয়েছে। তন্মধ্যে ৩১টি হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্র ২৪ ঘন্টা সেবা প্রদান করছে। হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্রসমূহে সর্বমোট ৯৬৩টি নতুন IPD (In-patient Department) শয্যা চালু করা হয়েছে। MMedecins Sans Frontieres (MSF) ও RHU পরিচালিত বিদ্যমান স্বাস্থ্য কেন্দ্রসমূহের সক্ষমতাও (৩৫ শয্যার কলেরা হাসপাতালসহ) বৃদ্ধি করা হয়েছে।

Orbis International এর সহায়তায় আশ্রয় গ্রহণকারীদের আই কেয়ার সার্ভিস প্রদানের লক্ষ্যে স্থানীয় বায়তুশ শরফ চক্ষু হাসপাতাল এর সাথে একটি চুক্তি সম্পাদন করা হয়েছে। এর আওতায় ১,০০০ জনের ক্যাটার‍্যাক্ট আই সার্জারী সম্পাদন ও ৫,০০০ জনকে চশমা প্রদানের কার্যক্রম শুরু হয়েছে। তাছাড়া, পেডিয়াট্রিক অপথালমোলজি কর্মসূচীর অধীনে এ বছরে ৫০,০০০ শিশুকে স্ক্রিনিং করাসহ প্রয়োজনীয় চিকিৎসা প্রদানের কার্যক্রমও চলমান আছে।

নতুন আশ্রয়প্রার্থীদের মাঝে মহামারী রোধ ও স্বাস্থ্য ঝুঁকি হ্রাসের লক্ষ্যে ১,৩৫,৫১৯ (১ম রাউন্ড) ও ৩,৫৪,৯৮২ (২য় রাউন্ড) জনকে এমআর, ৭২,৩৩৪ (১ম রাউন্ড) ও ২,৩৬,৬৯৬ (২য় রাউন্ড) জনকে ওপিভি এবং ২,২৫,৪৪৬ জনকে ভিটামিন এ ক্যাপসুল দেয়া হয়েছে। প্রথম দফায় ৭,০০,৪৮৭ জন এবং ২য় দফায় ১,৯৯,৪৭২ জন এবং পরবর্তীতে আরো ৮,৭৯,২৭৩ জনকে কলেরা ভ্যাকসিনও দেয়া হয়েছে। এর পাশাপাশি ৩,১৫,৮৮৯ (১ম রাউন্ড), ৩,৬৩,৯৮৭ (২য় রাউন্ড) ও ৪,২৩,৫৬৩ (৩য় রাউন্ড) জনকে ডিপথেরিয়া ভ্যাকসিন দেওয়া হয়েছে। এ পর্যন্ত ২৮,১৫৫ জন গর্ভবতী নারীকে সনাক্ত ও প্রি-ন্যাটাল সেবা প্রদান করা হয়েছে।

নয়াপাড়া ও কুতুপালং ক্যাম্পের স্বাস্থ্য ইউনিট শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিচালিত হয়। প্রতি ক্যাম্পে ২ জন করে ডাক্তার নিয়মিত স্বাস্থ্য কেন্দ্রের বহির্বিভাগের (OPD) মাধ্যমে স্বাস্থ্য সেবা দিয়ে থাকেন। প্রয়োজনীয় ক্ষেত্রে উখিয়া/টেকনাফ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং কক্সবাজার সদর হাসপাতাল ও চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে রেফারেল পদ্ধতিতে শরণার্থী রোগীদের চিকিৎসা প্রদান করা হয়। উভয় ক্যাম্পে পরিবার পরিকল্পনা, টিকাদান কর্মসূচী, প্রসুতি-পূর্ব, প্রসুতি উত্তর সেবা প্রদানের জন্য হাসপাতালের বর্হিবিভাগ এবং থেরাপিউটিক ও সাপিমেন্টারী ফিডিং সেন্টার রয়েছে।

এ বছর বিশ্বব্যাপি কোভিড বিস্তারের প্রেক্ষাপটে রোহিঙ্গা ক্যাম্পেও পর্যাপ্ত প্রতিরোধ ও প্রতিকার ব্যবস্থা নেয়া হয়েছে। এ লক্ষ্যে ২৩টি নমুনা সংগ্রহকেন্দ্র, ১০টি আইসোলেশন সেন্টার, ১০৮০ শয্যা সম্বলিত ১৪টি শ্বাসতন্ত্রের তীব্র সংক্রমণ চিকিৎসাকেন্দ্র (SARI) প্রতিষ্ঠাসহ কক্সবাজার সদর হাসপাতালে সক্ষমতা বাড়ানো হয়েছে। আন্তর্জাতিক সংস্থাসমূহের সহায়তায় কক্সবাজার সদর হাসপাতালে এ্যাম্বুলেন্স, পিসিআর মেশিন, ১০টি আইসিইউ, ১০ টি এইচডিইউ ও ১৫০টি বেড ও পর্যাপ্ত সংখ্যক টেস্টিং কিট, সুরক্ষা সামগ্রীর ব্যবস্থা করা হয়েছে। ফলে এখন পর্যন্ত ঘনবসতিপূর্ণ স্থানে বসবাসরত বাস্তুচ্যুত মিয়ানমার জনগোষ্ঠীর মধ্যে সংক্রমনের বিস্তার যথেষ্টভাবে নিয়ন্ত্রণে আছে। ২৩২ জন ডাক্তার ও ২০৭৩ জন সেবাকর্মী সার্বক্ষনিক চিকিৎসা সেবা দিয়ে যাচ্ছে।

১৬.৫ পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন

(ক) সবগুলো ক্যাম্পে এ পর্যন্ত ৬,০০৭টি অগভীর নলকূপ, ৩,৬৩২টি গভীর নলকূপ ও ১১টি কুয়া স্থাপন করা হয়েছে। তন্মধ্যে ২৪৬টি অগভীর নলকূপ ইতোমধ্যে অকেজো (Decommissioning) করা হয়েছে। বর্তমানে কোন অগভীর নলকূপ স্থাপন করতে দেয়া হচ্ছে না।

(খ) উখিয়ার কুতুপালং-বালুখালী নতুন ক্যাম্প এলাকার ১২ নং ক্যাম্পে জাইকা ও আইওএম যৌথ উদ্যোগে ৩০,০০০ লোকের জন্য পানি সরবরাহের উপযোগি ১,৪০০ ফুট গভীরতাসম্পন্ন একটি বৃহৎ নলকূপ স্থাপনের কাজ প্রায় শেষ পর্যায়ে।

স্থানীয়সহ রোহিঙ্গাদের জন্য এ ধরণের আরো উচ্চক্ষমতা সম্পন্ন নলকূপ স্থাপনের কাজ চলমান আছে। সর্বশেষ এডিবি'র সহায়তায় ডিপিএইচই'র ব্যবস্থাপনায় টেকনাফে একটি নতুন পানি শোধনাগার স্থাপন, পাইপলাইনের মাধ্যমে ৪০টি পানি সরবরাহ ব্যবস্থা এবং ৭টি নতুন ভ্রাম্যমাণ পানির ট্যাংকার (Mobile Water Career) সরবরাহের পরিকল্পনা গৃহীত হয়েছে।

নতুন ক্যাম্পসমূহে শৌচ সুবিধা প্রদানের লক্ষ্যে ৫৮,০৩০ হাজারের অধিক ল্যাট্রিন স্থাপন করা হয়েছে। প্রথম দিকে স্থাপিত অস্থায়ী ল্যাট্রিনের মধ্যে ৮,৬৯৪টি ইতোমধ্যে অকেজো (Decommissioning) করা হয়েছে। অকেজো হওয়া ল্যাট্রিন প্রতিস্থাপনসহ প্রয়োজনীয় ক্ষেত্রে নতুন ল্যাট্রিন স্থাপনের পরিকল্পনা বাস্তবায়নাধীন আছে। ইতোমধ্যে উখিয়ার কুতুপালং-বালুখালী নতুন ক্যাম্প এলাকায় ইউনিসেফের আর্থিক সহায়তায় দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ সেনাবাহিনীর ১৬ ইসিবির মাধ্যমে ১০,০০০টি ল্যাট্রিন নির্মিত হয়েছে। আরো ১,৫০০টি ল্যাট্রিন স্থাপনের কার্যক্রম চলমান আছে। বর্তমানে মোট ৪৯,৯৩০টি ল্যাট্রিন সম্পূর্ণ সচল রয়েছে। ল্যাট্রিনসমূহের ব্যবহারযোগ্যতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে ক্ষুদ্র, মাঝারি ও বড় আকারে পয়ঃব্যবস্থাপনার (Fecal Sludge Management) উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ক্যাম্প এলাকায় এ পর্যন্ত ১৬,৯৫৭টি গোসলখানা স্থাপন করা হয়েছে। ইউনিসেফের আর্থিক সহায়তায় দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ সেনাবাহিনীর ১৬ ইসিবির মাধ্যমে আরো ৫,০০০টি গোসলখানা স্থাপনের কার্যক্রম

চলমান আছে। এডিবি'র সহায়তায় নতুন আরো ১,০০০টি গোসলখানা স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এডিবি'র অর্থায়নে ক্যাম্প এলাকায় ২টি সমন্বিত কঠিন বর্জ্য ব্যবস্থাপনা (Solid Waste Management) কাঠামো নির্মাণের প্রস্তাবও চূড়ান্ত হয়েছে। সম্প্রতি কুতুপালং ক্যাম্পে পৃথিবীর শরণার্থী ক্যাম্পসমূহের মধ্যে সর্ববৃহৎ Fecal Sludge Management Plant স্থাপন করা হয়েছে । নয়াপাড়া ক্যাম্পে জলাধারের ধারণক্ষমতা সম্প্রসারণ করে ৬ লক্ষ ৫০ হাজার লিটারে উন্নীত করা হয়েছে।

১৬.৬ অবকাঠামো ও বিদ্যুৎ

এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন মোট ৫২ কি.মি. দৈর্ঘের ১৪টি রাস্তার কাজ সম্পন্ন হয়েছে। ইউএনএইচসিআর এর অর্থায়নে এএফডি কর্তৃক নির্মাণাধীন ১০.০০ কি.মি. দীর্ঘ মূল সড়কের কাজ শেষ হয়েছে। আইওএম ও ইউএনএইচসিআর এর সহায়তায় ৩টি বক্স কালর্ভাট ও ৯টি পাইপ কালর্ভাটও ইতোমধ্যে নির্মিত হয়েছে। আইওএম কর্তৃক ৫টি এক্সেস রোডে ৬.৪ কি.মি. এইচবিবি রাস্তা নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এডিবি'র অর্থায়নে নতুন প্রকল্পের আওতায় ক্যাম্প এলাকায় আরো ৩০ কি.মি. সড়ক নির্মাণ ও মেরামত প্রকল্প গৃহীত হয়েছে, যা এলজিইডি বাস্তবায়ন করবে। সড়ক ও মহাসড়ক বিভাগের (RHD) ব্যবস্থাপনায় কক্সবাজার-টেকনাফ সড়ক, এন আই চৌধুরী সড়ক এবং ফলিয়াপাড়া সড়ক উন্নয়নের কাজও এই প্রকল্পে অন্তর্ভুক্ত রয়েছে। এডিবি এসব প্রকল্প ২০১৮-২০২১ সালের মধ্যে বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করেছে। প্রত্যাবাসনের নির্মিত টেকনাফে কেরনতলী ও নাইক্ষনছড়ীর ঘুনধুমে প্রত্যাবাসন কেন্দ্র স্থাপন করা হয়েছে।

ক্যাম্পের নিরাপত্তার স্বার্থে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অর্থায়নে ১৪৫ কি:মি: ব্যাপী কাঁটাতারের বেড়া নির্মাণের কাজ চলমান আছে।

ডবিউএফপি কর্তৃক ২০টি অস্থায়ী গুদাম নির্মাণ করা হয়েছে। আরো গুদাম নির্মাণের কাজ চলমান আছে। এডিবি'র অর্থায়নে ১৩টি স্থানে নতুন ৫০টি Food distribution Outlet নির্মাণ করা হবে। ক্যাম্পবহির্ভূত এলাকায় ১০টি প্রাথমিক বিদ্যালয়ে এডিবি'র সহায়তায় এলজিইডি'র ব্যবস্থাপনায় "সাইক্লোন আশ্রয় কেন্দ্র-কাম-প্রাথমিক বিদ্যালয়" স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে, যা আপদকালীন সময়ে রোহিঙ্গা এবং স্থানীয় বাঙ্গালি উভয়ের জন্য ব্যবহার করা হবে।

পল্লী বিদ্যুৎ সমিতির মাধ্যমে উখিয়ার কুতুপালং-বালুখালী নতুন ক্যাম্প এলাকায় প্রস্তাবিত ২০ কি.মি. লাইন নির্মাণের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। উল্লেখ্য, উল্লিখিত বিদ্যুৎ লাইন কেবল ক্যাম্প কার্যালয়সহ অন্যান্য প্রশাসনিক স্থাপনায় বিদ্যুৎ সংযোগের কাজে ব্যবহৃত হবে। বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা এবং এনজিওদের সহায়তায় সবক'টি ক্যাম্প এলাকায় এ পর্যন্ত ৬,৬৮৬টি সোলার স্ট্রিট লাইট স্থাপন করা হয়েছে। তা'ছাড়া, প্রায় সকল রোহিঙ্গা পরিবারকে ঘরে ব্যবহারের উপযোগি সোলার টর্চ লাইট সরবরাহ করা হয়েছে।

১৬.৭ শিক্ষা

আন্তর্জাতিক সংস্থাসমূহের তথ্যানুসারে ৫ লক্ষ ৩০ হাজার ছেলে-মেয়ের শিক্ষা সহায়তা প্রয়োজন। ইতোমধ্যে ৫,৪৯৫ টি শিক্ষা কেন্দ্র (Functional) স্থাপন ও ৯,৭২৭ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে এবং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১৪ বছরের কম বয়সী ৪,৩১,৮১৮ জন বালক-বালিকাকে এসব শিক্ষা কেন্দ্রে মিয়ানমার ও ইংরেজী ভাষায় অনানুষ্ঠানিক শিক্ষা প্রদান করা হচ্ছে। ১,৫১৭টি শিক্ষা কেন্দ্রের জন্য পরিচালনা কমিটি গঠন ও কার্যকর করা হয়েছে। এ পর্যন্ত শিক্ষার্থী ও শিক্ষক মিলিয়ে ১,৭১,১০১ জনকে শিক্ষাসহায়ক কিট সরবরাহ করা হয়েছে। নতুন শিক্ষা কেন্দ্র স্থাপন ও শিক্ষাসহায়ক কিট সরবরাহ কার্যক্রম অব্যাহত আছে।

১৬.৮ পুষ্টিমান উন্নয়ন

আন্তর্জাতিক সংস্থাসমূহের তথ্যানুসারে নতুন ৩০টি ক্যাম্পে বর্তমানে ৩১৮,৭৭৮ জন রোহিঙ্গা অপুষ্টিজনিত সমস্যায় আক্রান্ত। এর মধ্যে ১৪২,৮২৩ জনকে (৪৫%) পুষ্টিসেবা প্রদান করা হয়েছে। অপুষ্টিজনিত সমস্যায় আক্রান্তদের অধিকাংশই শিশু ও গর্ভবতী মহিলা। এ পর্যন্ত ১২,৬৬৮ জন শিশু ভর্তি হয়েছে পুষ্টিজনিত সমস্যা নিয়ে। অনুর্ধ্ব ৫ বছরের ১৩৬,৮৮২ জন শিশুকে তীব্র অপুষ্টি রোধকল্পে ব্যাংকেট সাপ্লিমেন্টারী ফিডিং প্রোগ্রামের আওতায় আনা হয়েছে। গর্ভবতী ও প্রাপ্ত বয়স্ক মোট ৮৩,১৪৫ জন মহিলাকে পুষ্টিজনিত সেবা প্রদান করা হয়েছে।

১৬.৯ পরিবেশ সংরক্ষণ ও বিকল্প জ্বালানী

আশ্রয় গ্রহণকারীদের রান্নার জন্য বিকল্প জ্বালানীর ব্যবস্থা না থাকায় শুরু থেকেই ক্যাম্প সংলগ্ন বনভূমির ওপর চাপ পড়ে। বন থেকে সংগৃহীত জ্বালানী কাঠের উপর নির্ভরশীলতা হ্রাস এবং নিকটস্থ বনভূমির উপর চাপ কমাতে জ্বালানী সাশ্রয়ী চুলাসহ প্রথম দিকে ধানের তুষ দিয়ে তৈরী Compressed Rice Husk সরবরাহের উদ্যোগ গ্রহণ করা হয়।

ইতোমধ্যে ১,৯২,৫৪৭টি রোহিঙ্গা পরিবার ও ২০,০৫৩টি স্থানীয় পরিবারকে LPG (এলপিজি) সরবরাহ করা হয়েছে। ইউএনএইচসিআর, আইওএম ডাবিউএফপি, আইসিআরসি, আইএফআরসি, কারিতাস, এফএকিউ, এফআইভিডিবি এলপিজি সরবরাহ করছে। সরবরাহকৃত এলপিজি'র ২৫% হোষ্ট কমিউনিটিকে দেয়া হয়।

বিভিন্ন এনজিও বৃক্ষরোপন কার্যক্রমের মাধ্যমে ক্যাম্পসমূহে গত বর্ষা মৌসুমে সর্বমোট ২,০৪,৩০০টি বৃক্ষ রোপন করেছে। এ বছরের বর্ষা মৌসুমে ৫ লক্ষ বৃক্ষ রোপনের লক্ষ্য স্থির করা হয়েছে। ২০১৮ সালে ক্যাম্প এলাকায় ২,৯০,০০০ টি, ২০১৯ সালে ৩,৮০,০০০ টি, ২০২০ সালে ৬,৯০,০০০ টি গাছ লাগানো হয়েছে, ২০২১ সালে ৫,৩০,০০০ টি গাছ লাগানোর হয়েছে। তাছাড়া, ব্র্যাক ও কারিতাস ২১ লক্ষ বিন্না ঘাসের চারা বিতরণ করেছে। এফএও ৫টি বৃহৎ এলাকায় প্রদর্শনীমূলক বৃক্ষরোপন এর ব্যবস্থা করেছে। এফএও'র সহায়তায় আরণ্যক ফাউন্ডেশন ৯টি ও বন বিভাগ ৮টি নার্সারি সৃজন করেছে। এফএও ৫০ হাজার পরিবারের মধ্যে Micro-gardening kit বিতরণ করেছে। স্থানীয় কৃষক সমিতিকে ১২২টি পাওয়ার টিলারও বিতরণ করা হয়েছে।

হাতির বিচরণ ও চলাচলের পথ সংকুচিত হয়ে পড়ায় উখিয়ার কুতুপালং-বালুখালী ক্যাম্প এলাকায় এ পর্যন্ত বন্য হাতির আক্রমণের ৫টি ঘটনা ঘটেছে। ভবিষ্যতে এ ধরণের ঘটনা পুনরাবৃত্তি রোধকল্পে হাতির চলাচলের পথ নির্দিষ্টকরণের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য ইউএনএইচসিআর এর আর্থিক সহায়তায় আইইউসিএন (International Union for Conservation of Nature) কাজ শুরু করেছে। ইতোমধ্যেই ৫০টি ERT কমিটি গঠন করা হয়েছে।

১৬.১০ দুর্যোগ ঝুঁকি হ্রাস ও ব্যবস্থাপনা

(ক) ইউএনএইচসিআর এর অর্থায়নে Asian Disaster Preparedness Centre (ADPC) ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে সম্ভাব্য ভূমিধস ও পাহাড়ী ঢলে আক্রান্ত হতে পারে এমন এলাকা চিহ্নিত করা হয়েছে। Cyclone Preparedness Programme (CPP)-কে আইওএম ও ইউএনএইচসিআরসহ বিভিন্ন সংস্থার সমন্বয়ে গঠিত দুর্যোগ মোকাবেলা সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপের অন্তর্ভুক্ত করা হয়েছে। সম্ভাব্য ঘুর্ণিঝড় হতে রক্ষার উদ্দেশ্যে ইতোমধ্যে নির্মিত অস্থায়ী শেল্টারসমূহকে মজবুত করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ঝুর্কিপূর্ণ হিসেবে চিহ্নিত মোট ১,৯০,৯২৬টি শেল্টারের জন্য মজবুতিকরণ সামগ্রী সরবরাহ করা হয়েছে। এ পর্যন্ত ১, ৩, ৪, ৫, ৭, ৮, ৯, ১০, ১২, ১৪, ১৫, ১৬ ও ১৮ নং ক্যাম্প হতে ১১,০৯৭ পরিবারের মোট ৪৮,৬৪৬ জনকে সম্প্রসারণশীল ৪, ৫, ৬, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ২০, নং ক্যাম্পে স্থানান্তর করা হয়েছে।

সিপিপি (Cyclone Preparedness Programme)-কে আইওএম ও ইউএনএইচসিআরসহ বিভিন্ন সংস্থার সমন্বয়ে গঠিত দুর্যোগ মোকাবেলা সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপের অন্তর্ভুক্ত করা হয়েছে। সিপিপি'র সহায়তায় প্রতিটি ক্যাম্পে দূর্যোগ মোকাবেলা কার্যক্রমে সহায়তা প্রদানের জন্য স্বেচ্ছাসেবক দল গঠন এবং তাদের প্রশিক্ষণ প্রদান ও সরঞ্জাম সরবরাহ করা হয়েছে। সম্ভাব্য ঘুর্ণিঝড় হতে রক্ষার উদ্দেশ্যে ইতোমধ্যে নির্মিত অস্থায়ী শেল্টারসমূহকে মজবুত করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ঝুর্কিপূর্ণ হিসেবে চিহ্নিত মোট ১৯০,৯২৬টি শেল্টারের জন্য মজবুতিকরণ সামগ্রী সরবরাহ করা হয়েছে।

১৬.১১ প্রত্যাবাসন প্রস্তুতি

কক্সবাজার জেলার টেকনাফ উপজেলার কেরণতলী ও বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমঘুমে দু'টি প্রত্যাবাসন কেন্দ্র নির্মাণ সম্পন্ন হয়েছে। আরো ২টি স্থানে প্রত্যাবাসন কাঠামো নির্মাণের প্রস্তুতি চলমান আছে। জেলা প্রশাসনের নিকট এ জন্য প্রয়োজনীয় ভূমি বরাদ্দের আবেদন করা হয়েছে।

কক্সবাজারে আশ্রয়গ্রহণকারী মিয়ানমার নাগরিকদের প্রত্যাবাসনের লক্ষ্যে সম্মত ভেরিফিকেশন ফর্ম অনুযায়ী তথ্য সংগ্রহ কার্যক্রম ২৪/০৬/২০১৮ তারিখে শুরু ২৩/১২/২০১৯ তারিখে সম্পন্ন হয়েছে। মোট ১,৭৯,০০৬ পরিবারের ৮,১৭,০৪৭ জনের তথ্য সংগ্রহ সম্পন্ন হয়েছে।

১ লক্ষ রোহিঙ্গাকে কক্সবাজার হতে নোয়াখালী জেলার ভাসানচরে স্থানান্তরের জন্য গৃহীত কার্যক্রম

নিজ দেশে নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের পূর্বে কক্সবাজারে ঝুঁকিপূর্ণভাবে বসবাসরত ০১ লক্ষ রোহিঙ্গাকে ভাসানচরে বাংলাদেশ সরকারের অর্থায়নে বাংলাদেশ নৌবাহিনীর মাধ্যমে প্রায় ৩০০০ কোটি টাকা ব্যয়ে নির্মিত আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত আশ্রয়কেন্দ্রে স্থানান্তরের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় ভাসানচরে মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনার ব্যবস্থা নেয়া হয়েছে। সেখানে ১২০ টি ক্লাস্টারে সকল সুযোগসুবিধা সম্বলিত ১ লক্ষ লোকের বাসস্থান এবং ১২০টি ৪ তলা বিশিষ্ট বহুমুখী সাইক্লোন শেল্টার নির্মাণ করা হয়েছে। যোগাযোগ, অবকাঠামো সুবিধার পাশাপাশি সেখানে রয়েছে জীবিকায়নের ব্যবস্থা।

ভাসান চরে নির্মিত একটি ক্লাস্টার

ভাসানচরে নির্মিত একটি সাইক্লোন শেল্টার

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সংকট মোকাবিলায় জাতিসংঘ সাধারণ পরিষদ অধিবেশনে বিশ্ববাসীর দৃষ্টি আকর্ষণ করেন

রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধান ও প্রত্যাবাসন :

মায়ানমারের সাথে ২০১৭ ও ২০১৮ সালে রোহিঙ্গাদের প্রত্যাবাসন বিষয়ে দুটি দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তি অনুসারে বাংলাদেশের পক্ষ থেকে রোহিঙ্গাদের তালিকা হস্তান্তরসহ সকল ব্যবস্থা করা সত্ত্বেও মিয়ানমার পক্ষ প্রত্যাবাসনের জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টিতে কোন ব্যবস্থা গ্রহণ করে নাই। বিভিন্ন অজুহাতে তারা প্রত্যাবাসনকে বিলম্বিত করছে। মিয়ানমারের সাথে দ্বিপাক্ষিকভাবে এ সমস্যা সমাধানের প্রচেষ্টার পাশাপাশি রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধানের লক্ষে মিয়ানমারের উপর চাপ সৃষ্টির জন্য জাতিসংঘসহ আন্তর্জাতিক অঙ্গনের সকল পর্যায়ে বাংলাদেশ কাজ করে যাচ্ছে।

রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধানের লক্ষ্যে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সাধারণ পরিষদের ৭২তম, ৭৩তম ও ৭৪তম অধিবেশনে রাখাইন রাজ্যে সহিংসতা ও জাতিগত নিধন বন্ধ করা, সকল নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করা, রোহিঙ্গাদের নিজ বাড়িতে স্থায়ীভাবে প্রত্যাবর্তন, আনান কমিশন রিপোর্ট বাস্তবায়ন ও জাতিসংঘের তদন্তদল প্রেরণ, রোহিঙ্গাদের বিরুদ্ধে বৈষম্যমূলক আইন বিলোপ, তাদের নাগরিকত্ব প্রদানের উপায় নির্ধারণ, রোহিঙ্গাদের বিরুদ্ধে নৈরাজ্য সৃষ্টিকারীদের বিচারের মুখোমুখি করার প্রস্তাবসহ রোহিঙ্গাদের নিজ দেশে ফিরিয়ে মুল ধারায় অন্তর্ভুক্তকরণে আবশ্যিকভাবে মিয়ানমারে রাজনৈতিক সদিচ্ছার ঘোষণা, বৈষম্যমূলক আইন বিলোপের মাধ্যেমে আবশ্যিকভাবে রোহিঙ্গাদের মধ্যে আস্থা তৈরি, তাঁদের নিরাপত্তা ও সুরক্ষার জন্য নিশ্চয়তা বিধানে আন্তর্জাতিক সম্প্রদায়ের তত্ত্বাবধান এবং এই সমস্যার স্থায়ী সমাধানের জন্য দাবী পেশ করেন।

"তারা মানুষ, আমরা তাদের ধাক্কা দিয়ে
বের করে দিতে পারিনা।"

- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

রোহিঙ্গা সংকটে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অসামান্য মানবিকতার স্বীকৃতি স্বরূপ আন্তর্জাতিক গণমাধ্যম কর্তৃক তাঁকে Mother of Humanity উপাধিতে আখ্যায়িত করা হয়েছে। নেতৃত্ব, মানবিকতা ও সুবিবেচনাপ্রসূত নীতি গ্রহণের জন্য তিনি মর্যাদাপূর্ণ দুটি আন্তর্জাতিক পুরস্কারে ভূষিত হন এগুলো হলঃ

Inter Press Service (IPS) International Achievement Award and 2018 Special Distinction Award for Leadership

অসহায় নির্যাতিত মিয়ানমারের সংখ্যালঘু মুসলিম রোহিঙ্গা জনগোষ্ঠীর জীবন রক্ষার্থে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাহসী, দূরদর্শী ও মানবিক পদক্ষেপকে সারা বিশ্ব সশ্রদ্ধ চিত্তে সমর্থন জানায়। তাঁর এই মানবিক সিদ্ধান্ত সম্পর্কে সুপ্রাচীন ও বিখ্যাত Diplomat Magazine এর মূল্যায়ন ছিল "Sheikh Hasina, leader of the highly densely populated developing country demonstrated a unique example of an altruistic gesture". ২০১৭ সালের সেপ্টেম্বরে IOM Chief Antonio Vitorino, UNHCR Chief Fillippo Grandi, WFP Chief Mark Lowcock প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে সাক্ষাৎ করে রোহিঙ্গাদের সংকট মোকাবেলায় তাঁর বিপুল ও আন্তরিক প্রচেষ্টার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। UNHCR Chief Fillippo Grandi বলেন, I thanked Sheikh Hasina and I thank Bangladesh to receive these refugees, in today's world that is something that cannot be taken for granted and should be appreciated.

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কক্সবাজারে রোহিঙ্গা শরণার্থী ক্যাম্প পরিদর্শনকালে
শরণার্থীদের খোঁজখবর নিচ্ছেন ও সহানুভূতি প্রকাশ করছেন

এ প্রসঙ্গে বিভিন্ন সময়ে বিশ্বের বিভিন্ন দেশের নেতৃস্থানীয় ব্যাক্তিবর্গ, সিভিল সোসাইটির সদস্য, রাষ্ট্রদূতগণ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্ব ও সিদ্ধান্তের প্রতি সমর্থন ব্যক্ত করে উচ্ছসিত প্রশংসা করেন। যেমন কানাডার Prime Minister Justin Trudeau বলেন,"Prime Minister Sheikh Hasina has been showing an outstanding leadership in handling the Rohingya Refugee, Common Wealth leaders must support her". UN Secretary General Antonio Gutererres লক্ষ লক্ষ রোহিঙ্গাকে আশ্রয়দানের জন্য ("for giving a safe haven to hundreds of thousands of Rohingya") মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের প্রশংসা করে ধন্যবাদ জানান। "স্বাধীনতার পর থেকে উন্নয়ন ও এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে বাংলাদেশের প্রচেষ্টাকে বিশেষভাবে বর্ণনা করে জাতিসংঘের মহাসচিব এ্যন্তোনিয় গুতেরেস বলেন "Example that many other can follow"

"আমরা যদি ১৬ কোটি মানুষকে খাওয়াতে পারি,
আমরা ১০ লক্ষ রোহিঙ্গাকেও খাওয়াতে পারবো।
প্রয়োজনে খাবার ভাগ করে খাব।"

- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

"আমরা প্রতিবেশী দেশের (মায়ানমার) সাথে শান্তি ও সুসম্পর্ক বজায় রাখতে চাই; কিন্তু অন্যায় কাজ মেনে নিতে পারি না।"

- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

জাতিসংঘের মহাসচিব জনাব আন্তোনিয় গুতেরেস মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে সাক্ষাৎ করেন।

জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব ও দুর্যোগ মোকাবিলায় সফল রাষ্ট্রনায়ক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাফল্যকে বিশ্ব নেতৃবৃন্দ অনুকরণীয় দৃষ্টান্ত হিসেবে আখ্যায়িত করেছেন। রোহিঙ্গা সংকটকে জাতিসংঘ "লেভেল-৩" পর্যায়ের বিপর্যয় হিসেবে চিহ্নিত করলেও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের সুদক্ষ ব্যবস্থাপনায় বিশেষ পদক্ষেপের মাধ্যমে সাইক্লোন ও ভূমিধ্বসপ্রবন কক্সবাজারে ঘনবসতিপূর্ণভাবে বসবাসরত রোহিঙ্গাদের এ ধরণের সকল দূর্যোগ থেকে সুরক্ষা দেয়া সম্ভব হয়েছে। দূর্যোগ দুর্বিপাকে কোন রোহিঙ্গার প্রাণহানি ঘটেনি। রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনকালে রোহিঙ্গাদের জন্য মানবিক সহায়তার প্রশংসা করার পাশাপাশি দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের বিরুপ মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের সাফল্য বর্ণনা করে জাতিসংঘের মহাসচিব (সাবেক) বান কি মুন বলেন Bangladesh has been wisely investing with a vision of Prime Minister Sheikh Hasina. That is why we are here to learn the lessons from Bangladesh and to disseminate their message to the world far and wide. বিশ্ব গণমাধ্যম ও গবেষণা পত্রগুলোতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ মানবিক সহায়তা ব্যবস্থাপনা, শান্তি ও আঞ্চলিক স্থিতিশীলতা রক্ষায় কূটনৈতিক দক্ষতা এবং অনন্য উচ্চতার রাষ্ট্রনায়োকচিত ভূমিকার ভূয়সী প্রশংসা করা হয়েছে। যুক্তরাজ্য ভিত্তিক সুপ্রসিদ্ধ গণমাধ্যম Channel 4 news মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে "The Mother of Humanity" হিসেবে আখ্যায়িত করেছে, মধ্যপ্রাচ্যভিত্তিক বিখ্যাত সংবাদ মাধ্যম "Khaleej Times" রোহিঙ্গা সঙ্কট মোকাবিলায় বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূমিকা মূল্যয়ন করে লিখেছে Bangladesh Prime minister is the new star of east ...expression has no better hero than her.

শোকবার্তা

মরহুম আবুল খায়ের মোঃ মারুফ হাসান

প্রকল্প পরিচালক এনআরপি প্রকল্প এবং উপসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জনাব আবুল খায়ের মোঃ মারুফ হাসান গত ১৫-০৪-২০২১ তারিখ করোনাভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। তাঁর অকাল মৃত্যুতে আমরা গভীর শোক প্রকাশ করছি। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে মরহুমের আত্মার মাগফেরাত কামনা করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।

দুর্যোগের আগাম বার্তা পেতে ডায়াল করুন
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের
টোল ফ্রি ১০৯০ নম্বরে

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার